ধর্মপূজাবিধিবিধান : পুথিভিত্তিক সম্পাদনা ও আলোচনা

পিএইচ.ডি (কলা অনুষদ) উপাধি লাভের জন্য উপস্থাপিত গবেষণা সন্দর্ভ

শোহিনি ভট্টাচার্য

[রেজিস্ট্রেশন নম্বর- A00BE0100114]

তারিখ- ১১.০৭.২০১৪

তত্ত্বাবধায়ক

অধ্যাপক ড. অচিন্ত্য বিশ্বাস

বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়

কোলকাতা-৭০০০৩২

২০২১

Certificate

Certified that the thesis entitled **ধর্মপূজাবিধিবিধান : পুথিভিত্তিক সম্পাদনা ও আলোচনা** submitted by me for the award of the degree of Doctor of Philosophy in Arts (Bengali) in Jadavpur University is based upon my work carried out under the supervision of Prof. Achintya Biswas, Professor, Department of Bengali, Jadavpur University.

Neither this thesis nor any part of it has been submitted before for any degree or diploma anywhere/elsewhere.

SOHINI BHATTACHARYA
Registration No: A00BE0100114
Date of Registration: 11/07/2014

Countersigned

Prof. Achintya Biswas

Supervisor
Professor
Department of Bengali
Jadavpur University
Kolkata- 700032

কৃতজ্ঞতা স্বীকার

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর স্তরে প্রাচীন ও মধ্যযুগ বিশেষপত্র নিয়ে পড়ার সুবাদে লিপিকা পুথিশালায় তৈরি হয় আমার অবাধ গতায়াত। সেখানেই পুথি সংরক্ষণের কাজ শেখা হাতে-কলমে শুরু। সংগ্রহশালার প্রবীণ তত্ত্বাবধায়ক ড. অশোক রথের সাহচর্যে পুথির সঙ্গে আমার প্রথম আলাপ। কতো গাছের ছালে, পাতায়, কাগজে, কতোই না তুলিতে, কলমে নানান রকমের কালি দিয়ে আঁকজোক-নানান ইঙ্গিতে, হরেকরকমের আঁচড় কাটার কতোই না বাঙময় প্রয়াস! নিজেকে প্রকাশের উদগ্র আকাঙ্ক্ষায় নিঃশব্দ ইঙ্গিতে দু-হাত বাড়িয়ে সেই সুপ্রাচীন পুথিগুলি সেদিন আমাকে ডেকেছিল। দু'চোখ ভরা বিস্ময় আর রোমাঞ্চ নিয়ে ভেবেছিলাম, তাদের অপ্রকাশের যন্ত্রণা মেটানোর কিঞ্চিৎ চেষ্টাও যদি ভবিষ্যতে করা যায়! আজ আমি সেই স্বপ্নপূরণের দ্বারপ্রান্তে।

গবেষণার প্রকল্প হিসেবে পুথি সম্পাদনার মতো দুঃসাহসিক কাজে ব্রতী হয়ে যাঁর পথপ্রদর্শনে আমার প্রতিটি পদক্ষেপ এগিয়ে চলা, তিনি আমার গবেষণার তত্ত্বাবধায়ক পুথি-প্রত্ন-পণ্ডিত, পরম শ্রদ্ধেয় অধ্যাপক ড. অচিন্ত্য বিশ্বাস। পুথিপাঠ ও তার নানান পদ্ধতি-প্রকরণ শিক্ষা সবকিছুই তাঁর হাতে ধরে শেখানো; তাঁর নির্দেশনা, স্নেহ, শাসন ও সুচিন্তিত পরামর্শদানেই এ কাজ সুসম্পন্ন হয়েছে। গুরুঋণ অপরিশোধ্য । তাঁর চরম অসুস্থতা সত্ত্বেও নানান সময়ে আমার দৌরাত্ম্য যিনি সহাস্যে সহ্য করেছেন, তিনি গুরু-পত্নী শ্রদ্ধেয়া কৃষ্ণা বসু রায়। আভূমি প্রণিপাত দু'জনকেই।

কৈশোরের সুপ্ত ইচ্ছাকে বাস্তবায়িত করার লক্ষ্যে, স্নাতকোত্তর উত্তীর্ণ হয়ে মফঃস্বল থেকে এসে পা রেখেছিলাম কোলকাতায়; যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধীনে Manuscriptology & Paleography বিষয়ক পাঠচর্চায় যোগদানের সূত্রে। পাশাপাশি জাতীয় পাণ্ডুলিপি মিশন (National Mission For Manuscripts) থেকে সরাসরি প্রশিক্ষণ নেওয়ার সৌভাগ্যও ঘটে যায় বেশ কিছুদিনের জন্য। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে গবেষক হিসেবে নির্বাচনের প্রথম ধাপেই আমার স্বপ্নপূরণের চাবিকাঠিটি হাতে তুলে দিয়েছিলেন তৎকালীন বিভাগীয় প্রধান অধ্যাপক ড. উদয়কুমার চক্রবর্তী। প্রাগাধুনিক বাংলা সাহিত্যচর্চায় পুথিপাঠের অবদমিত মনোবাসনাটির সন্ধান পেয়েছিলেন তিনিই, তাঁর কাছে আমার ঋণ অকুণ্ঠ। সাম্প্রতিক প্রজন্মের ছাত্রছাত্রীর কাছে পুথিপাঠ বা সম্পাদনাকর্ম বিশেষ আগ্রহের বিষয় না হওয়ায় এ বিষয়ে উচ্চস্তরীয় গবেষণার নিদর্শনও বিরলপ্রায়। এর অন্য কারণ

অবশ্যই ধৈর্য, স্থৈর্য, অধ্যবসায়, নিষ্ঠা ও পরিশ্রমসাধ্য পাঠোদ্ধার এবং সংশ্লিষ্ট পুথিশালায় কর্তৃপক্ষের অনুমতি সংগ্রহ বিষয়ে নানান প্রতিবন্ধকতা। বলা বাহুল্য, এহেন অভিজ্ঞতা আমারও হয়েছে। যে মাতৃ-প্রতিষ্ঠানে আমার পুথির সঙ্গে প্রথম আলাপ, শেষপর্যন্ত সেখানেই পেয়েছি পুথি সম্পাদনার অনুমোদন। এ আমার পরম প্রাপ্তি।

কৃতজ্ঞতা জানাই, বিশ্বভারতী রবীন্দ্রভবনের তদানীন্তন অধ্যক্ষ, প্রাধিকারিক এবং লিপিকা পুথিশালার সংরক্ষককে; আমার গবেষণাকর্মে পুথি ব্যবহারের সুযোগটি যাঁদের বদান্যতায় সম্ভবপর হয়েছে। প্রয়োজনীয় পুথির পাঠ ও ছবির জন্য ছাড়পত্রের সুব্যবস্থা করে দিয়েছেন যাঁরা, তাঁদের প্রতি রইলো বিনম্র শ্রদ্ধা। এছাড়াও বিশ্বভারতী কেন্দ্রীয় গ্রন্থাগার, কলকাতা জাতীয় গ্রন্থাগার, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার এবং বাংলা বিভাগীয় গ্রন্থাগার, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, এশিয়াটিক সোসাইটি এবং আমার কর্মক্ষেত্র বেথুন মহাবিদ্যালয়ের ঐতিহ্যপূর্ণ লাইব্রেরির প্রতিষ্ঠানকর্মীদের কাছে থেকে গেলো অনিঃশেষ ঋণ। সকৃতজ্ঞ শ্রদ্ধা জানাই, আমার গবেষণার মুদ্রালেখকর্মীদের।

যাঁদের উৎসাহ এবং সাহচর্য না পেলে পুরাতন লিপির পাঠোদ্ধার পর্বটি কর্মজীবনের পাশাপাশি এগিয়ে নিয়ে চলা সম্ভব হতো না, আন্তরিক ধন্যযোগ বেথুন মহাবিদ্যালয়ের বাংলা বিভাগের সেই সহকর্মীদের।

যাঁর সুচিন্তিত পরামর্শ, নির্দেশ, অফুরান উৎসাহ, ও প্রেরণা আমার পাথেয় হয়ে থেকে গেলো, তিনি আমার স্বামী অরূপ মহাপাত্র; কণ্টকাকীর্ণ প্রতিকূল পথকে যিনি সাধ্যমতো করে তোলার চেষ্টা করেছেন কুসুমাস্তীর্ণ। আমার অনুজপ্রতিম সতীর্থ গবেষক মুগ্ধ মজুমদার যেকোনো সমস্যায় করে গেছে অকৃপণ সাহায্য। যাঁর জীবনের স্বপ্নের বাস্তবায়ন আমার এই সন্দর্ভ, তিনি আমার মা পারমিতা ভট্টাচার্য। গবেষণা এগিয়ে নিয়ে চলার পথে নিরন্তর আশীর্বাদ, অনুপ্রেরণা এবং উৎসাহদান করেছেন বাবা ড. দিনেন্দ্রনাথ ভট্টাচার্য। পারিবারিক ক্ষেত্রে আমায় দায়িত্বমুক্ত করার নিরন্তর চেষ্টা করেছেন আমার বৈবাহিক সূত্রে পাওয়া আর এক বাবা-মা, এ নিশ্চিত আমার পূর্বার্জিত কর্মফল। পরিশেষে, আমার সকল অভিভাবক ও শুভানুধ্যায়ীদের প্রতি রইলো সশ্রদ্ধ প্রণতি।

বিনীত গবেষক

অধ্যায় সূচি-

বিষয়		*পৃষ্ঠাঙ্ক*
কথামুখ		১-২
প্রথম অধ্যায়-	ধর্মঠাকুর, ধর্মপূজা ও পূজক-সম্প্রদায়	৩-১৫
দ্বিতীয় অধ্যায়-	প্রাপ্ত পুথি-সম্বন্ধীয় বিশেষ তথ্যবিচার ও কবিপরিচয়	১৬-২৫
তৃতীয় অধ্যায়-	শ্রীধর্মপুরাণের কাব্য-কথায় রামাই, ময়ূরভট্ট ও অন্যান্য কবির ভূমিকা	২৬-৪৫
চতুর্থ অধ্যায়-	প্রাপ্ত পুথির বিভিন্ন উপকথা	৪৬-৫৮
পঞ্চম অধ্যায়-	পুথি-পাঠ ও সম্পাদনা	৫৯-২২২
ষষ্ঠ অধ্যায়-	সম্পাদিত পাঠে প্রাপ্ত নতুন তথ্য	২২৩-২৩৬
সপ্তম অধ্যায়-	গবেষণার মূল নির্যাস	২৩৭-২৪৩
অষ্টম অধ্যায়-	অপরিচিত শব্দ ও তার অর্থসূচি	২৪৪-২৪৮
চিত্রসূচি		২৪৯
আকরপঞ্জি		২৫০-২৫৪

কথামুখ

কথামুখ

মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী সর্বপ্রথম শূন্যপুরাণের পুথি পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার বিষ্ণুপুরের নিকটবর্তী ময়নাপুর গ্রাম থেকে আবিষ্কার করেছিলেন। ১৩০৩সালে তিনি এই গ্রন্থের বিষয়ে সকলের দৃষ্টি-আকর্ষণ করেন। পুথিখানির নামকরণ তিনি করেছিলেন 'রমাই পণ্ডিতের পদ্ধতি'। তাঁর আবিষ্কৃত এই পুথিটিকে সামনে রেখে মাঘ, ১৩১৪বঙ্গাব্দে সর্বপ্রথম সম্পাদনা করেন প্রাচ্যবিদ্যামহার্ণব শ্রীনগেন্দ্রনাথ বসু আর সম্পাদিত গ্রন্থরূপটির নাম তিনি দেন 'শূন্য-পুরাণ'। যদিও কবি স্বয়ং পুথিমধ্যে তাঁর কাব্যটিকে 'আগমপুরাণ' নামে চিহ্নিত করেছিলেন, কিন্তু নিরঞ্জন ধর্মঠাকুরের বন্দনাগান মূলত শূন্যবাদের ওপর প্রতিষ্ঠিত বলে নগেন্দ্রনাথ-প্রদত্ত গ্রন্থনামটিই কালক্রমে সর্বজনসমাদৃত হয়ে ওঠে। নিগম হলো বেদশাস্ত্র আর আগম তন্ত্রশাস্ত্র। অতএব, শূন্য-পুরাণকে এককথায় বলা যায় বৌদ্ধতন্ত্রের পুরাণ।

'শূন্য-পুরাণ' মূলত শ্রীধর্মরাজের পূজাপদ্ধতির আকরগ্রন্থ হিসেবেই পরিচিত; ধর্মপূজার্চনার আদিগুরু রামাই পণ্ডিত এর প্রণেতা। বঙ্গে বৌদ্ধধর্মের প্রভাব ক্ষীণ হয়ে পড়লে বৌদ্ধধর্মের মহিমা পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য ধর্মপণ্ডিত রামাই তৎপর হয়েছিলেন। যদিও পণ্ডিতমহলে এ নিয়ে সংশয়ের অন্ত নেই যে, শূন্যপুরাণের রচয়িতা রমাই পণ্ডিত এবং ধর্মপূজাবিধিবিধানের রচয়িতা রামাই পণ্ডিত আদৌ একই ব্যক্তি কিনা। অনেকের মতে আবার 'ধর্ম্মপূজা-বিধান' রামাই-এর দ্বিতীয় রচনা, যেটি পরবর্তীকালে, ১৩২০বঙ্গাব্দে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায়-এর সম্পাদনায় বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ থেকে প্রকাশ পেয়েছিল [এশিয়াটিক সোসাইটিতে সংরক্ষিত, তালপাতার পুথি, নং৫৩৩৮]। শূন্যমূর্তি নিরঞ্জন ধর্মঠাকুরের মহিমা প্রকাশই রামাইয়ের গ্রন্থরচনার উদ্দেশ্য ছিল; শ্রীধর্মের বিশ্বসৃষ্টি-প্রবর্তন বৃত্তান্ত দিয়ে এই গ্রন্থের সূচনা এবং 'যবন'-অবতাররূপে আবির্ভূত হয়ে সদ্ধর্মী-বৌদ্ধদের রক্ষার বিবরণ তথা 'শ্রীনিরঞ্জনের উষ্মা' দিয়ে গ্রন্থের পরিসমাপ্তি।

আমাদের গবেষণায় সম্পাদনার কাজে ব্যবহৃত মূল পুথিটির [বিশ্ব.১২৯সংখ্যক] বিষয়বস্তুর দিকে চোখ রাখলে দেখা যায়- সৃষ্টিপত্তন, বারোমাসি, শূন্যবাদ, ব্রহ্মজ্ঞান সম্পর্কিত আলোচনা, সংজাত

পদ্ধতি, ধর্মপূজাবিধান, পুষ্পাঞ্জলি, হোম-যজ্ঞ, ধর্মপ্রণাম প্রভৃতি নানান ছোটো ছোটো পর্যায়ে ধর্ম-দর্শন ও পুরাণের ভাবসম্পদ এতে ব্যাখ্যাত হয়েছে আধা-সংস্কৃত ও আধা-বাংলাভাষায়। রাঢ়বঙ্গের সবচেয়ে জনপ্রিয় লৌকিক পুরুষ-দেবতার এই বন্দনাগীতিকে শুধুমাত্র মধ্যযুগীয় বাংলা মঙ্গলকাব্যের শাখা বলে বিচার করলেই চলবে না, এর মধ্যে নানান ধর্ম-উপধর্ম, ব্রত-কৃত্য, আচার-আচরণ মিলেমিশে একাকার হয়ে গেছে। এমনকি দৈবমাহাত্ম্য প্রচারের উদ্দেশে রয়েছে টুকরো কিছু উপাখ্যানও-হরিশ্চন্দ্রের পুত্রলাভ, মার্কণ্ডমুনির কুষ্ঠরোগমুক্তি, ধান্যের জন্ম, ছাগের জন্ম, পাসানসিংহের উপাখ্যান ইত্যাদি। প্রাপ্ত পুথিতে রামাই-এর জন্মবৃত্তান্ত বা তৎসংক্রান্ত গল্প-উপাদান অনুপস্থিত; পরিবর্তে রীতি-নিয়ম, বার-ব্রত, পূজা-পার্বণ ইত্যাদি নিয়ে এমনভাবে পদ্যগুলির সজ্জা, যেগুলি পুরাণকথা পাঠের মতোই ধর্মপূজার সময় আবৃত্তি করা যায়। আমাদের অনুমান, এ পুথি তাই 'শূন্য-পুরাণ' নয়, বরং ধর্মপূজাবিধিবিধান সংক্রান্ত।

রামাই পণ্ডিত এই পূজার আদি-পুরোহিত, তাঁর প্রবর্তিত বিশেষ পূজাবিধিই পরবর্তীতে তাঁর শিষ্যরা অনুসরণ করেছিলেন। কালান্তরে এই ধর্মপূজক-শিষ্যদের মুখে মুখে প্রচারিত নানান পাঁচালি বা ধর্মমাহাত্ম্যসূচক লৌকিক ছড়া পূজানুষ্ঠানের আনুষঙ্গিক হিসেবে ব্যবহৃত হতে হতে নানান সময়ে হয়তো হরিশ্চন্দ্র-আখ্যানের মতোই রামাই পণ্ডিতের নামে প্রচলিত হয়ে গেছে। কারণ শ্রীধর্মপুরাণের গঠনগত আলোচনায় বিদগ্ধ পণ্ডিতেরাও রচনাশৈলী, ভাষাভঙ্গির প্রয়োগ এবং কাব্যদেহ নির্মাণের বৈচিত্র্য পর্যবেক্ষণ করে রামাই পণ্ডিতের নামের আড়ালে একাধিক রচয়িতা ও ভিন্নকালের রচনারীতির সুস্পষ্ট নিদর্শন পেয়েছেন।

প্রথম অধ্যায় :

ধর্মঠাকুর, ধর্মপূজা ও পূজক-সম্প্রদায়

প্রথম অধ্যায়

ধর্মঠাকুর, ধর্মপূজা ও পূজক-সম্প্রদায়

বাংলা মঙ্গলকাব্যের ইতিহাসে রাঢ়বাংলার সবচেয়ে জনপ্রিয় লৌকিক পুরুষ দেবতাটির আসন পাতা হয়েছে অপেক্ষাকৃত পিছনের সারিতে। বলা বাহুল্য, ধর্মমঙ্গল-কাব্যের উদ্ভব, প্রচার এবং প্রসারের ব্যাপ্তিও মূলত পশ্চিমবঙ্গের রাঢ় অঞ্চলের স্বল্প পরিসরেই সীমায়িত। 'শূন্যপুরাণ' হলো এই ধর্মঠাকুরের পূজার্চনার শাস্ত্রগ্রন্থ- এর স্রষ্টা রামাই পণ্ডিত। মঙ্গলকাব্যের ইতিহাসকার আশুতোষবাবু শূন্যপুরাণকে কিন্তু কোনোভাবেই মঙ্গলকাব্যের মর্যাদা দিতে চান নি। তাঁর মতে-

"ইহা ধর্মপূজার নৈমিত্তিক অনুষ্ঠান 'গৃহভরণ'-এর পদ্ধতি মাত্র"[১]

প্রশ্ন জাগে, তাহলে শূন্যপুরাণ কি নিছকই কবি-কল্পনায় রঞ্জিত এক শূন্যমার্গের কাব্য! নাকি এই কাব্যের শিকড় আমাদের দেশকালের মাটির গভীরে সম্প্রসারিত- পশ্চিমবঙ্গের জল-হাওয়ায় পল্লবিত?

যে রাঢ়বঙ্গের জাতীয় মহাকাব্য বলতে আমরা ধর্মমঙ্গল কাব্যকে বুঝি, প্রথমেই দেখে নিই তার সুস্পষ্ট অঞ্চলসীমা ঠিক কতখানি। প্রাচীনকালে পূর্বে ভাগীরথী, উত্তরে ময়ূরাক্ষী, দক্ষিণে দামোদর ও পশ্চিমে ছোটনাগপুরের পার্বত্যভূমি---এই ভৌগোলিক পরিসীমায় বেষ্টিত ভূ-ভাগের নাম ছিল রাঢ়বঙ্গ। উত্তর রাঢ় এবং দক্ষিণ রাঢ় এই দুই নামে এর স্পষ্ট বিভাজনও ছিল। এই সুবিস্তৃত অঞ্চল পরবর্তীকালে হুগলি, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমা্ন, বীরভূম, পশ্চিম মেদিনীপুর, নদীয়া ও হাওড়ার কিছু অংশ, মুর্শিদাবাদের(কান্দি মহকুমা)ইত্যাদি বিভিন্ন জেলায় বিভক্ত হয়ে গেছে।

আমরা জানি, ধর্মঠাকুরের সুনির্দিষ্ট কোনও বিগ্রহরূপ নেই। পুরাণোক্ত এই ধর্মরাজ কখনও বৌদ্ধদেবতা ধম্ম, কখনও সূর্যদেবতা, কোথাও শিব, বিষ্ণু, যমরাজ অথবা মুসলমান ফকিরবেশে, কোথাও কূর্মপ্রতীকে, কোথাও নিছক শিলারূপে, কোথাও বা কাঁকড়াবিছে হিসেবেই এখনও পূজিত হয়ে চলেছেন। আবেস্তা-বেদ-পুরাণ, প্রাগার্য-অনার্য-বৈদিক ও তান্ত্রিক আর্য সংস্কৃতির নানান ধারার মধ্যে ইতিহাস-ভূগোলের দেশকাল ছাড়িয়ে নানান বেশে মিশ্রভাবে এঁকে খুঁজে পাওয়া যাবে। নিরাকার নিরঞ্জন

এই পরমপুরুষ যেমন নাথ-বাউল-সুফি সম্প্রদায়ের ধর্মপন্থের সঙ্গে একাত্ম হয়ে গেছেন, তেমনই তিনি চৈতন্যস্বরূপ পরমানন্দময় ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরের মিলিত সনাতন করুণাময় সত্তারূপে পূজিত। কাজেই, লৌকিক-পৌরাণিক-বৌদ্ধ-জৈন-শৈব-বৈষ্ণব এমনকি কিছু পরিমাণে ইসলামী সংমিশ্রণও ধর্মরাজের মধ্যে ঘটেছে। রাঢ়বঙ্গের এক এক জায়গায় তাঁর এক এক নাম; যেমন- বাঁকুড়ায় তিনি বাঁকুড়া রায়, কৌতুক রায় বা ক্ষুদি রায়। বীরভূমে তিনি বিনোদ রায়, তুলো রায় বা কেলে রায়। আবার বর্ধমানে তাঁর পরিচিতি কালা রায় বা খেলা রায় নামে। এছাড়াও মোহন রায়, যাত্রাসিদ্ধি রায়, শ্যাম রায়, বুড়া রায়...এমন কত কী স্থানীয় নাম তাঁর! এই 'রায়' শব্দটির উৎস সংস্কৃত রাজ-শব্দ, ধর্মরাজের উপাধিতে তাই এমন রাজকীয় শোভা।

এখন প্রশ্ন, কেন এই বিপুল জনপ্রিয়তা? ধর্মঠাকুর মানুষের কল্যাণসাধক, মঙ্গলময়। তিনি বৃষ্টির দেবতা, অতিবৃষ্টি ও অনাবৃষ্টির নিয়ন্তা হিসেবে তিনি আরাধ্য। কখনও বা তিনি শস্যেরও দেবতা। লোকবিশ্বাস ও অটল ভক্তির জোয়ারে নিঃসন্তান গ্রামবাসীরা যেমন তাঁর কাছে সন্তানকামনার মনোবাঞ্ছা জানায়, ঠিক তেমনই মৃতবৎসার সন্তাননাশ রোধ করার উদ্দেশ্যেও বহু মানুষ আশ্রয় খোঁজে তাঁর চরণে। পূর্বজন্ম বা ইহজন্মের কোনও কৃতকর্মের পাপে তিনিই কুষ্ঠরোগের অভিশাপ দেন বলে জনপ্রচার। তাই তাঁকে তুষ্ট করতে পারলেই ভক্তের পাপক্ষয় অনিবার্য। পশুবলি এই ধর্মপূজার অবিচ্ছেদ্য অঙ্গ। অভীষ্ট সিদ্ধির মানসে ছাগল, পায়রা, শুয়োর বা মুরগি স্থানভেদে মানসিক করে থাকেন ভক্তেরা। এভাবেই কুষ্ঠরোগ, চর্মরোগ বা চক্ষুরোগ জাতীয় নানান দুরারোগ্য ব্যাধির নিরাময়ের জন্য সরল বিশ্বাসে আজও ধর্মপূজার মানসিক করে থাকেন বহু মানুষ; ভক্তের ভাগ্যরক্ষা এবং রোগীর চিকিৎসা এই দুইয়ের দায়ভার সেখানে পরম নির্ভরতায় বর্তায় আরাধ্যের ওপরে। শূন্যপুরাণের পুথির প্রথম আবিষ্কর্তা মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এই বিষয়ে বাংলা ভাষায় লেখা তাঁর প্রথম প্রবন্ধটিতে দেখিয়েছিলেন-

> "বোড়াল হইতে যিনি আমরক্তের ঔষধ দেন তাঁহার নাম ক্ষুদি রায়, মেমারির পশ্চিমে যিনি পিত্তদোষের ঔষধ দেন তাঁহার নাম অচল রায়; মাণিক গাঙ্গুলি মহাশয়ের যিনি মুরুব্বি হইয়াছিলেন, তাঁহার নাম বাঁকুড়া রায়।"২

ধর্মঠাকুরের উপাসক হলেন মূলত রাঢ়ের অব্রাহ্মণ, অন্ত্যজ তথা ব্রাত্যজনেরা। ডোম-জেলে-বাগদি-বাউরি-মাল-মেটে প্রভৃতি সম্প্রদায়ের মানুষ বিশেষত ডোম জাতিভুক্তরা এর প্রধান পূজারি হয়ে থাকেন। পূর্বে এঁদের বলা হতো পণ্ডিত, পঁড়িত বা ধর্মপণ্ডিত; অনেকে আবার দেয়াসী বা দেবাংশী উপাধিতেও পরিচিত। ধর্মঠাকুরের বিশেষ পূজা-পদ্ধতি, আচার-আচরণ, ব্রত-মন্ত্র এঁদের একচ্ছত্র অধিগত বিষয়। যেসমস্ত গ্রামে ব্রাহ্মণদের প্রাধান্য, সেখানে বাৎসরিক পূজানুষ্ঠানের ক্ষেত্রে পরবর্তীকালে ব্রাহ্মণ পুরোহিতরা পুজোর অধিকার হয়তো বা পেয়েছেন, কিন্তু জাগ্রত দেবতার নামে তুকতাক, মাদুলি, ওষুধ ইত্যাদির আনুষঙ্গিক অধিকার থেকে তাঁরা চিরকালই বঞ্চিত। ব্রাহ্মণরা যেমন উপবীতধারী, তেমনই ধর্মরাজের এইসমস্ত ডোম-পূজারিরা হলেন তাম্রদীক্ষিত। এর অর্থ, বাহুতে তামার তাগা এবং এবং হাতে তামার আংটি ধারণ না করলে ধর্মঠাকুরের পূজার্চনায় পৌরোহিত্য করার অধিকার পাওয়া যায় না। রামাই পণ্ডিতের 'ধর্মপুজা-বিধিবিধান' হলো এইসব ধর্মপূজাপদ্ধতির আকরগ্রন্থ। রাঢ়বঙ্গের নিম্নবর্গীয় সমাজে এককালে এইসব পঁড়িত-রা ভয়াবহ কুষ্ঠরোগের চিকিৎসাও জানতেন, ফলে তাঁদের বিশেষ সমাদরও ছিল। ক্রমশ তাঁদের পাণ্ডিত্য ও চিকিৎসার সূত্রেই বিভিন্ন অঞ্চলে ধর্মরাজের মাহাত্ম্যও বৃদ্ধি পেতে থাকে। এভাবেই হয়তো তাঁদের বংশধরের হাত ধরে পরবর্তীকালে লাউসেন বা হরিশ্চন্দ্র-মদনার মতো ধর্মমঙ্গলের জনপ্রিয় কাহিনিগুলির জন্ম এবং প্রচার। পঁড়িত-বংশীয় উত্তরাধিকারীরাই ভবিষ্যতে হয়ে উঠেছেন ধর্ম-মাহাত্ম্যকথার কবি বা গায়েন।

মন্দিরে বা পারিবারিকভাবে প্রতিষ্ঠিত ধর্মশিলাকে নিত্যপুজোর প্রথা যেমন আছে, তেমনই বারোয়ারি ধর্মঠাকুরের মন্দিরেও সাড়ম্বরে জাঁকজমকপূর্ণভাবে বার্ষিক পুজো হয়ে থাকে। বার্ষিক অনুষ্ঠানের একটি প্রধান অঙ্গ হলো বিষুব সংক্রান্তির দিন চড়ক, সূর্যদেবকে প্রসন্ন করার এক রীতিবিশেষ। ধর্মরাজের পুজোকে কেন্দ্র করে কোথাও কোথাও আবার মেলাও বসে। চৈত্র-বৈশাখ-জ্যৈষ্ঠ কিংবা আষাঢ় মাসের পূর্ণিমা তিথিতে মূলত এরকম সাংবাৎসরিক ধর্মপূজা হয়ে থাকে। মোটামুটিভাবে চৈত্রসংক্রান্তি থেকেই গ্রামে গ্রামে ধর্মের গাজন উৎসব শুরু হয়ে যায়। আর রোগমুক্তি বা কোনও বিশেষ কারণে মানসিক পূরণের উদযাপন হিসেবে যখন ব্যক্তিগত উদ্যোগে 'ঘর-ভরা' বা 'গৃহভরণ' অনুষ্ঠান করে বারো দিন ধরে ধর্মশিলাকে পুজো করা হয়, সেখানে ধর্মমঙ্গলের গান পুজোর আবশ্যিক অঙ্গ বলে

মনে করা হয়। পরপর বারো দিনে মোট চব্বিশ টি পালায় বিভক্ত ধর্মমাহাত্ম্যকথার আখ্যান পরিবেশিত হয়। উন্মুক্ত স্থানে চাঁদোয়ার নিচে একত্রিত হয় শ্রোতারা; যন্ত্র-বাদ্য সহযোগে দোহার, গায়েন সকলে মিলে নেচে-গেয়ে, অঙ্গভঙ্গি করে আসরে ধর্মমঙ্গলের পালাগান পরিবেশন করেন বলে প্রচলিত।

ধর্মরাজের পুজোয় ডোমজাতির বিশেষ গুরুত্ব এইখানে যে, পৌরোহিত্যের কাজে পরবর্তীকালে ব্রাহ্মণদের অনুপ্রবেশ ঘটলেও, পূজার্চনার সঙ্গে সঙ্গে বাংলায় ছড়া কেটে কেটে যে মঙ্গলাচারগুলি করার প্রথা, লোকসংস্কৃতির সেই দিকগুলি ডোম পুরোহিত ছাড়া অন্য কারোর পক্ষে জানা সম্ভব নয়। সাম্প্রদায়িক সঙ্কীর্ণতার বেড়াজাল ভেঙে পূজানুষ্ঠানে সমান্তরালভাবে ব্রাহ্মণ ও ডোম পুরোহিতের এমন দ্বৈত মেলবন্ধনের চিত্র গ্রামবাংলার সমাজজীবনেতিহাসে নিঃসন্দেহে বিস্ময়কর ও তাৎপর্যমণ্ডিত। পশ্চিমবঙ্গের কোনও কোনও জেলায় ধর্মরাজকে তুষ্ট করার জন্য পৌরাণিক সূর্যদেবতার সঙ্গে সাদৃশ্য কল্পনায় মাটির ঘোড়া উৎসর্গ করার রীতি দেখা যায়। প্রসঙ্গত উল্লেখ্য, রূপরাম বা ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গলে ধর্মঠাকুরের সর্বশুক্লরূপ কল্পনা করা হয়েছে... তাঁর শুভ্র অঙ্গজ্যোতি, মাথায় ধবল ছাতি, মন্দিরের গাত্রবর্ণও শুভ্র, শুভ্রবরণ অলংকারে তিনি সুসজ্জিত, শুক্লপুষ্পে তিনি পূজিত এবং শ্বেতাশ্ব হলো ধর্মরাজের বাহন। ধর্মঠাকুরের প্রিয় রঙ সাদা- এই ধারণা থেকেই শ্বেতবর্ণের পশু বা পাখি বলিদানের প্রবণতা ধর্মপুজোয় লক্ষ করা যায়। ধর্মরাজের এই শ্বেতশুভ্র শূন্যমূর্তিটি রাঢ়বাংলার প্রাচীন অধিবাসী অস্ট্রিক ডোম সম্প্রদায়ের আরাধ্য ‘পরমেশ্বর’ তথা সূর্যদেবতার আদলেই পরিকল্পিত বলে মনে করা হয়। পরবর্তীকালে রাঢ়বঙ্গে ক্রমে বৌদ্ধ ও হিন্দুধর্মের প্রভাব যখন বিস্তৃত হতে থাকে, তখন আদিম মৌলিক সূর্যোপাসনার ধর্মীয় সাধন-ভজন রীতির সঙ্গে হিন্দু ও বৌদ্ধপ্রভাব কিছু অনুপাতে মিলেমিশে পশ্চিমবঙ্গে ধর্মপূজার ক্রমবিকাশ ঘটেছিল। এছাড়া, বাঙালি ডোমজাতির নামের সঙ্গেও ‘ধর্ম’ নামটির নিবিড় যোগ। সংস্কৃতিগত এই সংমিশ্রণের ঐতিহাসিকতা বিষয়ে আলোচনার সূত্রে মঙ্গলকাব্যের ইতিহাসকারের ভাষাতাত্ত্বিক পর্যবেক্ষণটি অত্যন্ত প্রাসঙ্গিক-

> “প্রধানত ডোমদিগের পূজিত দেবতা বলিয়া রাঢ় অঞ্চলে নবাগত বৌদ্ধ ও হিন্দু বসতিস্থাপনকারীগণ বোধ হয় এই দেবতাকে ‘ডোম রায়’ বলিয়াই উল্লেখ করিত। ‘ডোম রায়’ হিন্দুপ্রভাবের যুগে ধ্বনিতত্ত্বের(phonology)সাধারণ নিয়মানুসারেই

> প্রথমত বর্ণ বিপর্যয়ে এবং দ্বিতীয়ত সংস্কৃতীকরণ(Sanskriti-sation)নীতি দ্বারা 'ধর্ম' কথাটিতে এইভাবে পরিবর্তিত হইয়া থাকিবে; যেমন, ডোম রায়>ডোমরা>ডোরমা>ধর্ম।"[৩]

প্রকৃতপক্ষে বলা যায়, রাঢ়ের জাতীয় উপাদানে রচিত প্রাগাধুনিক বাংলা লোকসাহিত্যের এই বিশেষ শাখাটি এককথায় প্রাগার্য ডোম সম্প্রদায়েরই বিজয়-গাথা। ধর্মমঙ্গল কাব্যের ভিত্তি যেমন ঐতিহাসিক, চারিত্রিক বৈশিষ্ট্য যেমন গতানুগতিক মঙ্গলকাব্যের চেয়ে স্বতন্ত্র, তেমনই রাঢ়ের জাতীয় চরিত্র এর গঠনগত আলম্বন বলেই ধর্মমঙ্গল কাব্য পণ্ডিতমহলে 'রাঢ়দেশের জাতীয় মহাকাব্য' নামে সুপরিচিত।

এ তো গেলো ধর্মরাজ প্রসঙ্গ, আমাদের আলোচনার পরবর্তী পর্যায়ে আমরা চোখ রাখবো ধর্মপূজাপদ্ধতি ও মন্ত্রাচারের আকরগ্রন্থ 'ধর্মপূজাবিধিবিধান' এবং তার প্রথম স্রষ্টা ও সংকলক তথা ধর্মপূজার আদিগুরু রামাই পণ্ডিত-এর ঐতিহাসিকতার বিষয়ে। পাঁচটি যুগে ধর্মঠাকুরের পাঁচজন পণ্ডিত-যাজক আছেন বলে মনে করা হয়- সত্যযুগে সেতাই(শ্বেতকায়), ত্রেতাযুগে নীলাই(নীলকায়), দ্বাপরে কংসাই (পীতকায়), কলিযুগে রামাই(লোহিতকায়) এবং অনাগত যুগের যাজক হলেন গোসাঞি(শ্যামকায়)। পূজ্যপাদ শাস্ত্রীমহাশয় অবশ্য রামাই-কেই এঁদের মধ্যে প্রধানতম বলে জানিয়েছেন। তিনি বলছেন, ধর্মায়ণের কাহিনিকথার আদিকবি ময়ূরভট্ট হলেও ধর্মঠাকুরের পূজা-পদ্ধতি ও মন্ত্রাচারসমূহ মূলত 'রামাই পণ্ডিতের পদ্ধতি' হিসেবেই পরিচিত-

> "ধর্মঠাকুরের পুঁথি পড়িতে গেলেই একজন লোকের নাম সর্বত্র দেখিতে পাওয়া যায়, ইহার নাম রমাই পণ্ডিত। ঘনরামের মতে ইনি জাতিতে বাইতি। ময়নাগড়ের কিছু দূরে ইনি ধর্মঠাকুরের পূজা করিতেন।"[৪]

শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন শাস্ত্রীমশাইকে অনুসরণ করেই এই রামাই পণ্ডিতের ঐতিহাসিক সময়কাল নির্ণয়ের চেষ্টা করেছিলেন-

> "বঙ্গের নিম্নশ্রেণীর মধ্যে ধর্মপূজার প্রধান পাণ্ডা রামাই পণ্ডিত মহারাজ ধর্মপালের সময় বর্তমান ছিলেন।"[৫]

সম্ভবত, রামাই-এর সমসময়েই রাজা হরিশ্চন্দ্রের কাহিনিটি সর্বপ্রথম কীর্তিত হতে শুরু করে, তাই প্রচলিত পূজাপদ্ধতিতে এই কাহিনির আংশিক উল্লেখ রয়ে গেছে। অবশ্য, বিদগ্ধমহলে এও সংশয়ের বিষয়, শূন্যপুরাণ রচয়িতা রমাই পণ্ডিত এবং ধর্মপূজাপদ্ধতির জনক রামাই পণ্ডিত আদৌ এক ব্যক্তি কিনা! তবে একথা নিশ্চিত যে তিনি এই পূজার আদি-পুরোহিত, তাঁর প্রবর্তিত বিশেষ পূজাবিধিই পরবর্তীতে তাঁর শিষ্যরা অনুসরণ করেছেন; সুতরাং ধর্মসাহিত্যের সঙ্গে তাঁর কোনো সংযোগ কোনোদিনই ছিলনা। কালান্তরে এই ধর্মপূজক শিষ্যদের মুখে মুখে প্রচারিত নানান পাঁচালি বা ধর্মমাহাত্ম্যসূচক লৌকিক ছড়া পূজানুষ্ঠানের আনুষঙ্গিক হিসেবে ব্যবহৃত হতে হতে নানান সময়ে হয়তো হরিশ্চন্দ্র-আখ্যানের মতোই রামাই পণ্ডিতের নামে প্রচলিত হয়ে গেছে। রচনাশৈলী, ভাষাভঙ্গির প্রয়োগ এবং কাব্যদেহ নির্মাণের বৈচিত্র্য পর্যবেক্ষণ করে রামাই পণ্ডিতের নামের আড়ালে শূন্য-পুরাণের গঠনগত আলোচনায় একাধিক রচয়িতা ও ভিন্নকালের রচনারীতির সুস্পষ্ট নিদর্শন পেয়েছেন পণ্ডিতমহলও।

পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার ময়নাপুর(বিষ্ণুপুর থেকে বারো মাইল পূর্বে)গ্রামের যাত্রাসিদ্ধি নামক ধর্মঠাকুরের ডোম-পূজারীরা আজও নিজেদের রামাই পণ্ডিতের বংশধর বলে পরিচয় দিয়ে থাকেন। পণ্ডিত বিনোদবিহারী কাব্যতীর্থ মহাশয় যাত্রাসিদ্ধির সেবাইত ধর্মপণ্ডিতের কাছ থেকে রামাই পণ্ডিতের জন্মবৃত্তান্ত ও বংশপরিচয় সম্পর্কে যেসমস্ত তথ্য সংগ্রহ করেছিলেন সেই বিবরণ থেকে জানা যায়, রামাই পণ্ডিত রাঢ়বাংলার দ্বারকাপুরী নামক স্থানে বিশ্বনাথ নামে এক ব্রাহ্মণের পরিবারে জন্মগ্রহণ করেন; সুতরাং তিনি অব্রাহ্মণ ছিলেন-এই জনপ্রবাদ আসলে ভ্রান্ত। ক্ষুদ্রদোষে বিশ্বনাথের ওপর ধর্মরাজ রুষ্ট হয়েছিলেন বলে তাঁকে নিজ জন্মভূমি পরিত্যাগ করে সস্ত্রীক বনবাসে চলে যেতে হয়েছিল। সেখানে বনময় হিমালয় প্রদেশে বিশ্বনাথের ঔরসে বৈশাখ মাসের শুক্লপক্ষ পঞ্চমী তিথি ভরণী নক্ষত্রে রবিবারের এক শুভলগ্নে রামাই-এর জন্ম। মাত্র পাঁচ বছর বয়সে রামাই-এর পিতৃবিয়োগ হলে, অনাথ রামাইকে প্রতিপালন করেন তাঁর পালকপিতা, যিনি জাতিতে ব্রাহ্মণ হলেও ব্রাহ্মণ্যধর্মবিরোধী ছিলেন। রামাইকে তিনি ব্রাহ্মণোচিত বৈদিকী দীক্ষা না দিয়ে পরিবর্তে দিয়েছিলেন তাম্রদীক্ষা। ব্রাহ্মণদের উপনয়নের মতোই ডোমপণ্ডিত বা ধর্মপণ্ডিতদের ক্ষেত্রেও বারো থেকে পনেরো বছর বয়সের মধ্যে এই তাম্রদীক্ষার রীতি প্রচলিত- চূড়াকরণ, ঘটস্থাপন, শ্রাদ্ধাদি, হোমযজ্ঞ ইত্যাদির আড়ম্বরে তাম্রদীক্ষালাভের পর

ধর্মপণ্ডিতেরা নিম্নবর্গীয় সমাজে ব্রাহ্মণের মতোই সম্মানলাভ করেন এবং ধর্মরাজের পূজাধিকারী হন। তবে যেকেউ এই দীক্ষার অধিকার পাননা, একমাত্র রামাই পণ্ডিতের বংশোদ্ভূত ব্যক্তিরাই তাম্রধারণের পর ডোমসমাজের যেকোনো অনুষ্ঠানে এবং ধর্মপূজায় পৌরোহিত্যের অধিকারী হন বলে কথিত। রামাই নিজেও এভাবেই তাম্রদীক্ষিত হয়েছিলেন। ময়ূরভট্ট প্রমুখের ধর্মপুরাণ বা ধর্মমঙ্গল থেকে জানা যায়, রামাই তাঁর পূজাপ্রভাবে এত তেজস্বী হয়েছিলেন যে দেবলোক এবং নরলোকের সকলেই তাঁকে ভয় করে চলতো। নিজের ধর্মমত প্রতিষ্ঠা এবং প্রচারের উদ্দেশে তিনি বংশরক্ষার তাগিদে বৃদ্ধবয়সে কেশবতী নামে এক অজ্ঞাতকুলশীলা কন্যাকে বিয়ে করেন। কেশবতীর গর্ভেই রামাই-এর ঔরসে ধর্মদাস জন্মগ্রহণ করেন। রামাই-এর নির্দেশানুসারে একমাত্র ধর্মদাসের বংশই ধর্মরাজের পূজাধিকারী, অন্য কারোর পুজোয় নিরঞ্জন ধর্ম সন্তুষ্ট হবেননা অর্থাৎ এই পৌরোহিত্যে একচেটিয়া অধিকার বহাল থাকবে রামাই-এর বংশধরদেরই। ধর্মদাসের বংশধরেরা প্রথমদিকে নিজস্ব গোষ্ঠীতে বংশপত্রিকা ও কুলপরিচয় রক্ষা করতে থাকেন ঠিকই, কিন্তু পরবর্তীকালে আরও বংশবিস্তার ঘটলে এবং ধর্মদাসের প্রভাব ক্ষুণ্ণ হলে ডোমসমাজের অনেকেই নানান স্থানে সম্প্রসারিত হয়ে নিজেদের ধর্মপণ্ডিত হিসেবে পরিচয় দিতে শুরু করেন জীবিকার প্রয়োজনে। অনাদরে, অবহেলায় সেইসব কুলগ্রন্থেরও সংরক্ষণ ঠিক ভাবে করেননি পণ্ডিত-বংশীয়রা।

রূপরামের ধর্মমঙ্গল-কাব্যকথায় লাউসেনের জন্মপ্রসঙ্গে আমরা দেখি, গৌড়েশ্বর ধর্মপালের সময়ে কর্ণসেনপত্নী রানি রঞ্জাবতী স্বয়ং রামাই পণ্ডিতের আশ্রমে শালে ভর দিয়ে অনেক কৃচ্ছ্রসাধন করে পুত্রলাভের জন্য ধর্মরাজের পুজো করেছিলেন। কিন্তু ঐতিহাসিক বিচারে প্রাচীন খোদিত লিপি ও নানান গ্রন্থে একাধিক ধর্মপালের উল্লেখ পাওয়া যায়। এখন প্রশ্ন, রামাই পণ্ডিত কোন ধর্মপালের সমসাময়িক ছিলেন? তৎকালীন রাজনৈতিক,সামাজিক ও ধর্মীয় প্রেক্ষিতই বা কেমন ছিল গৌড়বঙ্গের? পালরাজাদের তাম্রশাসন অনুযায়ী, গোপালের পর মগধের সিংহাসনে বসেন তাঁর পুত্র ১ম ধর্মপাল, তিনি আনুমানিক ৭৮৫ থেকে ৮৩০ খ্রি. পর্যন্ত প্রবল পরাক্রমে রাজ্যশাসন করেছিলেন। এর প্রায় ২০০বছর পর ২য় ধর্মপালের রাজত্বকাল। আবার ইতিহাস বলছেন, রংপুর জেলার ডিমলা থানার অন্তর্গত ধর্মপুরে এক ধর্মপাল রাজত্ব করতেন, তাঁর পুরাকীর্তির ধ্বংসাবশেষ এখনও পাওয়া যায়; সেখানের ধর্মভক্ত রানি

ময়নামতী ও তাঁর পুত্র গোপীচাঁদের সঙ্গে রঞ্জাবতী ও লাউসেন আখ্যানের নিকট সাদৃশ্য লক্ষণীয়। এই বিষয়ে ঐতিহাসিক কালপঞ্জিকে সামনে রেখে যুক্তিগ্রাহ্য খুঁটিনাটি তথ্যবিচারে দীর্ঘ আলোচনা করেছেন শূন্য-পুরাণের প্রথম সম্পাদক প্রাচ্যবিদ্যার্ণব শ্রী নগেন্দ্রনাথ বসু তাঁর গ্রন্থসম্পাদকীয়তে[৬]। এখন ধর্মমঙ্গলে বর্ণিত যে স্থানে রামাই-এর আশ্রমে রানি রঞ্জাবতী পুত্রকামনায় শালে ভর দিয়ে কঠোর তপশ্চর্যায় আত্মোৎসর্গ করেছিলেন, ধর্মপূজকদের কাছে যে স্থান 'গুপ্তবারাণসী' নামে পরিচিত, অতিপবিত্র সেই 'চাঁপাই' স্থানটির অবস্থান বুঝতে পারলেই রাঢ়ের কোন স্থান ধর্মপূজার উৎসভূমি, তা নিরূপণ করা যাবে। ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গলে এই আশ্রমের বর্ণনায় দেখা যায়, দ্বারকেশ্বর নদীর তীরে চাঁপাই-এর ঘাটে রামাই পণ্ডিতের ধর্মাশ্রমটির অবস্থান। এই কারণেই বুঝি গৌড়বঙ্গে যতগুলি ধর্মঠাকুর আছেন, বাঁকুড়ার ময়নাপুরের যাত্রাসিদ্ধি রায়ের খ্যাতি সর্বাপেক্ষা বেশি। এখানের ধর্মঠাকুরের পুরোহিতবংশীয়রা ডোমপণ্ডিত; আজও তাঁরা রামাই-এর বংশধর বলে গৌরব করে থাকেন। যাত্রাসিদ্ধি রায়ের পদ্ধতি ও রামাই পণ্ডিতের জন্মপরিচয়, এমনকি শূন্যপুরাণ-এর পুথিও এঁদের কাছেই পাওয়া গিয়েছিল। ধর্মমঙ্গল কাব্যগুলির অধিকাংশ রচিতও হয়েছে মল্লভূমে। রামাই-এর বংশধরদের নিবাসভূমি ময়নাপুর এবং পূতসলিলা দ্বারকেশ্বরের তীরবর্তী এই চাঁপাতলার ঘাট ধর্মরাজের ভক্তদের কাছে আজও পবিত্র তীর্থভূমি। যাত্রাসিদ্ধি রায়ের গাজনের সময় আজও দলে দলে পুন্যার্থীদের ভিড় জমে এখানের স্নানযাত্রায়। আবার ধর্মমঙ্গল উপাখ্যানে লাউসেনের অপার ভক্তিতে সূর্যদেবের পশ্চিমদিকে উদয়ের বর্ণনায় 'হাকন্দ' বলে যে স্থানটির উল্লেখ পাওয়া যায়, সেখানেই রামাই পণ্ডিত যোগবলে দেহত্যাগ করেছিলেন বলে বর্ণিত। এখানেই শূন্য-পুরাণ রচনা করেন রামাই। বাঁকুড়ার ময়নাপুর ও চাঁপাতলার মধ্যবর্তী স্থানে এই সুপ্রাচীন হাকন্দ গ্রামের ভৌগোলিক অবস্থানও মিলেছে। সুতরাং এই সবদিক থেকে বিচার করে ধর্মমঙ্গল কাব্যের সঙ্গে ইতিহাস ও ভূগোলকে পাশাপাশি রেখে বক্তব্যের সমর্থন মেলে।

শূন্য-পুরাণে কিন্তু লাউসেন আখ্যানের কোনও উল্লেখ নেই, রয়েছে হরিশ্চন্দ্র-মদনার কাহিনি। ময়ূরভট্ট সর্বপ্রথম লাউসেনের পালা রচনা করেছিলেন, তিনি ধর্মমঙ্গল সঙ্গীতের আদ্য-কবি। পরবর্তী ধর্মমঙ্গলকবিরা ময়ূরভট্টের অনুসরণেই ধর্মমাহাত্ম্যগাথা রচনা করেছেন। কিন্তু প্রাচীনতম ধর্মসাহিত্যের কাহিনির নায়ক ছিলেন রাজা হরিশ্চন্দ্র। রামাই পণ্ডিতের শূন্য-পুরাণ যেহেতু মূলত ধর্মপূজাপদ্ধতির আদি

বাংলাগ্রন্থ হিসেবেই বেশি পরিচিত ছিল, তাই এতে হরিশ্চন্দ্রকথার ছায়াপাত ঘটেছে। ঘনরাম প্রমুখ ধর্মমঙ্গলকবিরা শূন্য-পুরাণকে তাঁদের প্রধান ধর্মগ্রন্থ তথা 'পণ্ডিত-পদ্ধতি'র আখ্যা দিয়েছেন। পুজাবিধি-আচার মূলত পয়ার-ত্রিপদীতেই বর্ণনা করেছেন রামাই। এছাড়াও এ গ্রন্থে রয়েছে সৃষ্টিপত্তন, শূন্যবাদ, ব্রহ্মজ্ঞান আলোচনা, সংজাত পদ্ধতি, ধর্মপুরাণ ও ধর্মপূজাবিধান। সর্বত্রই ভণিতা রামাই পণ্ডিতের। উত্তর রাঢ়ে এখনও গাজনের উৎসবে এই পদ্ধতিই মেনে চলা হয়। পূজাপদ্ধতির বর্ণনাক্রমেই রাজা হরিশ্চন্দ্রের ধর্মপূজা, যমপুরাণ, ধান্যের জন্ম, ছাগজন্ম, মার্কণ্ডপুরাণ, নিরঞ্জনের রুষ্মা ইত্যাদি প্রসঙ্গগুলি স্বতন্ত্রভাবে স্থান পেয়েছে রামাইয়ের রচনায়।

ধর্মমঙ্গলকাব্যে লাউসেন যেমন নিজদেহকে নয়-খণ্ডে বিভক্ত করে ধর্মরাজকে উৎসর্গ করেছিলেন, ঠিক তেমনই রাজা হরিশ্চন্দ্রের কাহিনিতেও দেখা যায়- ধর্মাদেশে নিজের প্রাণাধিক প্রিয় পুত্র লুইচন্দ্রকে বলিদান দিয়ে তার মাংস রান্না করে ধর্মঠাকুরকে সন্তুষ্ট করার কাহিনি। অবশেষে রাজদম্পতি হরিশ্চন্দ্র-মদনার অপার ভক্তিতে সন্তুষ্ট হয়ে পুত্রের প্রাণ ফিরিয়ে দেন ধর্মরাজ। কেউ কেউ মনে করেন রাজা হরিশ্চন্দ্র পৌরাণিক ব্যক্তিত্ব। প্রাচীন বৈদিক সাহিত্যে কাশীর রাজা হরিশ্চন্দ্র-রানি শৈব্যা এবং তাঁদের পুত্র রোহিতাশ্ব সম্পর্কে বরুণদেবকে তুষ্ট করার যে কাহিনিকথা প্রচলিত ছিল, এই কাহিনি তারই অল্পবিস্তর রূপান্তরমাত্র। কাহিনিতে দেখা যায় বল্লুকা নদীতীরে হরিশ্চন্দ্র ছদ্মবেশী ধর্মের প্রথম সাক্ষাৎ পেয়েছিলেন, রামাইয়ের বর্ণনাতেও এই বল্লুকার তীরেই ধর্মের আবাস। আবার মার্কণ্ডমুনির আখ্যানেও দেখা যায় কুষ্ঠরোগ থেকে মুক্তির আকাঙ্ক্ষায় তিনি বল্লুকার তীরেই ধর্মপূজা করেছিলেন। 'ধর্মপূজা-বিধান'-এর সম্পাদক শ্রদ্ধেয় ননীগোপাল বন্দ্যোপাধ্যায় ধর্মঠাকুরের পীঠস্থান সম্পর্কে বলবেন বর্ধমানের কাছে দামোদর থেকে উঠে মৃজাপুরের খালে পড়ে এই নদীটি এখন প্রায় মরে গেছে; তবে সুপ্রাচীন এক ধর্মমন্দির এখানে এখনও রয়েছে[৭]। দামোদরনদের ওপর বাঁধ নির্মিত হওয়ায় বল্লুকার অস্তিত্ব বিলুপ্তপ্রায় হয়ে এলেও মেমারি রেলস্টেশনের দক্ষিণে একটি খাল এখনও প্রাচীন বল্লুকার স্মৃতিবহন করে চলেছে। পণ্ডিত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি মহাশয় আবার বলবেন এই হরিশ্চন্দ্র ঐতিহাসিক ব্যক্তিত্ব। তাঁর যুক্তিতে, খ্রিষ্টীয় ১১দশ শতাব্দীর শেষদিকে হরিশ্চন্দ্র বর্ধমান জেলার

অন্তর্গত অমরাগড়ের রাজা ছিলেন; তাঁর রানি ছিলেন মদনা। দামোদরের উত্তরে মানকর রেলস্টেশনের ঈশানকোণে এই গড়ের ধ্বংসাবশেষও রয়েছে[৮]।

একটি গুরুত্বপূর্ণ অংশ এই রচনার পরিশিষ্টে সংযোজিত হয়েছে, যার নাম – "শ্রীনিরঞ্জনের উষ্মা"; তুর্কি আক্রমণের প্রসঙ্গ সরাসরি আছে বলে এটির সামাজিক, রাজনৈতিক ও ঐতিহাসিক গুরুত্ব অপরিসীম। অংশটি আদর্শ পুথিতে ছিল না, শাস্ত্রীমহাশয় প্রথম এটি প্রকাশ করেন। যদিও এটিকে রামাই পণ্ডিতের নামের অন্তরালে অন্যকবির পরবর্তীকালের রচনা বলে অনেকেই মনে করেন। বৌদ্ধ ধর্মাবলম্বীরা যখন ব্রাহ্মণদের দ্বারা উৎপীড়িত হচ্ছিলেন, সেইসময় যবনরূপী-ধর্ম আবির্ভূত হন। সুকুমার সেন এ প্রসঙ্গে বলবেন, ফিরোজ শাহ্ তুঘলক তাঁর রাজত্বের শেষদিকে যে নৃশংস অত্যাচার চালিয়েছিলেন, 'নিরঞ্জনের রুষ্মা' (উষ্মা) তারই স্মৃতিবহ ঐতিহাসিক সত্যঘটনার নজির[৯]। পাল-আমল থেকেই বাংলার বৌদ্ধধর্ম অবলুপ্তির পথে পা বাড়িয়েছিল; এর পরবর্তী সেন-রাজত্বকালে বৈদিক ব্রাহ্মণ্যধর্মের প্রবল প্রসার এবং বৌদ্ধ-নিপীড়নের বাস্তবচিত্র 'নিরঞ্জনের উষ্মা'য় বর্ণনা করা হয়েছে। এই অংশটি থেকে স্পষ্ট হয় বাংলাদেশে ধর্মঠাকুরের আরাধনায় যেমন ইসলামী প্রভাব পড়েছিল, তেমনই সমান্তরালভাবে মুসলমান সম্প্রদায়ও ধর্মঠাকুরকে অস্বীকার করতে পারেনি; খোদা ও ধম্ম, মহম্মদ ও ব্রহ্মা, পেগাম্বর(পয়গম্বর) ও বিষ্ণু, আদম ও শিব, নূরবিবি(পাতিমাহ্) ও পদ্মাবতী, গাজী ও গণেশ একাকার হয়ে গেছেন এর প্রতি ছত্রে-

> "ধর্ম নিরঞ্জনের উপাসনায় ধর্মান্তরিত মুসলমান সমাজও কথঞ্চিৎ প্রভাব বিস্তার করিয়াছিল... ধর্ম নিরঞ্জনের সঙ্গে ইসলামী একেশ্বরবাদের তত্ত্বগত সাদৃশ্যের জন্য মুসলমান সমাজও ধর্মের প্রভাব স্বীকার করিয়াছিল।"[১০]

ইতিহাস বলছেন, সাধারণ প্রজাদের ওপর বৈদিক ব্রাহ্মণদের অকথ্য অত্যাচার চলতে থাকলে, বৌদ্ধ ধর্মপণ্ডিত এবং নিম্নবর্ণীয় জনসাধারণ উত্তেজিত হয়ে একত্রিতভাবে মুসলমানের শরণাপন্ন হয়েছিলেন। মুসলমানরা তখন বাংলায় লুঠতরাজ চালিয়ে, হিন্দু দেবদেবীর বিগ্রহ-মন্দির-স্থাপত্য ভেঙে, মঠ-টোল-চতুষ্পাঠীগুলি ধ্বংস করে দৈবনিগ্রহ চালাতে থাকে। জাজপুরে এই ধ্বংসলীলার মাত্রা চরমে ওঠে বলে

রামাই পণ্ডিতের রচনায় বর্ণিত। দেশের জনসাধারণ রাজদ্রোহী হয়ে উঠেছিল বলেই হয়তো লক্ষ্মণসেনের আমলে মুষ্টিমেয় মুসলমান সৈন্য নিয়ে বখতিয়ার খিলজীর পক্ষে তুর্কি আক্রমণ এতোখানি সহজসাধ্য হয়েছিল। মুসলিম শাসন আরম্ভ হওয়ার পরেও ধর্মঠাকুরের পূজা ও গান যোগী-ডোম প্রভৃতি জাতির মধ্যে থেকে গিয়েছিল। রাঢ়দেশের হুগলি জেলার অন্তর্গত এই জাজপুর বর্তমানেও ধর্মপূজার এক বিখ্যাত পীঠস্থান বলে পরিচিত।

এখানে আর একটি বিষয় সম্পর্কে আমরা একনজরে আলোচনা করবো- শাকদ্বীপী ব্রাহ্মণ বা গ্রহবিপ্র পণ্ডিতদের প্রসঙ্গ। পুরাণে উল্লিখিত আছে, প্রিয়ব্রতের পুত্র মেধাতিথি ছিলেন শাকদ্বীপের অধীশ্বর। পারস্যের উত্তরাংশে অক্সাস নদীর তীর থেকে শাকদ্বীপের সীমানা শুরু, পারস্যের প্রাচীন শিলালেখে শক জাতির উল্লেখও মেলে। মগ জাতীয় ব্রাহ্মণ সম্প্রদায় শাকদ্বীপের বাসিন্দা ছিলেন। প্রাচীন পারস্যের মগ পুরোহিত জরাথুস্ত্র সূর্যপূজার পরিবর্তে অগ্নিপূজার প্রবর্তন করায় অগ্নিপূজা হয়ে ওঠে পারস্যের রাজধর্ম; সৌরধর্ম প্রায় লোপ পেতে থাকে। সূর্যপূজক ব্রাহ্মণেরা সে দেশ থেকে হন বিতাড়িত। এইসময় কিছু সংখ্যক সৌর ব্রাহ্মণ চলে আসেন ভারতে এবং তাঁদের চেষ্টায় ভারতে প্রচলিত হয় সৌরধর্ম। এভাবেই শাকদ্বীপী ব্রাহ্মণদের ভারতে আগমন ও সূর্যোপাসনার প্রচলন।

এ প্রসঙ্গে প্রচলিত অন্য উপাখ্যানটি হলো- দুর্বাসা মুনি ও শ্রীকৃষ্ণের অভিশাপে কৃষ্ণপুত্র শাম্ব যখন কুষ্ঠরোগাক্রান্ত হন, তখন নারদমুনির পরামর্শে শাম্ব দ্বাদশ আদিত্য যথা ইন্দ্র, ধাতা, পর্জ্জণ্য, পুষা, ত্বষ্টা, অর্যমা, ভগ, বিবশ্বান, অংশু, বিষ্ণু, বরুণ ও মিত্র-এঁদের মধ্যে মিত্র অর্থাৎ সূর্যদেবের তপস্যা করে রোগমুক্ত হয়েছিলেন। চন্দ্রভাগা নদীর তীরে তাঁর তপস্যাস্থলটি ‘মিত্রবন’ নামে পরিচিত হয়। জানা যায়, সূর্যমূর্তি প্রতিষ্ঠা ও পূজার জন্য শাকদ্বীপ থেকে ৮জন মগ ব্রাহ্মণ আনয়ন করেছিলেন শাম্ব। ভবিষ্যপুরাণ মতে, সেইসময় জরাথুস্ত্র মগবলম্বী অগ্নির উপাসকরা থেকে যান পারস্যে, আর সর্বমোট অষ্টাদশ কুল সূর্যপূজকরা সকলেই চলে এসেছিলেন ভারতবর্ষে। পারস্যে মুসলমান অধিগ্রহণের পর অধিকাংশ অগ্নিপূজকই মুসলমান ধর্মগ্রহণ করেছিলেন; তখন অল্পসংখ্যক অগ্নিপূজক চলে এসেছিলেন ভারতে। বিভিন্নস্থানে বসবাস হেতু এই দুইপ্রকার শাকদ্বীপী ব্রাহ্মণরা নানান নামে সুপরিচিত হন। ব্রহ্মসিদ্ধান্ত গ্রন্থমতে মোট একুশ প্রকার উপাধি দেখা যায় এঁদের। গ্রহযামল গ্রন্থে জানা যায়, শাকদ্বীপীয় ব্রাহ্মণদের

মূল বৃত্তিসমূহ হলো- জ্যোতিষশাস্ত্র অধ্যয়ন, অধ্যাপনা, গ্রহপূজা, বেদ আলোচনা, গ্রহযজ্ঞের দানগ্রহণ ও ভিক্ষা[১১]।

সুতরাং দেখা যাচ্ছে, পারস্য দেশাগত শাকদ্বীপীরা ছিলেন সূর্যপূজক আর পার্শিরা অগ্নিপূজক। নদীয়া বঙ্গসমাজের উমেশচন্দ্র শর্মা মহাদেব কারিকায় লিখেছেন, গৌড়রাজ শশাঙ্ক কুষ্ঠরোগাক্রান্ত হলে রোগনিরাময়ের জন্য তিনি শাম্বের আনীত সেই ৮জন শাকদ্বীপীয় ব্রাহ্মণের উত্তরপুরুষদের মধ্যে থেকে ১২জন ব্রাহ্মণকে আনিয়ে নাকি গ্রহযজ্ঞ অনুষ্ঠান করে রোগমুক্ত হয়েছিলেন। কালক্রমে এঁদের বংশধররা রাঢ়বঙ্গের নানান অঞ্চলে বসবাস করতে থাকেন এবং স্থানভেদে এঁদের বিভিন্ন সমাজ গড়ে ওঠে। সে সমাজের বিশুদ্ধতা রক্ষার জন্য বিবাহাদি সম্পর্ক স্থাপনেও এঁরা মেনে চলতেন রক্ষণশীলতা। প্রধাণত সামবেদীয় এই গ্রহবিপ্ররা সমাজে প্রথম সারির পৌরোহিত্যের কৌলীন্য বা মর্যাদা না পেলেও কোষ্ঠীবিচার, পঞ্জিকালিখন, গ্রহার্চনা, আয়ুর্বেদ চিকিৎসা বা নিম্নবর্গীয় সমাজে ধর্মপূজার মতো বৃত্তিকে নিজেদের জীবিকা করে নিয়েছিলেন। শ্রীধর্মরাজের পূজক সম্প্রদায় সম্পর্কে আলোচনাসূত্রে তাই শাকদ্বীপীয় সূর্যপূজক ব্রাহ্মণদের কথা না বললেই নয়।

সামগ্রিক পরিসরে ঐতিহাসিক নিরীক্ষণের পর একথা নির্দ্বিধায় বলা যায়, উদ্ভব পর্বের প্রাচীন বাংলা গদ্যরীতি ও ভাঙা পয়ারে গাঁথা সাহিত্যিক দলিল হিসেবে শূন্যপুরাণ তথা ধর্মপূজাবিধিবিধান যেমন ধর্মীয়-সামাজিক-রাজনৈতিক ইতিহাসের সাক্ষ্যবহন করছে, তেমনই ধর্মঠাকুরের বিস্তারক্ষেত্রটিও পশ্চিমবঙ্গের গ্রাম-নদী-জনপদের খণ্ডচিত্রসহ যুক্তি ও তথ্যের ভিত্তিতে আমাদের কাছে প্রতিষ্ঠা পেয়েছে। নীরস নিয়ম-আচার সম্বলিত আকরগ্রন্থের সঙ্কীর্ণতা থেকে বহু ওপরে এর স্থান। এ রচনায় ভূগোল-ইতিহাস-পুরাণ-ধর্মশাস্ত্র-দর্শন ও কবিকল্পনার সার্থক মেলবন্ধন ঘটেছে।

তথ্যসূত্র

১. শ্রী আশুতোষ ভট্টাচার্য, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস, এ মুখার্জী অ্যান্ড কোং প্রা. লি. এবং সপ্তর্ষি প্রকাশন, মে ২০১৫, পৃষ্ঠাঃ ৫৮৫

২. হরপ্রসাদ শাস্ত্রী, রমাই পণ্ডিতের ধর্মমঙ্গল, সাহিত্য পরিষৎ পত্রিকা (১ম সংখ্যা), ১৩০৪, পৃষ্ঠাঃ ৬০

৩. শ্রী আশুতোষ ভট্টাচার্য, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস, এ মুখার্জী অ্যান্ড কোং প্রা.লি. এবং সপ্তর্ষি প্রকাশন, মে ২০১৫, পৃষ্ঠাঃ ৫৬৫

৪. হরপ্রসাদ শাস্ত্রী, রমাই পণ্ডিতের ধর্মমঙ্গল, সাহিত্য পরিষৎ পত্রিকা (১ম সংখ্যা), ১৩০৪, পৃষ্ঠাঃ ৬২

৫. দীনেশচন্দ্র সেন, বঙ্গভাষা ও সাহিত্য (প্রথম খণ্ড- ৯ম সংস্করণ), পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলকাতা, আগস্ট ১৯৮৬, পৃষ্ঠাঃ ৫৬

৬. নগেন্দ্রনাথ বসু, শূন্য-পুরাণ, মুখবন্ধ, সাহিত্য পরিষৎ পত্রিকা, কলকাতা, মাঘ ১৩১৪

৭. ননীগোপাল বন্দ্যোপাধ্যায়, ধম্মপুজা-বিধান, সাহিত্য পরিষৎ গ্রন্থাবলী (সং ৫৬), বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, ১৩২০

৮. যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, শূন্যপুরাণ, সাহিত্য পরিষৎ পত্রিকা (৩৮ বর্ষ, ২য় সংখ্যা), ১৩৩৮

৯. শ্রীসুকুমার সেন, বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (২য় খণ্ড- সপ্তদশ থেকে অষ্টাদশ শতাব্দী), জালালি কলিমা, আনন্দ পাবলিশার্স প্রা. লি, কলকাতা, প্রথম প্রকাশ ১৯৪০, পৃষ্ঠাঃ ১১৪-১১৫

১০. Shashibhusan Das Gupta, *Obscure Religious Cults*, Firma KLM Private Limited, Calcutta, Reprint 1976, Page: 286

১১. শ্রীসন্তোষ কুমার কুণ্ডু, বাঙালী হিন্দু জাতি পরিচয়, প্রেসিডেন্সী লাইব্রেরী, কলকাতা, প্রথম প্রকাশ- আগস্ট ২০০৮, পৃষ্ঠাঃ ৫৪

দ্বিতীয় অধ্যায় :

প্রাপ্ত পুথি-সম্বন্ধীয় বিশেষ তথ্যবিচার ও কবিপরিচয়

দ্বিতীয় অধ্যায়

প্রাপ্ত পুথি-সম্বন্ধীয় বিশেষ তথ্যবিচার ও কবিপরিচয়

'শূন্য-পুরাণ' বাংলাভাষার একটি আদিগ্রন্থ। সর্বপ্রথম এমনকি সর্বপ্রধান ধর্মপণ্ডিত নিঃসন্দেহে শ্রীরামাই হলেও, যুক্তি-প্রতিযুক্তির পণ্ডিতি তরজায় শূন্য-পুরাণের রচনাকাল, স্রষ্টা, স্থান-নাম, ভাষারীতি, ঐতিহাসিকতা ইত্যাদি প্রসঙ্গ নিয়ে বিদগ্ধমহলে একসময় চরম দ্বান্দ্বিক প্রতিবেশ যে তৈরি হয়েছিল সেকথা নানান আলোচনা থেকে সুস্পষ্ট। শূন্যপুরাণের সৃষ্টিতত্ত্বের সঙ্গে মানিকরাম গাঙ্গুলির ধর্মমঙ্গল, জগজ্জীবন ঘোষালের মনসামঙ্গল বা নাথসাহিত্যে বর্ণিত সৃষ্টিপত্তনের পৌরাণিক ও দার্শনিক চিন্তাভাবনাগত আশ্চর্য মিল। অন্যদিকে শ্রীধর্মরাজের বিশেষ পূজাপ্রণালীতে যমপুরাণ, মার্কণ্ডপুরাণ, শিবপুরাণ বা অজপুরাণ–এর প্রত্যক্ষ প্রভাব সুস্পষ্ট। যদিও সর্বত্রই ভণিতা রামাই পণ্ডিতের, তবু ধর্মপূজাবিধিবিধানের অন্তর্গত কিছু বিশেষ অংশ স্মার্ত রঘুনন্দনের সৃষ্টি বলেও দাবি করা হয়। বর্তমানে আমাদের গবেষণাকর্মে গৃহীত ধর্মপূজাবিধিবিধানের (বিশ্ব.১২৯সংখ্যক) পুথি-সম্পাদনা ও তৎসংক্রান্ত আলোচনা বিষয়ক দুঃসাহসিক কাজের সূচনায় বাংলা সাহিত্যের ইতিহাসকার ডঃ অসিতকুমার বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যটি বোধ করি সবচেয়ে প্রযোজ্য-

"ধর্মঠাকুর মহাশয় এবং তাঁহার সম্প্রদায়ের কুলপরিচয়ের প্রকৃত হদিস বাহির করা সহজ কর্ম নহে। সর্বোপরি মঙ্গলকাব্যের অধিকাংশ দেবদেবীর মতো তিনি গতায়ু হন নাই, এখনও বাংলাদেশের নানা স্থানে দিব্য বহাল তবিয়তে অবস্থান করিতেছেন। তাঁহার স্বরূপ নির্ধারণে ইহাও অসুবিধা সৃষ্টি করিয়াছে। মৃত দেবতা ও তাঁহার মুমূর্ষু সম্প্রদায়কে গবেষণার টেবিলে ফেলিয়া শবব্যবচ্ছেদ সাহসে কুলাইতে পারে। কিন্তু জীবিত দেবতার গায়ে হাত দিবে কে?"[১]

এবার আসা যাক, 'শূন্য-পুরাণ'-এর গ্রন্থসম্পাদনা প্রসঙ্গে। পণ্ডিত নগেন্দ্রনাথ বসু সম্পাদিত 'শূন্য-পুরাণ' কাব্যটি গ্রন্থাকারে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ থেকে মাঘ, ১৩১৪বঙ্গাব্দে প্রকাশ পায় [মাপঃ ১৬সে.মি ৫মি.মি X ১০সে.মি ৫মি.মি; মোট পৃষ্ঠা ৭১+১৬৯]। শাস্ত্রীমহাশয়-আবিষ্কৃত পুথিটিকেই 'আদর্শ

পুথি’ হিসেবে গ্রহণ করে নগেন্দ্রনাথের এই সম্পাদনা। এই কাব্যের খণ্ডিত দু’খানি পুথি এশিয়াটিক সোসাইটিতে বর্তমানে সংরক্ষিত।

একাব্যের দ্বিতীয় সংস্কর্তা হলেন শ্রীচারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়। বসুমতী প্রাচীন সাহিত্য-প্রচার থেকে শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়, চারুচন্দ্র-সম্পাদিত এই সংস্করণটি প্রকাশ করেছিলেন ১৩৩৬বঙ্গাব্দে [মাপঃ ১৭সে.মি ২মি.মি X ১০সে.মি ৫মি.মি; মোট পৃষ্ঠা ১৩০+২৩৬]। এই সংস্করণে চারুচন্দ্রের ‘প্রবেশক’ শীর্ষক সম্পাদকীয় ছাড়াও কাব্যারম্ভে দু’টি পৃথক ভূমিকা রচনা করেন ডঃ মহম্মদ শহীদুল্লাহ এবং শ্রদ্ধেয় বসন্তকুমার চট্টোপাধ্যায় মহাশয়। কাব্যটির প্রথম সংস্করণে কোনও ছবি ছিল না; দ্বিতীয় সংস্করণে দুটি ছবি যুক্ত হয়। প্রথমটি, চামোট গ্রামের ধর্মমঙ্গলকবি রামচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের বাস্তুভিটে এবং দ্বিতীয়টি, বাঁকুড়ার ময়নাপুরের বিখ্যাত যাত্রাসিদ্ধি-মন্দির।

নগেন্দ্রনাথ বসুর সম্পাদনায় শূন্যপুরাণ প্রকাশিত হলে তাঁর মুখবন্ধের দীর্ঘ আলোচনার সূত্র ধরে ১৩১৬বঙ্গাব্দে যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি স্বতন্ত্র একটি নিবন্ধ রচনা করেন, তিনি শ্রীবসুর অনেক মত মেনে নিতে পারেননি। একইসঙ্গে, এর প্রত্যুত্তরে যোগেশচন্দ্রের যুক্তিপ্রসূত অভিমতগুলিও শ্রীবসু স্বতন্ত্র রচনায় খণ্ডন করেছেন পরপর[২]। পণ্ডিতমহলে মতান্তর আর মনান্তরের সূত্রপাত ঘটে তখনই। পক্ষান্তরে, চারুচন্দ্রের সম্পাদনায় এ গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশের পর নগেন্দ্রনাথ ও চারুচন্দ্রের মতামতকে পাশাপাশি রেখে ১৩৩৮বঙ্গাব্দে উভয়ের সমালোচনামূলক মতামত বিষয়ে পুরাতাত্ত্বিক, নৃতাত্ত্বিক ও ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে বিচার করে আরও একখানি প্রবন্ধ রচনা করেন যোগেশচন্দ্র[৩]। পরিশিষ্টে শূন্য-পুরাণের দেশ ও কাল নির্ণয়ের পর তিনি সংযোজন করেন চারুচন্দ্রকৃত সটীক ব্যাখ্যা অনুসরণে শূন্য-পুরাণের ২৩২টি শব্দের টীকা। শ্রীবসুর গ্রন্থে নিঃসন্দেহে এর অভাব ছিল। পণ্ডিত যোগেশচন্দ্র এবং নগেন্দ্রনাথকৃত এই মননশীল পারস্পরিক তর্কযুদ্ধটি সামনে রেখেই আমরা আলোচ্য প্রসঙ্গে যাবো।

শাস্ত্রীমহাশয়-আবিষ্কৃত আদর্শ পুথিটিতে গ্রন্থের সমাপ্তিকাল লেখা ছিল না। পুথির অক্ষরবিন্যাস ও আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা করে, ঐতিহাসিক কালপঞ্জির নিরিখে সম্পাদক শ্রীবসু মহাশয়

১৩১৪সালে তাঁর সম্পাদনার মুখবন্ধে গ্রন্থের রচনাকাল বিষয়ে যুক্তিনিষ্ঠ তথ্যভিত্তিক মতামত জানিয়েছিলেন। তাঁর মতে, শূন্য-পুরাণ বাংলাভাষার একখানি আদিগ্রন্থ; গ্রন্থস্রষ্টা রামাই পণ্ডিত ছিলেন সম্ভবত গৌড়েশ্বর দ্বিতীয় ধর্মপালের সমসাময়িক (আনু. খ্রিষ্টীয় ১১দশ শতাব্দীর প্রথমার্ধ)। এর ঠিক বছর দুই পর, ১৩১৬সালে শ্রীবসু-সম্পাদিত গ্রন্থের পাঠ-প্রতিক্রিয়ায় পুরাবিৎ যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি সম্পূর্ণ ভিন্নমত পোষণ করলেন। তাঁর যুক্তি ছিল এইরকম- বাঁকুড়ায় প্রাপ্ত পুথি মানেই গ্রন্থের ভাষা বাঁকুড়ার একথা যেমন বলা যায় না, তেমনই রামাই পণ্ডিতের ভণিতা আছে মানেই সমগ্র 'শূন্য-পুরাণ' গ্রন্থখানি ধর্মপূজাপদ্ধতিকা্র রামাই পণ্ডিতেরই রচনা একথাও ধরে নেওয়া যায় না। শ্রীবসু অবশ্য এবিষয়ে বলবেন- ঘনরাম প্রমুখ ধর্মমঙ্গলকবিরা আবহমানকাল ধরে রামাই পণ্ডিতকেই ধর্মপূজার প্রবর্তক ও পদ্ধতিকার হিসেবে সম্মান জানিয়ে এসেছেন, এই গ্রন্থটিকেও তাঁরা স্বয়ং রামাই-এর রচনা বলেই চিহ্নিত করেছেন; আলোচ্য গ্রন্থে যখন পূজা-পদ্ধতির বর্ণনাই মূলত লক্ষ করা যাচ্ছে এবং এগুলিকে আদর্শ পূজাপদ্ধতি বলে স্বয়ং ধর্মপণ্ডিতেরাই শিরোধার্য করেছেন... সুতরাং, এই গ্রন্থটিকে ধর্মপূজার আদিগুরু রামাই-বিরচিত 'শূন্য-পুরাণীয় ধর্মপূজাপদ্ধতি' বলতে আপত্তি কোথায়!

যোগেশবাবু সোচ্চারে আরও জানিয়েছিলেন, নগেন্দ্রনাথ-সম্পাদিত 'শূন্য-পুরাণ' কোনও একটি গ্রন্থ নয়, অন্তত দুটি মঙ্গল-গানের পুথিসংকলন। একে পুরাণ বলা গেলেও, পূজা-পদ্ধতি বলা মোটেই সমীচীন নয়। যোগেশচন্দ্রের যুক্তিতে, এই গ্রন্থ শ্বেত-নীলাদি প্রসিদ্ধ পাঁচ ধর্মপণ্ডিতের অন্যতম রামাই পণ্ডিতের রচনা নয় আবার এর সম্পূর্ণ অংশ কোনও বাঁকুড়া-নিবাসী কবির একক রচনাও নয়। তাছাড়া, গ্রন্থের সমগ্র অংশকে পুরোপুরিভাবে প্রাচীন বলা যায় না; এর ভাষা অন্তত খ্রিষ্টীয় ১১দশ শতাব্দীর পরবর্তীকালীন। গ্রন্থটির ভাব বোঝা গেলেও সব শব্দের অর্থ বুঝতে পারা যায় না। যোগেশবাবুর মতে এর চারটি কারণ আছে- কবি অশিক্ষিত, লিপিকার অশিক্ষিত, শব্দ প্রাচীন এবং পুথিপাঠক সে ভাষায় ও বিষয়ে অনভিজ্ঞ। গ্রন্থের ৮৫পৃষ্ঠায় সংস্কৃত মন্ত্রের অংশ যৎসামান্য রয়েছে, সমগ্র গ্রন্থমধ্যে দুটি স্থানে কেবল পূজা-পদ্ধতির লক্ষ্মণ দেখা যায়। এছাড়া অবশিষ্ট গ্রন্থের অধিকাংশই বাংলা পদ্য; সমস্ত পদগুলির শেষে রামাই পণ্ডিতের ভণিতা যেমন আছে, তেমনই দুটি পদের মাথায় রাগের উল্লেখও দেখা যায়-

"অতএব জানিতেছি, (১)শূন্যপুরাণের অধিকাংশ গান বা ধর্মমঙ্গল, (২)রামাই পণ্ডিত গানের রচক, এবং(৩)তিনি অন্যের নিকট 'ভারতী শুনিয়া' গান রচিয়াছিলেন। গানকে পূজাপদ্ধতি বলা যায় না।"[৪]

সম্পাদক শ্রীবসু মহাশয়ের প্রতিযুক্তি হিসেবে এখানে বলা যায়, গাজনের পদ্ধতি আদ্যোপান্ত আলোচনা করলেই আমরা দেখতে পাবো যে সংস্কৃত মন্ত্রের বাহুল্য ছাড়াও বাংলাভাষায় পূজা-পদ্ধতি রচিত হতে পারে। ধর্মের গাজনকেও রাঢ়ে পূজা-পদ্ধতি হিসেবেই গ্রহণ করতে দেখা যায়। শূন্য-পুরাণও সেইরকম প্রথম থেকে ধর্মপূজার পদ্ধতিগ্রন্থ হিসেবেই পরিচিত ছিল, পরবর্তীকালে এর মধ্যে অন্যান্য বিষয় সংযোজন করে একে গানের উপযোগী করে তোলার উদ্দেশে দু'একটি রাগ-রাগিনী ব্যবহারের চেষ্টা দেখা গেলেও একে কখনোই সঙ্গীতগ্রন্থ বলা চলে না; ধর্মসম্প্রদায়ের কাছে প্রধান ধর্মগ্রন্থ হিসেবে এটি আজও সমানভাবে সমাদৃত।

গ্রন্থটির শব্দ ও বানান-প্রয়োগ দেখে যোগেশচন্দ্রের মনে হয়েছে এটি রাঢ়ের গ্রাম্য অশিক্ষিত লোকের রচনা। নিম্নবর্ণীয় গায়েনরা তৎকালীন সমাজে যেমন নিজেদের ভাষায় মঙ্গলগানের পালা লিখে রাখতেন, এও বাস্তবিক সেইরকম গানের পালাবিশেষ- 'বেদমন্ত্রবৎ পূজ্য' কোনও আকরগ্রন্থ নয়। এটি পদ্ধতিগ্রন্থ নয়, বরং সঙ্গীতগ্রন্থ বলেই রচনার বহু স্থানে পুনরুক্তি-দোষ দেখতে পাওয়া যায়। কোনও একটি প্রাচীন পুথিকে অবলম্বন করে হয়তো বিভিন্ন গায়েনের মৌখিক রচনা এতে বিচ্ছিন্নভাবে সংকলিত হয়েছে। সম্ভবত, ময়নামতীর গানের উপাখ্যানই রূপান্তরিত হয়ে কালক্রমে রাঢ়ের শূন্য-পুরাণে হরিশ্চন্দ্রের রানি মদনার কাহিনিতে পরিণত হয়েছিল। এছাড়াও, ভাষাবিচারে যাবনিক শব্দের প্রয়োগ দেখে তাঁর মনে হয়েছে, গ্রন্থরচনার উত্তরসীমা যদি সম্পাদকের যুক্তিমতো ধরে নিতে হয় খ্রিষ্টীয় ১১দশ শতাব্দীর প্রথমভাগ, তবে পূর্বসীমায় আছে তুর্কি আক্রমণ-খ্রিষ্টীয় ১৩দশ শতাব্দী। যোগেশবাবুর এহেন যুক্তি সম্পাদকের মতের পরিপন্থী। শ্রীবসুর মতে, পুনরুক্তি-দোষ এ গ্রন্থের প্রাচীনতার লক্ষ্মণ। নানান সময়ে নানান স্থানের লোকভাষা এতে মিশে গেছে। সুপ্রাচীন গ্রন্থের ওপর কালক্রমে অনেকের হস্তক্ষেপ পড়েছিল, প্রাচীন বাংলাকে সময়োপযোগী করে নেওয়ার প্রচেষ্টায় মূলভাবটিকে বজায় রেখে বারংবার পরিমার্জন করা হয়েছে বলেই হয়তো ভাষাগত এই বিমিশ্রণ ও পুনরুক্তির বাহুল্য।

শূন্য-পুরাণমতে, পাঁচটি যুগে ধর্মঠাকুরের মোট পাঁচজন পণ্ডিত-যাজক আছেন বলে মনে করা হয়-সত্যযুগে সেতাই(শ্বেতকায়), ত্রেতাযুগে নীলাই(নীলকায়), দ্বাপরে কংসাই (পীতকায়), কলিযুগে রামাই(লোহিতকায়) এবং অনাগত যুগের যাজক হলেন গোসাঞি(শ্যামকায়)। পূজ্যপাদ শাস্ত্রীমহাশয় অবশ্য ধর্মগুরু রামাই-কেই এঁদের মধ্যে প্রধানতম বলে জানিয়েছেন। এখানে গোঁসাই পণ্ডিত-এর নাম দেখে যোগেশচন্দ্র তাঁকে চৈতন্যদেবের পরবর্তীকালীন বলে মনে করেছেন, হয়তো তিনি প্রথমে বৈষ্ণব-গোস্বামী বা কোনও সংস্কৃত-পণ্ডিত ছিলেন বলেই তাঁর গোঁসাই নামকরণ। কাজেই, গ্রন্থের যে যে অংশে 'গোসাঞি' শব্দটি আছে, সেগুলি সুনিশ্চিতভাবে চৈতন্যোত্তর রচনা। কিন্তু নগেন্দ্রনাথবাবু এই পাঁচ পণ্ডিতের কল্পনাকে মহাযান-বৌদ্ধ সম্প্রদায়ের উপাস্য পাঁচজন বোধিসত্ত্বের রূপক হিসেবে বর্ণনা করেছেন। বৌদ্ধমতে স্বয়ম্ভূ আদিবুদ্ধের জ্যোতি থেকে বৈরোচন, অক্ষোভ্য, রত্নসম্ভব, অমিতাভ এবং অমোঘসিদ্ধি-এই পঞ্চধ্যানীবুদ্ধ ও পঞ্চবোধিসত্ত্বের আবির্ভাব, যাঁদের রূপ যথাক্রমে শ্বেত-নীল-পীত-লোহিত ও হরিৎবর্ণ। তিব্বতের দলাইলামা যেমন পদ্মপাণি বোধিসত্ত্বের অবতার হিসেবে পরিচিত, সম্ভবত রামাই পণ্ডিতও নিজেকে সেইরূপে কল্পনা করতেন বলেই লোহিত বা তাম্রবর্ণ চিহ্নধারণ করতেন। আর শূন্যে বিরাজমান গোঁসাই পণ্ডিত এখানে বুদ্ধরূপী বৈরোচন বা নিরঞ্জন ধর্ম। রামাই পণ্ডিত এ গ্রন্থে যে ভারতী কীর্তন করেছেন, তা তিনি অন্য কোথাও শোনেন নি; তার একমাত্র উৎস- তাঁর জনকস্বরূপ স্বয়ং শ্রীধর্মনিরঞ্জন-উচ্চারিত বাণী। শূন্য-পুরাণে পণ্ডিতের আদিকথাতে তাই বলা হয়েছে-

স্থিতি হয়ে বসিলেন পিতার ভবনে। // শিক্ষা করে নানা শাস্ত্র শুনি বিদ্যমানে।।

নগেন্দ্রনাথের প্রত্যুত্তরে সমালোচক যোগেশচন্দ্রের বক্তব্যটিও যুক্তিযুক্ত- বৌদ্ধচৈত্যে পঞ্চধ্যানীবুদ্ধের স্থানে যদি সেতাই-নীলাই-কংসাই-রামাই-গোঁসাইরা বসে থাকেন, তাহলে রামাই পণ্ডিতের অস্তিত্ব তো সম্পূর্ণই কাল্পনিক! সে যুক্তিতে ধর্মপূজার প্রচারক রামাই বা গোসাঞি কেউই ছিলেন না বলতে হয়। কিন্তু রামাইকে তো কাল্পনিক ব্যক্তিত্ব মনে করার বিন্দুমাত্র কারণ নেই। উত্তরদ্বারে রামাই পণ্ডিতের অবস্থান, যে দ্বার গাজন দ্বার নামে পরিচিত; ধর্মের গাজন প্রবর্তন করেই 'পণ্ডিত পদ্ধতিকার' রামাই 'গাজনে পণ্ডিত রাম' নামে মধ্যরাঢ়ে পরিচিত হয়েছিলেন। চার দ্বারে চার পণ্ডিতের আসন নির্দিষ্ট, পঞ্চম দ্বারটি অনাগত শূন্যযুগের- এখানেই গোঁসাই পণ্ডিতের স্থান।

মল্লভূমের ময়নাপুর গ্রাম থেকে পণ্ডিত বিনোদবিহারী কাব্যতীর্থ মহাশয়ের সংগৃহীত 'যাত্রাসিদ্ধি রায়ের পদ্ধতি' অনুযায়ী আমরা রামাই পণ্ডিতের জন্ম ও বংশপরিচয় সম্পর্কে যেসব তথ্য পাই, তাতে দেখি- রামাই পণ্ডিতের স্ত্রীর নাম কেশবতী এবং পুত্রের নাম ধর্মদাস। এখন কালানুক্রমে গোঁসাই পণ্ডিত যেহেতু রামাই-পরবর্তীকালীন ধর্মপণ্ডিত আর জীবনী অনুযায়ী যেহেতু রামাই-এর পরে তাঁর পুত্র ধর্মদাস পরম্পরাক্রমে পণ্ডিত-যাজকের পদ লাভ করেন, সেহেতু যোগেশচন্দ্রবাবু এই ধর্মদাস ও গোঁসাই পণ্ডিতকে অভিন্ন ব্যক্তি বলে অনুমান করেছেন[৫] অন্য কোনও প্রমাণ ছাড়াই। সেইকারণেই হয়তো ১৩৩৬সালে 'শূন্য-পুরাণ'-এর দ্বিতীয় সংস্করণের সম্পাদকীয়তে শ্রদ্ধেয় চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় এইসমস্ত তার্কিক যুক্তিপ্রসঙ্গে বলবেন-

"যোগেশ-বাবুও এই-সব অভিমত প্রমাণ দ্বারা স্থাপন করেন নাই। এক অনুমানকে অপর অনুমান দ্বারা খণ্ডন করিতে চাহিয়াছেন।"[৬]

শ্রীচারুচন্দ্রের যুক্তি অনুসারে, ময়ূরভট্টের ধর্মমঙ্গলের আত্মপরিচয় অংশে যেহেতু জানা যায় যে তিনি লাউসেন-পৌত্র ধর্মসেনের অনুরোধে ধর্মমঙ্গলগান রচনা করেছেন, সুতরাং ময়ূরভট্ট ছিলেন লাউসেন-পৌত্রের সমসাময়িক। অন্যদিকে রামাই পণ্ডিত আবার লাউসেনের সমসাময়িক, কারণ লাউসেন-মাতা রঞ্জাবতী পুত্রলাভেচ্ছায় রামাই পণ্ডিতের আশ্রমে শালে ভর দিয়ে কঠোর তপশ্চর্যা করেছিলেন। সুতরাং ধারণা করা যায়, লাউসেন ও রামাই ময়ূরভট্টের অন্তত ১০০বছর পূর্ববর্তী। এখন সাহিত্যিক বিচারে দেখা যাচ্ছে, ময়ূরভট্টের পুথির ভাষা ও ছন্দ কৃত্তিবাস ও গুণরাজ খাঁ-র অনুরূপ অর্থাৎ আনুমানিক ১৫শতকের কাছাকাছি। সে হিসেবে রামাই-এর আবির্ভাবকাল কিছুতেই ১৪শতকের পূর্ববর্তী নয়। অধ্যাপক সুকুমার সেন বা ভক্তিমাধব চট্টোপাধ্যায় তথ্যপ্রমাণের ভিত্তিতে নগেন্দ্রনাথ অপেক্ষা চারুচন্দ্রের গ্রন্থ-সম্পাদনাকেই বেশি গুরুত্ব দিয়েছেন। যদিও এইবিষয়ে মননশীল বাকযুদ্ধের নিশ্চিত সমাধানের জন্য কোনও একটি বিশেষ মতকে সম্পূর্ণরূপে গ্রহণ বা বর্জন করা আমাদের পক্ষে দুঃসাধ্য।

কাব্যরচয়িতা শ্রীরামাই-এর সময়কাল ও কবিপরিচয় সম্পর্কে ধারণালাভের পর এবারে চলে আসা যাক, আমাদের গবেষণাকর্মে গৃহীত পুথিটি থেকে প্রাপ্ত **পুথিপরিচয়** সম্পর্কিত তথ্যে। বর্তমানে

সম্পাদিত পুথিটি বিশ্বভারতীর লিপিকা পুথিশালায় সংরক্ষিত ১২৯সংখ্যক পুথি। পুথিটি তেরেটপাতায় লিখিত; শ্রীরামাই পণ্ডিতের ভণিতায় আদ্যন্ত একাধিক অনুলিপিকারের হস্তলিখিত একটি গুচ্ছবদ্ধ পুথিবিশেষ। পুথিটির বিভিন্ন অংশ তাই আনুমানিক পাঁচ-দশ বছরের কম-বেশি সময়ান্তরে লিখিত বলে আমাদের মনে হয়েছে। যেমন- সম্পাদিত পাঠে দুইবার দুইরকম কালজ্ঞাপক সংখ্যা উল্লিখিত হয়েছে। জাজপুর অংশের আখ্যানভাগের পরিশেষে (৬৬ক পত্রে) রচনার সময়কাল উল্লিখিত রয়েছে এই বলে- ১১৬০সন, চৈত্র মাস, শুক্রবার জাজপুর পুস্তকলিখা সমাপ্ত অর্থাৎ ১১৬০+৫৯৪= ১৭৫৪ খ্রিষ্টাব্দ। কিন্তু পুথির শেষপত্রের পুষ্পিকায় (৭৮ক পত্রে) উক্ত সময়কালটি হলো ১১৫১সন অর্থাৎ ১১৫১+৫৯৪= ১৭৪৫ খ্রিষ্টাব্দ। অধ্যায়ান্তে এই পুষ্পিকাটি সংযোজিত হলো (চিত্র- ১)। বলা যায়- ধর্মরাজের মহিমাজ্ঞাপক নানান উপাখ্যান ও ধর্মপূজার রীতি-নীতি, মন্ত্র-আচার সম্বলিত আধা-বাংলা, আধা-সংস্কৃত ভাষায় রচিত এ পুথিখানি অষ্টাদশ শতকের মধ্যবর্তীকালীন সময়পর্বের টুকরো টুকরো রচনার সংকলন বিশেষ। শ্রীধর্মরাজের পূজাপাঠে সমবেত মন্ত্রোচ্চারণ ও নিয়মকানুন অনুসরণের জন্য পূজক গোষ্ঠীর প্রত্যেকের কাছেই প্রায় অনুরূপ পুথির অনুলিপি থাকত। প্রাপ্ত পুথিটিও ধর্মপূজাবিধিবিধান সম্বলিত এমনই এক পুথিবিশেষ। শ্রী রামাই-এর জীবনকথার উল্লেখ কোথাও নেই, তাই একে শূন্য-পুরাণ-এর গ্রন্থ সম্পাদনা না বলাই শ্রেয়।

রচনাশৈলীর দিকে চোখ রাখলে একনজরে এর কিছু গঠনগত বৈশিষ্ট্য লক্ষ করা যায়। অন্যান্য সংস্কৃত পুরাণের মতো শ্রীধর্মপুরাণের এই সম্পাদিত পাঠেও সৃষ্টিপত্তন বর্ণনা রয়েছে; শ্রীধর্মের দৈবমাহাত্ম্য প্রচারের উদ্দেশে রয়েছে টুকরো কিছু উপাখ্যানও- রাজা হরিশ্চন্দ্রের পুত্রলাভ, মার্কণ্ডমুনির কুষ্ঠরোগমুক্তি, ধান্যের জন্ম ইত্যাদি। নিয়ম, বারব্রত, পার্বণ ইত্যাদি নিয়ে এমনভাবে পদগুলির সজ্জা, যেগুলি পুরাণকথা পাঠের মতোই ধর্মপূজার সময় আবৃত্তি করা যায়। আদ্যন্ত পুথি জুড়ে সংস্কৃত ও বাংলা পদের শেষে রামাই বা রাম পণ্ডিতের ভণিতা রয়েছে, যেমন- "শ্রীযুত রামাই রচিল পাঁচালী-সঙ্গীত", "রামাই পণ্ডিত ভনে", "রামাই পণ্ডিত রচিলেন গীত", "শ্রীধর্মচরণে গীত পণ্ডিত রামাই গা-এ" ইত্যাদি। কেবলমাত্র একটি পদের ভণিতায় দেখা গেছে- "গাইল দ্বিজ রামাঞি"- এটি একটি অসম্পূর্ণ পদ্য; এটি দেখে গায়ক রামাইকে 'দ্বিজ' প্রতিপন্ন করা অনুচিত। হয়তো পরবর্তী ধর্মমঙ্গলকবিদের মধ্যে কোনও

ব্রাহ্মণ গায়ক ছিলেন। কারণ যিনি তাম্রদীক্ষিত ধর্মপণ্ডিত, তিনি ধর্মের নিষ্ঠাবান সেবক হিসেবে নিজেকে দ্বিজোত্তম মনে করতেন অর্থাৎ সমাজে ব্রাহ্মণের ওপরে তাঁর স্থান। যোগেশচন্দ্রবাবুর মতে রামাই পণ্ডিত গ্রহবিপ্র ছিলেন, গ্রহাচার্যরা সূর্যোপাসক। এখনও বাঁকুড়ার জয়পুর থানার বিভিন্ন গ্রামে গ্রহাচার্য ব্রাহ্মণেরা আছেন। রাঢ়বঙ্গে এককালে দুরারোগ্য কুষ্ঠরোগের চিকিৎসা করতেন এই 'পঁড়িত'-বংশীয়রা, পৌরোহিত্যের পাশাপাশি গ্রামবাংলার মানুষের রোগনিরাময়েও এঁদের পাণ্ডিত্যের প্রসিদ্ধি ছিল। গবেষণাকর্মের প্রথম অধ্যায়ে আমরা এই গ্রহবিপ্র সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছি।

আলোচ্য অধ্যায়ে সম্পাদনাকর্মে গৃহীত পুথিটি সম্পর্কে সামগ্রিক তথ্যবিচার, বহুমুখী গবেষণাপূর্ণ অভিনিবেশ ও তথ্যসন্নিবেশ প্রাগাধুনিক বাংলা মঙ্গলকাব্যের প্রায় অনালোচিত এই ধারাটির নিবিড় অনুসন্ধানে বিশেষ সাহায্য করবে বলে আমাদের বিশ্বাস।

চিত্র- ১

তথ্যসূত্র-

১. শ্রী অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, ময়ূরভট্ট-ধর্ম্মমঙ্গল, ভূমিকা, অক্ষয়কুমার কয়াল ও চিত্রা দেব সম্পাদিত, দুষ্প্রাপ্য গ্রন্থমালা (সিরিজঃ২), জি. ভরদ্বাজ অ্যান্ড কোং, কলিকাতা, প্রথম প্রকাশ ১৩৮১, পৃষ্ঠাঃ (চ)

২. নগেন্দ্রনাথ বসু, 'শূন্যপুরাণ' সম্বন্ধে মন্তব্য, সাহিত্য পরিষৎ পত্রিকা, খণ্ড ১৬, সংখ্যা ৪, ১৩১৬

৩. যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, 'শূন্য-পুরাণ'-২, সংস্করণ-১, সাহিত্য পরিষৎ পত্রিকা, ৩৮ বর্ষ, ২য় সংখ্যা, ১৩৩৮

৪. যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, শূন্যপুরাণ, সাহিত্য পরিষৎ পত্রিকা, খণ্ড ১৬, সংখ্যা ৪, ১৩১৬

৫. যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, ধর্মের গান কত কালের, প্রবাসী, সংখ্যাঃ ভাদ্র১৩৩৪, পৃষ্ঠাঃ৬৪৪

৬. চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শূন্যপুরাণ, গ্রন্থ ও গ্রন্থকার [ভূমিকা], বসুমতী সাহিত্য মন্দির, কলকাতা, ১৩৩৬

তৃতীয় অধ্যায় :

শ্রীধর্মপুরাণের কাব্য-কথায় রামাই, ময়ূরভট্ট ও অন্যান্য কবির ভূমিকা

তৃতীয় অধ্যায়

শ্রীধর্মপুরাণের কাব্য-কথায় রামাই, ময়ূরভট্ট ও অন্যান্য কবির ভূমিকা

শ্রীধর্মপুরাণের কাব্যকথার দুইটি স্বতন্ত্র ভাগ রয়েছে- একটি রাজা হরিশ্চন্দ্রের কথা, অন্যটি লাউসেনের কথা। লাউসেন-কথা পরবর্তীকালে সংযোজিত হয়ে ধর্মমঙ্গল কাব্যের মুখ্য কাহিনি হিসেবে পরিচিতি পেলেও, তৎপূর্বে মার্কণ্ড মুনি ও হরিশ্চন্দ্র-মদনার কাহিনিই এই কাব্যধারার মূল উপজীব্য ছিল। কবি ময়ূরভট্টকে আমরা বলতে পারি ধর্মায়ণের কাহিনিকথা তথা ধর্মমঙ্গল-সঙ্গীতের আদ্য-কবি। তিনিই সর্বপ্রথম লাউসেনের পালা রচনা করেছিলেন; পরবর্তী ধর্মমঙ্গলকবিরা ময়ূরভট্টের অনুসরণেই ধর্মমাহাত্ম্যগাথা রচনা করেছেন। কিন্তু প্রাচীনতম ধর্মসাহিত্যের কাহিনির নায়ক নিঃসন্দেহে ছিলেন রাজা হরিশ্চন্দ্র। রামাই পণ্ডিতের শূন্য-পুরাণ যেহেতু ধর্মঠাকুরের পূজা-পদ্ধতি ও মন্ত্রাচারসমূহের আদিগ্রন্থ হিসেবেই বেশি পরিচিত ছিল, তাই ধর্মপূজাবিধিবিধানে হরিশ্চন্দ্র ও মদনার কাহিনির আংশিক ছায়াপাত ঘটেছে। রামাই এই পূজার আদি-পুরোহিত, তাঁর প্রবর্তিত বিশেষ পূজাবিধিই পরবর্তীতে তাঁর শিষ্যরা অনুসরণ করেছিলেন। কালান্তরে এই ধর্মপূজক-শিষ্যদের মুখে মুখে প্রচারিত নানান পাঁচালি বা ধর্মমাহাত্ম্যসূচক লৌকিক ছড়া পূজানুষ্ঠানের আনুষঙ্গিক হিসেবে ব্যবহৃত হতে হতে নানান সময়ে হয়তো হরিশ্চন্দ্র আখ্যানের মতোই রামাই পণ্ডিতের নামে প্রচলিত হয়ে গেছে।

মঙ্গলসাহিত্যের অন্যান্য লোকায়ত দেব-দেবীরা যেমন পৌরাণিক স্বীকৃতি ও আভিজাত্য লাভ করে বাঙালি হিন্দুর পূজ্য দেবতা হয়ে উঠেছিলেন, শ্রীধর্মরাজও তেমনই আর্যীকরণের ফলে মঙ্গলপাঁচালির আরাধ্য দেবতার আসন লাভ করেছিলেন। রাঢ়বাংলার এই সবচেয়ে জনপ্রিয় লৌকিক পুরুষদেবতাটিকে নিয়ে মঙ্গলকাব্যের ধর্মসাহিত্যধারায় মোট তিনপ্রকার গ্রন্থরচনা হয়েছিল- একটি হলো ধর্মপূজার বিধিবিধান সংক্রান্ত গ্রন্থ, যা অন্য কোনও মঙ্গলকাব্যে দেখা যায়না; ধর্মপূজার মন্ত্র, দিন-ক্ষণ-তিথি, রীতি-নিয়ম, বিশেষ উপাচার পদ্ধতি সম্পর্কিত শাস্ত্রকথা। দ্বিতীয়টি হলো কবিপরিচয়, বিশ্বসৃষ্টিকথা, পূজারী ও পূজাসংলগ্ন নানান দৈবী উপকথা এবং ধর্মপূজার ইতিবৃত্ত সম্পর্কিত শূন্যপুরাণ; মঙ্গলকাব্যের প্যাটার্ন অনুযায়ী এর রচনারীতি। উক্ত দুই প্রকার রচনাই আদি পুরোহিত রামাই পণ্ডিতের

নামে প্রচলিত। আর তৃতীয়টি হলো ধর্মমাহাত্ম্যকথা তথা ধর্মরাজের বরপুষ্ট নায়ক লাউসেনের কাহিনি। বিষয়বস্তুর দিকে চোখ রাখলে আমাদের বর্তমান আলোচ্য ধর্মপূজাবিধিবিধানের পর্যালোচনায় দেখতে পাবো- সৃষ্টিপত্তন, বারোমাসি, শূন্যবাদ, ব্রহ্মজ্ঞান সম্পর্কিত আলোচনা, সংজাত পদ্ধতি, ধর্মপূজাবিধান, পুষ্পাঞ্জলি, হোম-যজ্ঞ, ধর্মপ্রণাম প্রভৃতি নানান ছোটো ছোটো পর্যায়ে ধর্ম-দর্শন-তত্ত্ব ও পুরাণের ভাবসম্পদ এতে ব্যাখ্যাত হয়েছে। টুকরো টুকরো পর্বে বিন্যস্ত ধর্মঠাকুরের এই বন্দনাগানকে হাকন্দপুরাণ, আদিপুরাণ, আগমপুরাণ, অনিলপুরাণ, শ্রীধর্ম্মপুরাণ ইত্যাদি নানান নামে অভিহিত করেছেন ধর্মমঙ্গলের কবিরা।

আলোচ্য অধ্যায়ের প্রথম পর্বে আমরা শূন্যপুরাণ ও ধর্মসাহিত্যকথার দুটি ভিন্নধারার রচনারীতির স্রষ্টা যথাক্রমে ধর্মগুরু শ্রীরামাই পণ্ডিত ও কবি ময়ূরভট্টের অবদান সম্পর্কে আলোকপাত করবো-

রামাই পণ্ডিত- ধর্মপূজার্চনার আদিগুরু রামাইকে যাঁরা পাঁচটি যুগে ধর্মরাজের পঞ্চপণ্ডিত-যাজকের অন্যতম [কলিযুগের লোহিতকায় রূপধারী অবতার] যুগাবতাররূপে বন্দনা করেছেন, তাঁরা নানান লৌকিক কল্পকাহিনির আড়ালে তাঁর ব্যক্তিত্বকে আচ্ছাদিত করে ফেলেছেন। কিন্তু বাস্তবে নানান ঐতিহাসিক সূত্র থেকে ব্যক্তি রামাই-এর জীবৎকাল নির্ণয় করার প্রচেষ্টাও করেছেন হরপ্রসাদ শাস্ত্রী, দীনেশচন্দ্র সেন, বসন্তকুমার চট্টোপাধ্যায়, যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, ননীগোপাল বন্দ্যোপাধ্যায়, মুহম্মদ শহীদুল্লাহ বা চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের মতো পণ্ডিত-গবেষকরা। সকল প্রাপ্ততথ্যের নিরিখে রামাইকে আনুমানিক নয় থেকে চোদ্দ শতকের মধ্যবর্তী [৬০০বছর সময়পর্বের] কোনও একসময়ের ব্যক্তিত্ব বলে ধরে নেওয়া চলে।

আচার্য দীনেশ্চন্দ্র সেন শাস্ত্রীমশাইকে অনুসরণ করেই রামাই পণ্ডিতের ঐতিহাসিক সময়কাল নির্ণয়ের চেষ্টা করেছিলেন-

> "বঙ্গের নিম্নশ্রেণীর মধ্যে ধর্মপূজার প্রধান পাণ্ডা রামাই পণ্ডিত মহারাজ ধর্মপালের সময় বর্তমান ছিলেন।"[১]

ঐতিহাসিক বিচারে প্রাচীন খোদিত লিপি ও নানান গ্রন্থে একাধিক ধর্মপালের উল্লেখ পাওয়া যায়। তাহলে, রামাই পণ্ডিত কোন ধর্মপালের সমসাময়িক ছিলেন? পালরাজাদের তাম্রশাসন অনুযায়ী, গোপালের পর মগধের সিংহাসনে বসেন তাঁর পুত্র **১ম** ধর্মপাল, তিনি আনুমানিক ৭৮৫ থেকে ৮৩০ খ্রি. পর্যন্ত প্রবল পরাক্রমে রাজ্যশাসন করেছিলেন। এর প্রায় ২০০বছর পর ২য় ধর্মপালের রাজত্বকাল। আবার ইতিহাস বলছেন, রংপুর জেলার ডিমলা থানার অন্তর্গত ধর্মপুরে এক ধর্মপাল রাজত্ব করতেন, তাঁর পুরাকীর্তির ধ্বংসাবশেষ এখনও পাওয়া যায়। এই বিষয়ে ঐতিহাসিক কালপঞ্জিকে সামনে রেখে যুক্তিগ্রাহ্য খুঁটিনাটি তথ্যবিচারে সুদীর্ঘ আলোচনা করেছেন শূন্য-পুরাণের প্রথম সম্পাদক প্রাচ্যবিদ্যার্ণব শ্রী নগেন্দ্রনাথ বসু তাঁর গ্রন্থসম্পাদকীয়তে[২]। একথা স্পষ্ট যে প্রথাগত ধর্মসাহিত্যের সঙ্গে রামাই-এর যোগ কোনোদিনই ছিল না। তবে রামাই-এর সমসময়ে রাজা হরিশ্চন্দ্রের কাহিনিটি সর্বপ্রথম কীর্তিত হতে শুরু করে বলেই হয়তো ধর্মগুরু রামাই-প্রচলিত পূজা-পদ্ধতির মধ্যে হরিশ্চন্দ্র ও মদনার কাহিনির ছিন্নসূত্র রয়ে গেছে। এছাড়া শূন্যপুরাণের কবিকথায় রামাইয়ের জন্মবৃত্তান্ত ও বংশপরিচয় আলোচনাসূত্রে প্রথম অধ্যায়েই তাম্রদীক্ষালাভের ফলে তাঁর ধর্মপণ্ডিত হয়ে ওঠার আখ্যান আমরা বিশদে আলোচনা করেছি।

ময়ূরভট্ট- ধর্মমঙ্গলের প্রায় সকল কবিই লাউসেনের বীরত্বগাথা রচনা করতে গিয়ে ধর্মায়ণের আদিকবি হিসেবে যাঁর বন্দনা করেছেন, তিনি হলেন দ্বিজ ময়ূরভট্ট। ব্রাহ্মণকবিদের মধ্যে তিনিই ধর্মমঙ্গলগান রচনার পথপ্রদর্শক, তাঁর কাব্যের নাম 'হাকন্দ-পুরাণ'। ময়ূরভট্টের আনুমানিক সময়কাল চোদ্দ-পনেরো শতক বলা চলে, কিন্তু ময়ূরভট্টের কাব্যের কোনও প্রামাণিক পুথি পাওয়া যায়না। শ্রদ্ধেয় বসন্তকুমার চট্টোপাধ্যায়ের সম্পাদনায় বঙ্গীয় সাহিত্য পরিষৎ থেকে (১৩১০সালে রচিত) 'ময়ূরভট্ট বিরচিত শ্রীধর্মপুরাণ' নামে যে গ্রন্থটি প্রকাশিত হয়েছিল, তা যে আদৌ ময়ূরভট্টের রচনা নয়, বরং ১৮দশ শতকের কবি রামচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের রচনা- এ সত্য যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি বা পঞ্চানন মণ্ডলের মতো পণ্ডিতেরা নানান তথ্যসূত্র দিয়ে অভ্রান্তভাবে প্রমাণ করে দেখিয়েছেন[৩]। আসলে আদিকবি ময়ূরভট্টের কোনও রচনা হয়তো অনুজ কবিরা দেখেননি, কিন্তু পূর্বশ্রুত ধারার পুনরাবৃত্তি হিসেবে সকলেই কাব্যারম্ভে তাঁকে আদিকবি হিসেবে স্মরণ করেছেন। এরপর ১৯৭৪সালে শ্রীযুক্ত অক্ষয়কুমার

কয়াল ও শ্রীমতি চিত্রা দেবের যুগ্ম সম্পাদনায় ময়ূরভট্টের একক ভণিতাযুক্ত ধর্মমঙ্গল কাব্যের একটি খণ্ডিত পুথি প্রকাশ পায়; এটিই যে মূল, আদি এবং সুপ্রাচীন ময়ূরভট্টের প্রামাণ্য কাব্য, সম্পাদকদ্বয় তা প্রতিষ্ঠা করার আপ্রাণ চেষ্টা করেছেন[৪]।

এখন বিভিন্ন সময়ের অনুজ ধর্মমঙ্গল-কবিদের কাব্যকথায় আদ্যকবি ময়ূরভট্টের প্রশস্তি সম্পর্কে আমরা চোখ রাখবো-

১. রূপরাম চক্রবর্তী (আনু. ১৬শতক)

ক] ময়ূর ভট্ট কৃপান্বিত হৈল করতার।
মরতে ধর্মের গীত করিতে প্রচার।।

খ] ময়ূর ভট্টের পদ মনে অনুমানি।

২. মাণিকরাম গাঙ্গুলি (আনু. ১৬ মতান্তরে ১৮-শতক)

ক] বন্দিয়া ময়ূর ভট্ট কবি সুকোমল।
দ্বিজ শ্রীমাণিক ভণে শ্রীধর্মমঙ্গল।।

খ] বন্দিয়া ময়ূর ভট্ট আদি রূপরাম।
দ্বিজ শ্রীমাণিক ভণে ধর্মগুণগান।।

৩. সীতারাম দাস (আনু. ১৭শতক)

ক] ময়ূর ভট্টকে   বন্দিয়া মস্তকে
সীতারাম দাসে গায়।।

খ] ময়ূর ভট্ট মহাশয়ের সুন্দর পাঁচালী।

গ] ময়ূর ভট্ট দ্বিজবর যোগে নিরমল।
প্রকাশ করেন যেবা ধর্মের মঙ্গল।।

৪. শ্রীশ্যাম পণ্ডিত (আনু. ১৭শতক)

ক] ময়ূরভট্ট দ্বিজবরে   বিনয় করিয়া তারে

পুন রচে শ্রীশ্যাম পণ্ডিত।।

৫. গোবিন্দরাম বন্দ্যোপাধ্যায় (আনু. ১৮শতক)

ক] আছিল ময়ূর ভট্ট সুকবি পণ্ডিত।

রচিল পয়ার ছন্দে অনাদ্যের গীত।।

ভাবিয়া তাঁহার পাদপদ্ম-শতদল।

রচিল গোবিন্দ বন্দ্য ধর্মের মঙ্গল।।

৬. ঘনরাম চক্রবর্তী (আনু. ১৮শতক)

ক] হাকন্দ পুরাণ মতে   ময়ূরভট্টের পথে

জ্ঞানগম্য শ্রীধর্ম সভায়।

খ] ময়ূর ভট্টে বন্দি দ্বিজ ঘনরাম গায়।

গ] স্থানে স্থানে বন্দিব যতেক দেবদেবী।

ময়ূর ভট্টে বন্দিব সঙ্গীত আদ্যকবি।।

রামাই পণ্ডিত এবং ময়ূরভট্ট সম্পর্কিত আলোচনার পর এই অধ্যায়ের দ্বিতীয় পর্বে আমরা সংক্ষেপে দেখে নেবো ধর্মসাহিত্যকথায় অন্যান্য মঙ্গলকবিদের অবদান প্রসঙ্গটি-

১] আদি রূপরাম- কবি ময়ূরভট্টের পর সম্ভবত খ্রিষ্টীয় ১৫শতকে আদি রূপরামই সর্বপ্রথম ধর্মমঙ্গলগান রচনা করেছিলেন। যদিও তাঁর ‘ধর্মপাঁচালী’র কোনও পুথি এখনও আবিষ্কৃত হয়নি, তাই তাঁর প্রাচীনত্ব সম্পর্কেও আমরা নিঃসংশয় হতে পারিনা। কিন্তু কবি মাণিকরাম গাঙ্গুলির রচনায় ময়ূরভট্টের পাশাপাশি সমসাময়িক এই রূপরামের নামোল্লেখ দেখা যায়; মাণিকরাম এঁকে আদি রূপরাম নামে চিহ্নিত করেছেন। তবে ‘বন্দিয়া ময়ূরভট্ট আদি রূপরাম’-পদে মাণিকরাম যে ইত্যাদি-অর্থে

রূপরাম-আদি কবিদের স্মরণ করেছেন, আচার্য সুকুমার সেনের এমন দাবিও অসমীচীন নয়। কারণ ধর্মমঙ্গলকাব্যধারায় রূপরাম নামে দ্বিতীয় কোনও কবির সন্ধান পাওয়া যায়নি; রূপরামের ভণিতায় এযাবৎ যেসমস্ত পুথি আবিষ্কৃত হয়েছে, সেগুলি সবই পরবর্তীকালের এক এবং অদ্বিতীয় ধর্মমঙ্গলকবি রূপরাম চক্রবর্তীর রচনা বলেই মনে হয়---তবু এমনটাও ঘটতে পারে যে নামসাদৃশ্যহেতু আদি রূপরামের রচনার কিছু অংশ হয়তো পরবর্তী কবির রচনায় স্থান পেয়েছে! তাই বর্তমানে স্বতন্ত্রভাবে আদি রূপরামের কাব্যপরিচয় উদ্ধার করা প্রায় অসম্ভব।

২] খেলারাম চক্রবর্তী- আদি রূপরামের পর প্রাচীনতার নিরিখে সম্ভবত আসে খেলারামের নাম। পরবর্তী কোনও কবির রচনায় তাঁর নামোল্লেখ না থাকলেও, তাঁর কাব্যের রচনাকাল নির্দেশক পুষ্পিকাটি থেকেই তাঁর সময়কাল সম্পর্কে অনুমান করা যায়। হারাধন দত্ত বা নগেন্দ্রনাথ বসু খেলারামের বেশ কিছু পুথি দেখেছিলেন, কিন্তু কালের গর্ভে সব পুথিই আজ নিরুদ্দেশ। হারাধনবাবুর দেখা পুথিটিতে কবির স্বহস্তলিখিত একটি পদ পাওয়া গেছে, যেটি থেকে আমরা তাঁর সময়কাল সম্পর্কে ধারণালাভ করতে পারি-

ভুবন শকে বায়ু মাস শরের বাহন।
খেলারাম করিলেন গ্রন্থ আরম্ভন।।

ভুবন অর্থে চতুর্দশ আর বায়ু ঊনপঞ্চাশ; সুতরাং ১৪৪৯শক অর্থাৎ ১৫২৭-২৮খ্রিষ্টাব্দ নাগাদ কবি তাঁর কাব্যরচনা আরম্ভ করেছিলেন।

৩] মাণিকরাম গাঙ্গুলি- সময়পর্বের হিসেবে এরপরেই আসে মাণিকরাম গাঙ্গুলির নাম। বঙ্গীয় সাহিত্য পরিষৎ ও কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬০সালে মাণিকরাম গাঙ্গুলির ধর্মমঙ্গল প্রকাশিত হয়। তাঁর কাব্যরচনাকাল নিয়ে বিদগ্ধমহলে তর্ক-বিতর্কের শেষ নেই। মুদ্রিত গ্রন্থে তাঁর রচনার সমাপ্তিকাল নির্দেশক পদটির পাঠান্তর থেকে লিপিকর প্রমাদজনিত এই বিভ্রান্তির জন্ম; স্বর্গত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি বা আচার্য দীনেশচন্দ্র সেন প্রমুখরা গ্রন্থের ভাষা, বংশলতা বা প্রাচীন পঞ্জিকার হিসেব মিলিয়ে তাঁকে আনুমানিক ১৬(মতান্তরে ১৮)শতকের মধ্যবর্তীকালীন বলে দাবি করেছেন। মুহম্মদ শহীদুল্লাহ বা

বসন্তকুমার চট্টোপাধ্যায়-এর মতো গবেষকরাও ভিন্ন ভিন্ন যুক্তিতে মাণিকরামের সময়কাল নিরূপণ করতে সচেষ্ট হয়েছেন।

মাণিকরামের কাব্য অন্যান্য ধর্মমঙ্গলের মতোই ২৪টি পালায় সম্পূর্ণ। প্রথমে স্থাপনা পালায় গ্রন্থোৎপত্তির বিবরণ, ধর্মের বন্দনা, মার্কণ্ড মুনির ধর্মপূজার কথা, সৃষ্টিতত্ত্ব ইত্যাদি বর্ণিত হয়েছে এবং পরবর্তী ২৩টি পালায় নায়ক লাউসেনের বীরত্বগাথা বিস্তৃতভাবে বর্ণিত হয়েছে। প্রাচীনত্বের কারণে কয়েকটি স্থানে কাব্যকাহিনির স্বাতন্ত্র্য চোখে পড়ে, যেমন আগেই বলেছি আমরা যে মার্কণ্ড মুনির কথা প্রাচীনতর ধর্মসাহিত্যের উপজীব্য ছিল। আবার গৌণ চরিত্রের নামকরণের ক্ষেত্রেও পরবর্তী কবিদের সঙ্গে মাণিকরামের দুস্তর সময়-ব্যবধান স্পষ্ট বোঝা যায়।

৪] রূপরাম চক্রবর্তী- মাণিকরামের সমসাময়িককালেই সম্ভবত রূপরাম চক্রবর্তীর আবির্ভাব, কারণ মাণিকরামের কাব্যের কয়েকবছর পরেই আনুমানিক **১৬**শতকে রূপরামের কাব্যটি রচিত হয়। তবে বিভিন্ন পুথিতে পুষ্পিকার পাঠান্তরের কারণে শ্রদ্ধেয় যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, সুকুমার সেন ও পঞ্চানন মণ্ডল অথবা সুখময় মুখোপাধ্যায়ের কালনির্ণয়ের মধ্যে (মতান্তরে আনু. ১৭শতকের মধ্যপর্ব) মতানৈক্য দেখা যায়। রূপরামের কাব্যের বিপুল প্রচারের কারণে ভাষাবিচারে তাঁর সুনির্দিষ্ট কালনিরূপণ প্রায় অসম্ভব। তবে মাণিকরাম গাঙ্গুলি এবং রূপরামের কাব্যের বেশ কিছু অংশে হুবহু আক্ষরিক মিল দেখা যায়; এক্ষেত্রে উভয়েরই আদর্শ কবি আদি রূপরাম কিনা প্রশ্ন জাগে। ইছাইবধ পালাটি দেখেও সন্দেহ জাগে হয়তো উভয় সমসাময়িক কবিই ময়ূরভট্টকে আত্মসাৎ করে কাব্যরচনা করেছেন; আদি রূপরাম বা ময়ূরভট্টের পুথি আবিষ্কৃত না হলে এ ধোঁয়াশা কাটবে না।

একথা সত্য যে ধর্মমঙ্গল কাব্যের যে বিচিত্র কাহিনি সম্ভার, তা বহুলাংশেই রূপরামের কল্পনাপ্রসূত। তাঁর কাহিনিবয়নে আছে যেমন অপরিসীম এক মহাকাব্যিক বিশালতা, স্বর্গে-মর্ত্যে অবাধ মেশামেশি---তেমনই তার পরতে পরতে রয়েছে জনসাধারণের জীবনযাত্রার বিশদ প্রতিফলন। রূপকথাধর্মিতা বা অলৌকিক উপাদানের আতিশয্য কিছু পরিমাণে দেখা গেলেও অখণ্ড সমগ্রতায় ও একতায় একটা সাম্যাবস্থা বজায় থেকেছে, কখনোই ভারাক্রান্ত হয়ে ওঠেনি। গৌড়েশ্বর, রঞ্জাবতী এবং

কর্পূর চরিত্র তিনটি তাঁর কাব্যে সবচেয়ে জীবন্তরূপে ধরা দিয়েছে নিঃসন্দেহে। এছাড়া বীররসাত্মক যুদ্ধপ্রসঙ্গ থেকে কোমল হাস্যরস- সবরকম বর্ণনাতেই কবি স্বীয় প্রতিভার স্বাক্ষর রেখেছেন। কবির আত্মকথাটিও সমালোচকদের অকুণ্ঠ প্রশংসা অর্জন করেছে। কৃত্তিবাস ও কবিকঙ্কণ মুকুন্দের আত্মকাহিনির সঙ্গে রূপরামের তুলনা টেনে সুখময়বাবু দেখিয়েছেন, কৃত্তিবাসের আত্মকথা যেমন অজস্র তথ্যপূর্ণ ঐতিহাসিক দলিল, মুকুন্দের রচনাকে বলা যেতে পারে দুঃখ-যন্ত্রণার মর্মস্পর্শী ব্যঞ্জনাগর্ভ বহিঃপ্রকাশ। আর-

"এঁদের আত্মকাহিনীকে যদি সাগরের সঙ্গে তুলনা করি, রূপরামের আত্মকাহিনীকে তুলনা করতে হবে একটি নিটোল শিশিরবিন্দুর সঙ্গে।"[৫]

৫] শ্যাম পণ্ডিত- শ্যাম পণ্ডিতের ধর্মমঙ্গল উত্তর-পশ্চিম রাঢ়ের বীরভূম অঞ্চলে মূলত প্রচলিত ছিল। এই কবি রচিত একটিমাত্র অসম্পূর্ণ পুথির বিষয়ে জানা যায়। ১৬২৫শকে অর্থাৎ ১৭০৩-০৪সালে অনুলিপিকৃত বিশ্বভারতী-সংগৃহীত এই ধর্মমঙ্গল পুথিটির(নং ৪০৮)প্রথমাংশে শ্যাম পণ্ডিতের ভণিতা মেলে মাত্র। পুথিতে কবিপরিচয় সম্পর্কে কিছুই জানা যায়না, তবে উপাধি দেখে মনে করা হয় তিনি ধর্মপূজক ছিলেন- ধর্মদাস হিসেবে ভণিতায় কবির উল্লেখও পাওয়া যায়। আবার এও হতে পারে, এই ধর্মদাস পৃথক কোনও ব্যক্তি। স্থানীয় জনশ্রুতি-নির্ভর কাহিনির বয়ন, বীরভূম অঞ্চলকেন্দ্রিক কাব্যের ঘটনাস্থান। কবিত্বশক্তি উচ্চাঙ্গের বলা চলে না, দেবতাই মহিমান্বিত হয়েছেন আদ্যন্ত। শ্যাম পণ্ডিতের একাব্যের নাম 'নিরঞ্জন-মঙ্গল'-

নিরঞ্জন-মঙ্গলের অপূর্ব বন্দনা।
আদর করিয়া ভাই শুন সর্বজনা।।

৬] সীতারাম দাস- সপ্তদশ-অষ্টাদশ শতকের সন্ধিক্ষণের কবি সীতারাম দাস। ১৬৯৮-৯৯সাল নাগাদ ধর্মমঙ্গল এবং ১৭০৮-০৯সাল নাগাদ মনসামঙ্গল কাব্য রচনা করেছেন তিনি। বিস্তৃত বংশপরিচয় ও আত্মবিবরণ কবির কাব্যের অন্যতম সম্পদ বলা চলে। তিনি বাঁকুড়া অঞ্চলের কবি, বর্ণে কায়স্থ। পিতৃমাতৃকুলের সবিশেষ বংশলতিকা, গৃহদেবতা গজলক্ষ্মীর কথা, দেবী ভবানীর স্বপ্নাদেশে ধর্মনিরঞ্জনের

সংকীর্তনের আদেশলাভ এবং তারপর জঙ্গলে কাঠ কাটতে যাওয়ার সময় সন্ন্যাসীবেশী শ্রীধর্মরাজের সাক্ষাৎলাভ তাঁর কাব্যের গ্রন্থোৎপত্তির কারণ অংশে বর্ণিত হয়েছে। রচনারীতি সরল, পাণ্ডিত্য ও আলংকারিক পারিপাট্যবর্জিত, অনেকখানি প্রাচীন পাঁচালির লক্ষণাক্রান্ত বলা চলে; কাহিনি বা চরিত্রের উত্থান-পতনও গতানুগতিক ধাঁচে সাবলীলভাবে এগিয়েছে।

৭] রাজারাম দাস- চব্বিশ পরগণা জেলার মাগুরা পরগণার শিখরবালি গ্রামের অধিবাসী কবি রাজারাম দাস। কাব্যে তাঁর দীর্ঘ আত্মপরিচয় পাওয়া যায়। তাঁর গ্রন্থরচনাকাল- 'পক্ষ পক্ষ রস মহী শক সম্বৎসর' অর্থাৎ ১৬২২শকে বা ১৭০০খ্রিষ্টাব্দে তাঁর কাব্যটি রচনা করেছিলেন। কাব্যটির আদ্যন্ত খণ্ডিত একখানি পুথি শ্রদ্ধেয় অক্ষয়কুমার কয়াল সংগ্রহ করেছিলেন-- যেটিকে কেবলমাত্র হরিশ্চন্দ্র পালার পুথি বলা চলে এবং এই পালাটিকেই কাব্যে 'জাগরণ পালা' বলা হয়েছে। প্রচলিত হরিশ্চন্দ্র পালার সঙ্গে রাজারামের রচনার বিশেষ মিল নেই। ভক্ত লুইচন্দ্রের বিপদের সময় আতুরমূর্তিতে ধর্মরাজ তাকে দর্শন দিয়েছেন একাব্যে। যদিও ধর্মমঙ্গল কাব্যের জাগরণ পালা বলতে মূলত পশ্চিমোদয় পালাকেই বোঝায়, তবু কবি হয়তো এই একটি পালাই রচনা করেছিলেন বলে একেই জাগরণ পালা বলে নির্দেশ করেছেন। হরিশ্চন্দ্র পালা ধর্মসাহিত্যের প্রাচীনতম কাহিনি, তাই আমাদের মনে হয় কবি হয়তো প্রাচীনতারই অনুগামী ছিলেন। তবে কাহিনির রূপকথাধর্মী বয়নে বেশ অভিনবত্ব লক্ষ করা যায়। প্রথাগত ঐতিহ্যচ্যুত অসম্পূর্ণ রচনা হলেও এই কাব্যের গুরুত্ব অনস্বীকার্য। কারণ ভাগীরথীর পূর্বতীরে রচিত হয়েছিল যে গুটিকয়েক ধর্মমঙ্গল কাব্য, রাজারামের কাব্য তাদের মধ্যে অন্যতম।

৮] রামদাস আদক- রামদাস আদকের কাব্যের নাম 'অনাদি-মঙ্গল'; বসন্তকুমার চট্টোপাধ্যায়ের সম্পাদনায় ১৩৪৫বঙ্গাব্দে কাব্যটি প্রকাশিত হয়। ডঃ সুকুমার সেন বলবেন-

"ইহার বারো আনাই রূপরামের পুঁথির বস্তু, শুধু ভণিতা রামদাসের"[৬]।

কাব্য-সম্পাদনায় বসন্তবাবু কোনও পুথির উল্লেখ করেননি, কাব্যরচনাকাল হিসেবে জানিয়েছেন ১৫৮৪শক অর্থাৎ ১৬৬২সালের ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী তিথির কথা। রামদাসের বংশধরদের বাড়ি থেকে তাঁর রচিত নানান পালার পুথি পাওয়া গেছে বিচ্ছিন্নভাবে। প্রত্যেক পালার আলাদা আলাদা

ক্রমিকসংখ্যা। আত্মকথার শেষাংশ খণ্ডিত। কাব্যের ভাবে ও ভাষায় পাণ্ডিত্যের আড়ম্বর নেই। রূপরাম এবং রামদাস প্রায় সমসাময়িক হওয়ায় উভয়ের রচনার কালক্রম নিয়ে অনেক মতভেদ আছে। কবি কৈবর্ত-বংশীয়, হুগলী জেলায় তাঁর আদিনিবাস। কাব্যে তিনি যে রাজা প্রতাপনারায়ণের কথা উল্লেখ করেছেন, তিনি কবি ভারতচন্দ্রের পূর্বপুরুষ; এখান থেকেই তাঁর সময়কাল সম্পর্কে অনুমান করা যায়। কাব্যে জানা যায়- যখন শাসকের অত্যাচারে ও ঋণভারে জর্জরিত হয়ে ভাগ্যের পরিহাসে কবি গৃহত্যাগী, পলাতক, নিদারুণ যন্ত্রণাক্লিষ্ট ও অসহায়, তখন দিব্যকান্তিরূপে স্বয়ং ধর্মরাজ (ঝাড়গ্রামের কালুরায়)পিপাসার্ত কবিকে জল্ পান করিয়ে সুস্থ করে তোলেন এবং আত্মপরিচয় দিয়ে কাব্যরচনার আদেশ দেন।

৯] যাদুনাথ বা যাদব পণ্ডিত- যাদবরাম নাথ বা যাদুনাথ একখানি ধর্মপুরাণ রচনা করেছিলেন, যেটি প্রকাশ পায় ১৯৫৮সালে বিশ্বভারতী ‘সাহিত্য প্রকাশিকা’র ৩য় খণ্ডে। কাব্যের বিষয়বস্তু কেবলমাত্র হরিশ্চন্দ্র-মদনার কাহিনি, তারপরেই ‘জাগরণ সমাপ্ত’ এবং কাব্যটিও শেষ। এখানে লক্ষণীয়- যাদুনাথের কাব্যে আদিকবি হিসেবে কোথাও ময়ূরভট্টের উল্লেখ নেই, পরিবর্তে ধর্মমঙ্গলের স্রষ্টা হিসেবে রয়েছে রামাঞি পণ্ডিতের প্রশস্তি। তাঁর ধর্মপুরাণের সম্পাদক ডঃ পঞ্চানন মণ্ডল। অধ্যাপক মণ্ডল ছাড়াও সুকুমার সেন বা সুখময় মুখোপাধ্যায়ের মতো পণ্ডিত-গবেষকরা নানান তথ্য-প্রমাণ-সূত্র ও কবিকৃত ভণিতা থেকে তাঁর কাব্যরচনাকাল নির্ণায়নে প্রয়াসী হয়েছেন(১৫৯১ মতান্তরে ১৬৯১খ্রিষ্টাব্দ)।

১০] ঘনরাম চক্রবর্তী- সর্বকালের শ্রেষ্ঠ এবং সর্ববৃহৎ ধর্মমঙ্গল রচয়িতা হলেন কবি ঘনরাম চক্রবর্তী। অখণ্ড পুথির সন্ধান পাওয়া না গেলেও বিপুল প্রচারের জন্য তাঁর কাব্যেরই সর্বাধিক সংস্করণ প্রকাশিত। গ্রন্থের পরিসমাপ্তিতে তাঁর রচনাকাল নির্দেশক হেঁয়ালিটি পাওয়া যায়-

সঙ্গীত আরম্ভ কাল নাহিক স্মরণ।
শুন সবে যে কালে হইল সমাপন।।
শক লিখে রামগুণ রস সুধাকর।
মার্গকাদ্য অংশে হংস ভার্গব বাসর।।

সুলক্ষ বলক্ষ পক্ষ তৃতীয়াখ্য তিথি।

যামসংখ্য দিনে সাঙ্গ সঙ্গীতের পুথি।।

সুতরাং, ১৬৩৩শক অথবা ১৭১১-১২সালের অগ্রহায়ণ মাসের শুক্রবার শুক্লা তৃতীয়া তিথিতে কাব্যরচনা সমাপ্তির ইঙ্গিত স্পষ্ট। বর্ধমান জেলার কইয়ড় পরগণার কৃষ্ণপুর গ্রামে কবির জন্ম। বংশপরিচয় পাওয়া যায় সবিস্তারে। বর্ধমানরাজ কীর্তিচন্দ্র সম্ভবত তাঁর পৃষ্ঠপোষক ও প্রতিপালক ছিলেন, কৃতজ্ঞতাবশে কাব্যে তাঁর কল্যাণকামনা করেছেন ঘনরাম; কিন্তু ভারতচন্দ্রের মতো সভাকবি হওয়ার সৌভাগ্য হয়তো ঘনরামের হয়নি- তাই রাজাদেশে কাব্যরচনার কোনও উল্লেখও কাব্যে পাওয়া যায়না। বরং কাব্যরচনার মূলে টোলের অধ্যাপক শিক্ষাগুরুর কথা শ্রদ্ধার সঙ্গে বারবার কাব্যে উচ্চারণ করেছেন কবি। তাঁর কৃপা ও আদেশই কবির কাছে দৈবাদেশতুল্য, তাই অন্য কোনও দেবতার স্বপ্নাদেশের প্রসঙ্গও কাব্যে উল্লিখিত হয়নি। কোনও রাজা নয়, পরিবর্তে এই গুরুই তাঁকে ‘কবিরত্ন’ উপাধি দিয়েছিলেন-

নিজ গুণে করি যত্ন   নাম দিলা কবিরত্ন

কৃপাময় করুণা-আধান।।

ঘনরাম শ্রীরামচন্দ্রের ভক্ত ছিলেন বলেই তাঁর কাব্যের নায়ক লাউসেন চরিত্রায়নে সেই প্রভাব সুস্পষ্ট। স্বভাবকবিত্ব এবং পাণ্ডিত্যের সার্থক মেলবন্ধন তাঁর কাব্যকে অনন্যতা দান করেছে; কাব্যের ভাষা অত্যন্ত শ্রুতিমধুর, মার্জিত এবং আলংকারিক গুণান্বিত। ছন্দোরীতির বৈচিত্র্য, অনুপ্রাস-প্রয়োগ, প্রবচনের ব্যবহার, চরিত্রায়নে অভিনবত্ব, পৌরাণিক প্রসঙ্গের উল্লেখ ইত্যাদি বিষয়ে ভারতচন্দ্রের পথকে সুগম করে দিয়েছিলেন ঘনরাম নিঃসন্দেহে। বাংলার সাংসারিক জীবনচিত্র বর্ণনায় যে সুগভীর জীবনবোধ, সমাজ-বাস্তব অভিজ্ঞতা ও নিপুণ দূরদর্শিতার পরিচয় রেখেছেন যুগসন্ধিক্ষণের কবি ঘনরাম সেকথা বলার অপেক্ষা রাখেনা।

১১] প্রভুরাম মুখোপাধ্যায়- দ্বিজ প্রভুরাম নামে একজন কবির ভণিতাযুক্ত একটি ধর্মমঙ্গলের পুথি পাওয়া যায়, যদিও সমগ্র কাব্যটি পাওয়া যায়নি- মুদ্রিত আকারে প্রকাশও পায়নি। আনুমানিক ১৬৬৬খ্রিষ্টাব্দে পুথিটি অনুলিখিত, কোনও কোনও অংশের অনুলিখনকাল আবার ১৭১০নাগাদ। সংক্ষিপ্ত

বংশপরিচয়ের পরেই কবি ভণিতায় এবং গ্রন্থসমাপ্তিতেও বারবার নিজেকে ক্ষুদি রায়ের(ধর্মঠাকুর)সেবক বলেছেন। মল্লরাজ গোপালসিংহের রাজত্বকালে তাঁর পাঁচালি রচনা; দ্বিজ রামচন্দ্র এবং প্রভুরাম প্রায় সমসাময়িক। মল্লভূমের আলিগচিন্যা গ্রামে কৃষক ব্রাহ্মণ পরিবারে কবির জন্ম এবং নিরঞ্জনের স্বপ্নাদেশে কাব্যরচনা।

১২] রামচন্দ্র বন্দ্যোপাধ্যায়- বাঁকুড়া জেলার বিষ্ণুপুর থানার অন্তর্গত চামোট গ্রামনিবাসী কবি রামচন্দ্র বন্দ্যোপাধ্যায় ওরফে দ্বিজ রামচন্দ্রও মল্লরাজ গোপালসিংহের আমলে অনাদ্যমঙ্গল রচনা করেছেন(১০৩৮মল্লাব্দ অর্থাৎ ১৭৩২-৩৩ খ্রিষ্টাব্দ)। তাঁর কয়েকটি খণ্ডিত পুথি পাওয়া গেছে। অত্যন্ত সাধারণভাবে সহজ সরল পাঁচালির ভঙ্গিতে কাহিনির বর্ণনা; মার্জিত ভাষাপ্রয়োগ, চিন্তাভাবনা তত্ত্বঘেঁষা। কবিত্বের তুলনায় পাণ্ডিত্যের আড়ম্বর তাঁর কাব্যকে কোনও বিশেষত্ব দিতে পারেনি। গোকুলনগরের ধর্মরাজ শঙ্খাসুরের কৃপায় তাঁর একাব্য রচনা। পুস্তকাকারে যদিও কাব্যটি প্রকাশিত হয়নি; 'সাহিত্য সংহিতা' ৮ম খণ্ডের পরিশিষ্টরূপে কানাড়ার সম্বন্ধ পালা পর্যন্ত প্রকাশ পেয়েছিল। তাঁর কাব্যের প্রথম গায়েন হলেন আনন্দ পণ্ডিত।

১৩] নরসিংহ বসু- নরসিংহ বসুর ধর্মমঙ্গল আজও অপ্রকাশিত। কাব্যে তিনি যে আত্মকথা লিখেছেন, তাতে কবিপরিচয় ছাড়াও তৎকালীন জীবনযাপনের ঐতিহাসিক তথ্যসূত্র পাওয়া যায়। কীর্তিচন্দ্র রায়ের আমলে কবির পিতৃপুরুষের নিবাস বর্ধমান জেলায় হলেও শৈশবে পিতৃবিয়োগের পর ভাগ্যান্বেষণে নানা দেশে রোজগারের আশায় কবিকে ঘুরতে হয়েছে। নানান ভাষায় পারদর্শী নরসিংহ বিদ্যাবুদ্ধিবলে অবশেষে বীরভূম জেলার তৎকালীন নবাব আসফউল্লাহ্ খানের দরবারে উকিলের পদ পেয়েছিলেন। তৎকালীন সময়ে নিঃসন্দেহে এটি সম্মানযোগ্য উচ্চপদ। ফলে নওয়াব দরবারে সামন্তদের প্রতাপ, রাজস্ব দাখিলের কঠিন নিয়ম, জমিদার ও প্রজাদের অবস্থান এসবকিছুর রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক ইতিহাস কবির কাব্যের অন্যতম উপাদান হয়ে উঠেছে। সন্ন্যাসীবেশী অনাদ্যের আজ্ঞায় তাঁর কাব্যরচনা। কাব্যরচনাকাল সম্পর্কে তিনি বলেছেন-'শক শশীপিঠে ঋতু ভুবনেতে রস' অর্থাৎ ১৬৩৬শক বা ১৭১৪খ্রিষ্টাব্দ। সংস্কৃত, পারসী, হিন্দি, ওড়িয়া ইত্যাদি নানান ভাষায় বিশেষ জ্ঞানার্জন করলেও সুবৃহৎ

কাব্যকে অযথা ভারাক্রান্ত করেননি কবি। সাবলীল স্বচ্ছন্দ গতি, মার্জিত শব্দচয়ন তাঁর কাব্যকে শিল্পগুণান্বিত করে তুলেছে। প্রসঙ্গত উল্লেখ্য, পবিত্রভূমি চাঁপাই-এর বিষয়ে কৌতুককর কাহিনি একাব্যে সংযোজন করেছেন কবি।

১৪] সহদেব চক্রবর্তী- সহদেব চক্রবর্তী কালুরায়(ধর্মরাজ)-এর স্বপ্নাদেশে **১১৪১**বঙ্গাব্দের ৪ঠা চৈত্র অর্থাৎ **১৭৩৫**সাল নাগাদ ধর্মমঙ্গল কাব্যরচনা শুরু করেন বলে লিখেছেন। তাঁর কাব্যটির নাম অনিলপুরাণ-

দ্বিজ সহদেব গান পূর্ব তপফলে।
যাহারে করিলে দয়া একচল্লিশ সালে।।
চৈত্রের চতুর্থ দিন পূর্ণিমার তিথি।
হেন দিনে যারে দয়া কৈলে যুগপতি।।

হুগলী জেলার বালিগড় পরগণার অন্তর্গত রাধানগর গ্রামে কবি সহদেব ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করেছিলেন। সহদেবের ধর্মমঙ্গলে কিন্তু লাউসেনের কাহিনি অনুপস্থিত। প্রাচীনতর ধর্মসাহিত্যের বৈচিত্র্যময় উপাদানগুলি বরং তাঁর কাব্যে দেখা যায়। রাজা হরিশ্চন্দ্র ও তাঁর পুত্র লুইচন্দ্রের বৃত্তান্ত সংক্ষেপে যেমন ধরা পড়েছে, তেমনই লৌকিক শিবের প্রাচীন কাহিনি, পৌরাণিক শিবকথা, মীননাথ, গোরক্ষনাথ প্রমুখ সিদ্ধাচার্যদের জীবনকথা, এমনকি পৌরাণিক দেব-দেবীদের নানান উপকথা তাঁর কাব্যে স্থান পেয়েছে। নাথসাহিত্যের প্রভাব তাঁর কাব্যে স্পষ্ট; সামগ্রিকভাবে কাব্যকথা বিচার করার উপায় নেই বললেই চলে কারণ কিছু স্বতন্ত্র বিষয়বস্তু একত্রে সন্নিবেশিত হয়েছে কাব্য-অবয়বে। ঘটনা সন্নিবেশের ধারাবাহিকতা, চরিত্রায়ন এসব গুরুত্ব না পেয়ে অসংলগ্ন কিছু উপকরণ সংকলনের চেষ্টা করা হয়েছে বলা চলে।

তবে সহদেবের রচনার অন্যতম বিশেষত্ব ছিল তাঁর সহজ সরল মর্মস্পর্শী কাব্যভাষাপ্রয়োগ। সে ভাষা স্বভাবকবিত্বের আতিশয্যে অনেকাংশেই গ্রাম্যতা দোষে-দুষ্ট; তবে আদ্যন্ত পণ্ডিতি মার্জিতভাষা না হলেও বৈষ্ণব কবিতার মতো সরস ভঙ্গিতে কাব্য গতি পেয়েছে।

১৫] গোবিন্দরাম বন্দ্যোপাধ্যায়- দ্বিজ গোবিন্দের কাব্যের জাগরণ পালার একখানি খণ্ডিত পুথি পাওয়া গেছে(বঙ্গীয় সাহিত্য পরিষৎ, পুথিসংখ্যা ৫৩৫); এর কিয়দংশ বঙ্গসাহিত্য পরিচয় ১ম খণ্ডে প্রকাশও পেয়েছে ১৯১৪সাল নাগাদ। ধর্মকে তিনি 'সবিতা' বলে বন্দনা করেছেন। কিন্তু কবিপরিচয় বা রচনাকাল সম্পর্কে কোনও উল্লেখ তাঁর কাব্যে মেলেনি। তাই আচার্য দীনেশচন্দ্র সেন তাঁকে ১৫দশ শতকের মানুষ বলে দাবী করলেও, বসন্তকুমার চট্টোপাধ্যায় তাঁকে ১৭-১৮দশ শতকের কবি বলে মনে করেছেন; সুনিশ্চিত কালনিরূপণ সম্ভব হয়নি। তবে তাঁর রচনাশৈলীতে প্রাচীনতার ছাপ সুস্পষ্ট। ১৮দশ শতকের কোনও কবির প্রভাব, ভাষাপ্রয়োগ বা চরিত্রায়নে আধুনিক পারিপাট্য তাঁর কাব্যে অনুপস্থিত। পরিবর্তে লক্ষ করা যায় গ্রাম্যতা, স্বভাব-সারল্য, সাবলীল পরিবেশনভঙ্গি। সুদীর্ঘ বন্দনায় কবি ময়ূরভট্টের প্রতি আভূমি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন তিনি।

১৬] হৃদয়রাম সাউ (সাহু)- কবি হৃদয়রাম সাউ বা সৌ-এর কাব্যের জাগরণ পালাটি (পশ্চিম উদয় পালা) বিশ্বভারতী 'সাহিত্য প্রকাশিকা'র ৫ম খণ্ডে ১৯৬৬সালে প্রকাশ পেয়েছিল। ১১৫৬বঙ্গাব্দে অর্থাৎ ১৭৪৯সালে কাব্যটি রচনা সম্পূর্ণ করেন কবি। কবি জাতিতে শুঁড়ি; নিবাস বর্ধমান জেলার খুরুল গ্রামে। মাতৃপিতৃহীন বালক হৃদয়রাম মাতুলালয়ে প্রতিপালিত হয়েছেন। গৃহদেবতা চাঁদরায়ের(ধর্মরাজ) সেবার অংশ পাওয়া নিয়ে মামাদের সঙ্গে বচসা হওয়ায় গৃহত্যাগ করে মনের দুঃখে গ্রামের প্রান্তস্থ তুলসীপুকুরে কবি আত্মহত্যা করতে যান। সেই মুহূর্তেই স্বয়ং ধর্মরাজ তাঁকে দেখা দেন এবং ধর্মনিরঞ্জনের একটি মূর্তি অজয় নদের সিদিয়াদহ থেকে উদ্ধারের আদেশ দেন। সেই মূর্তি নিয়ে কবি বীরভূম জেলার নানুরের কাছে উচকরণ গ্রামে এসে বসতি স্থাপন করেন এবং ধর্মের স্বপ্নাদেশ পেয়ে মঙ্গলগান রচনায় সচেষ্ট হন। উচকরণে কবির বংশধরেরা আজও বাস করেন বলে জানা যায়।

মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের প্রভাব হৃদয়রামের কাব্যে অত্যন্ত প্রবল। ভাষা সংস্কৃতবহুল, বৈশিষ্ট্যবর্জিত। গৌরবন্দনা, দেশমালাবন্দনা, গণেশবন্দনা ও ধর্মবন্দনার পর কাব্যের আখ্যান ভাগের সূচনা। গতানুগতিক রীতিতেই কাব্যের পরিকল্পনা এগিয়েছে। কাব্যে পয়ার ও ত্রিপদীবন্ধের ব্যবহার লক্ষণীয়। স্থানবিশেষে শুদ্ধ, সরল ও সু-অন্বয়ী গদ্যের ব্যবহার সত্যিই বিস্ময়কর। আরাধ্য ধর্মঠাকুরকে কবি শ্রীবিষ্ণুর ঐশ্বর্য ও মাধুর্য রূপের সঙ্গে একাকার করে দেখেছেন। বৈষ্ণবধর্মের বিপুল প্রভাবের ফলেই হয়তো একাব্যের সর্বত্র হরিভক্তির পরিচয় সুস্পষ্ট।

১৭] দ্বিজ কবিরত্ন- রঘুনাথ-সুত দ্বিজ কবিরত্নের ভণিতায় একটি খণ্ডিত ধর্মমঙ্গলের পুথি পাওয়া গেছে। পুথিটি অধ্যাপক পঞ্চানন মণ্ডলের সংগৃহীত। গ্রন্থরচনাকাল জানা যায়না। প্রাপ্ত পুথিতে কেবলমাত্র শালে ভর পালা, জালন্দা পালা, সুরীক্ষা ও হস্তিবধ পালা রয়েছে।

১৮] শঙ্কর চক্রবর্তী কবিচন্দ্র- 'কবিচন্দ্র' ভণিতায় মধ্যযুগের বিভিন্ন কবি নানান বিষয়ক পাঁচালি লিখেছিলেন। আবার আলোচ্য কবি শঙ্কর চক্রবর্তী কবিচন্দ্রও একাধিক গ্রন্থের রচয়িতা। তাঁর নামে একটি ধর্মমঙ্গল কাব্যও পাওয়া যায়। সংগৃহীত খণ্ডিত একখানি পুথিতে কবির ভণিতায় আদ্য ঢেকুর, নয়নী, ইছাইবধ, জাগরণ ও পশ্চিমোদয় পালা পাওয়া গেছে। প্রথম তিনটি পালা সংগ্রহ করেছেন শ্রীমতি চিত্রা দেব এবং শেষ দুটি পালার সংগ্রাহক বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ। ধর্ম এবং শিব তাঁর রচনায় একাকার হয়ে গেছেন। সম্ভবত তাঁর অনাদিমঙ্গলের রচনাকাল ১৮দশ শতকের প্রথমার্ধ-

শ্রীকবি শঙ্কর ধর্মের কিঙ্কর

পাঁচালী প্রবন্ধ ভণে।

১৯] রামকান্ত রায়- রামকান্ত রায় ধর্মমঙ্গল কাব্যধারার ১৮দশ শতকের একদম শেষপর্বের কবি। 'এগার শ সাতানয় সালের আশ্বিনে' কাব্যরচনা আরম্ভ করে বাষট্টি দিনে 'বারমতী' সাঙ্গ করেছেন বলে উল্লেখ করেছেন। অবশ্য এর পূর্বে জাগরণ পালার কিছু অংশ তাঁর লেখা সম্পন্ন হয়েছিল। কাব্যটির রচনাকাল ১১৫৭/১১৯৭/১১৭৯বঙ্গাব্দের হিসেব নিয়ে মতভেদ আছে যদিও, তবু কবির উল্লেখ থেকে বিষয়টি দেখে নেওয়া যাক-

এগার শ সাতানয় সালের আশ্বিনে।

আরম্ভ করিনু শুক্ল একাদশী দিনে।।

মনে যাহা করি তাহা লিখি অনায়াসে।

বারমতী সাঙ্গ হল্য বাষট্টি দিবসে।।

রামকান্ত রায়ের কাব্যটি আজও অপ্রকাশিত থেকে গেছে। বর্ধমান শহরের দক্ষিণে দামোদর নদের অপর তীরস্থ সেহারা গ্রামে কবির নিবাস ছিল। বিস্তৃত বংশপরিচয় এবং কাব্যরচনার ইতিহাস কাব্যের মধ্যে বর্ণিত হয়েছে। গতানুগতিক ধারায় পূর্বজ কবিদের অনুকরণেই গ্রন্থোৎপত্তির কারণ অংশটি অত্যন্ত বাস্তবভাবে ফুটিয়ে তুলেছেন তিনি, আধুনিকতার ছোঁয়াও তাঁর রচনায় সুস্পষ্ট।

২০] ধর্মদাস বৈদ্য- কবি ধর্মদাস বৈদ্যের পুথির নাম অনাদ্যমঙ্গল। জামতি থেকে সংগৃহীত হয় একাব্যের জাগরণ পালাটি। তারপর সেটি বিশ্বভারতী(পুথিসংখ্যা ৮১৪)থেকে অধ্যাপক পঞ্চানন মণ্ডলের সম্পাদনায় ১৩৭৩বঙ্গাব্দে অর্থাৎ ১৯৬৬সালে 'সাহিত্য প্রকাশিকা'র ৫ম খণ্ডে প্রকাশ পায়। তবে জাগরণ পালার শেষাংশে সংক্ষিপ্ত বর্ণনায় পশ্চিম-উদয় পালা এবং স্বর্গারোহণ পালা দুইটি অন্তর্ভুক্ত হয়ে কাহিনির একটি সুনির্দিষ্ট পরিণতি নির্দেশ করেছে। পূর্বজদের অনুসরণে ধর্মদাসও বলেছেন কাব্যে ধর্মনিন্দা করলে পাপের পরিণতিতে কুষ্ঠরোগগ্রস্ত হতে হয়। তাঁর কাব্য নিঃসন্দেহে নানান ঘটনায় পরিপূর্ণ এবং বহুমুখী কবিত্বগুণের পরিচায়ক। গতানুগতিক কাহিনির কাঠামো বজায় রেখেও ঘটনাগত বৈচিত্র্যে ও বাচনভঙ্গিমায় কাব্যটিকে অত্যন্ত চিত্তাকর্ষক করে তুলেছেন কবি; চরিত্রগুলির মধ্যেও বিভিন্ন ধরণের প্রবণতা দেখিয়ে তাকে উপভোগ্য করে তুলেছেন অনায়াসে। পৌরাণিক কাহিনির প্রসঙ্গ ব্যবহার করেছেন বর্ণনার স্থানে স্থানে। আবার লোকজীবনে প্রচলিত নানান প্রবচনকেও সারগর্ভ সংক্ষিপ্ত বক্তব্যের উপস্থাপনায় তুলে এনেছেন। ভাষার ওপর অদ্ভূত এক অধিকার ছিল কবির, যেকারণে তৎসম শব্দকেও অবলীলায় অনভিজাত শব্দের সঙ্গে মিশিয়ে দিতে পেরেছেন তিনি। চরিত্রায়ন প্রসঙ্গে বলা যায়- কাব্যে বর্ণিত ঘটনাক্রমে কালু ডোম যখন শুঁড়িগৃহে উপস্থিত হয়েছে, তখন শুঁড়ির আত্মগোপন এবং শুঁড়িনীর কপটতার বিবরণটি কবিকঙ্কণ মুকুন্দের চণ্ডীমঙ্গলের ধূর্ত বণিক মুরারি শীল ও তার স্ত্রীর খলচরিত্রের প্রসঙ্গটি মনে করিয়ে দেয়। আবার পাশাপাশি, কানাড়া-চরিত্রের সতীন-কোন্দলের তীব্র যন্ত্রণা তৎকালীন বাঙালির সমাজজীবনের জীবন্ত দলিল হিসেবে ধরা দিয়েছে বলা যায়। বরং কবি কালুডোমের চারিত্রিক পৌরুষকে অনেকাংশে খর্ব করেছেন অন্যান্যদের তুলনায়। কাপুরুষ কালুডোমের চরিত্রের পাশে বিশেষ গুরুত্ব দিয়ে সুপরিকল্পিতভাবে তিনি ফুটিয়ে তুলেছেন বীরাঙ্গনা লখাই-চরিত্রকে। কবি ঘনরামের লখাইও ছিলেন বীর্যবতী, কিন্তু যেন খানিক দ্বিধান্বিতা; অথচ ধর্মদাসের লখাই আদ্যন্ত

সাহসিকতায় ও ব্যক্তিত্বের ছটায় ভাস্বর। স্বামী-পুত্রের প্রতি নারীসুলভ স্নেহ-মমতা তার যেমন আছে, তেমনই আছে অবিচল কর্তব্যবোধ। সকলকে যুদ্ধের জন্য সে প্রস্তুত করেছে, প্রয়োজনে একমাত্র পুত্রকেও যুদ্ধে এগিয়ে দিয়েছে; জগদ্দল পাথর ভেদ করে রণরঙ্গিনী বাঘিনীরূপে আবির্ভূত হয়েছে সে শত্রুপক্ষের সামনে। বস্তুতপক্ষে ঘনরামকে শ্রেষ্ঠকবির শিরোপা দেওয়া হলেও ধর্মদাস বৈদ্যের কবিত্বগুণ ঘনরাম-অনুসারী হয়েও কোথাও কোথাও বা ঘনরাম-অতিক্রমী হয়ে উঠেছে বলা চলে।

২১] রামনারায়ণ- কবি রামনারায়ণের কাব্যের খণ্ডাংশ ইছাইবধ পালার পুথি পাওয়া গেছে। কলিকাতা বিশ্ববিদ্যালয় সংগৃহীত(পুথিসংখ্যা২৪৫৪)এই পুথিটির লিপিকাল ১১৯৩বঙ্গাব্দ বা ১৭৮৬খ্রিষ্টাব্দ; পালাগানের কিছু অংশ বঙ্গসাহিত্য পরিচয় ১ম খণ্ডে প্রকাশিতও হয়েছে। কবি নিজে ছিলেন শাক্ত। পুথিতে কবির বিশদ কোনও পরিচয় মেলেনা। রচনাশৈলীতে আধুনিকত্বের ছোঁয়া এবং কাব্যভাষার মার্জিত উপস্থাপন ও সুপরিকল্পিত পারিপাট্য দেখে মনে করা হয় তিনি ১৭-১৮দশ শতাব্দীর কবি।

২২] বিশ্বনাথ দাস- বিশ্বনাথ দাসের ধর্মপুরাণের ‘নিশিজাগরণ’ পালাটি প্রকাশিত হয়েছে বিশ্বভারতী ‘সাহিত্য প্রকাশিকা’র ৫ম খণ্ডে। প্রকৃতপক্ষে এটি কিন্তু জাগরণ পালা নয়, ধর্মমঙ্গলকারদের রচিত প্রথাগত কাব্যধারার অনুসরণেই পশ্চিম-উদয় পালার অনুরূপ রচনা বলা চলে। কাব্যকথাও প্রায় অভিন্ন; মৌলিকত্ব বা কবিত্বের প্রকাশ বিশেষ দেখা যায়না। তবে কাব্যের অন্যান্য পালার সন্ধানও পাওয়া যায়না। কাহিনির পরিসর যেমন সংক্ষিপ্ত, ভাষাও সহজ সরল অনাড়ম্বর।

২৩] নিধিরাম গাঙ্গুলি কবিচন্দ্র- কবিচন্দ্র উপাধিধারী আর এক ধর্মমঙ্গলের কবি হলেন নিধিরাম গাঙ্গুলি। তাঁর কাব্যের নাম অনাদিমঙ্গল। কবির ভণিতায় শালে ভর পালার একখানি খণ্ডিত পুথি পাওয়া গেছে(বঙ্গীয় সাহিত্য পরিষৎ, পুথি নং২৬৬১)। কবিকল্পনায় ধর্মরাজ ও দিবাকর অভিন্ন কল্পিত হয়েছেন। আপন স্বার্থসিদ্ধির প্রয়োজনে দেবতা ও মানুষকে সমানভাবে কাহিনিতে ফুটিয়ে তুলেছেন নিধিরাম।

২৪] মদনদাস- কবি মদনদাসের ধর্মমঙ্গলে বৈচিত্র্যের সন্নিবেশ লক্ষ করা যায়। তিনি কেবলমাত্র লাউসেনের কাহিনি অবলম্বন করেই তাঁর কাব্যরচনা করেননি, ধর্মমঙ্গলের উপসংহারে যে বারো জনের

বারোপূজার প্রসঙ্গ রয়েছে- কবি তাঁদের কাহিনিও লিপিবদ্ধ করেছেন কাব্যে। মেদিনীপুর জেলা থেকে খণ্ডিত পুথি উদ্ধার করা গেছে; পত্রসংখ্যা ১৪। বন্দনা, সৃষ্টিপত্তন, ভোজরাজা ও ধূসদত্ত বণিকের কাহিনির কিছু অংশ প্রাপ্ত পুথিতে দেখা যায়। মাত্র ১৭বছর বয়সে ধর্মরাজের কৃপালাভ করে কাব্যরচনায় নিমগ্ন হন কবি। আত্মকথায় কবি আরও জানিয়েছেন-

ধর্মের কৃপাএ নাম কবিত্ব প্রকাশি।
শুকুলি কুলেতে জন্ম ডিঙ্গালনিবাসী।।
জনক কেশবদাস হরিপ্রিয়া মাতা।
সারদা নামেতে তার সুধীর বনিতা।।৭ক

২৫] অন্যান্য কবি- 'বাইশ কবি মনসা'র মতো বিভিন্ন কবির রচনার সমাহারে রচিত একটি 'বারোয়ারি ধর্মমঙ্গল'-এর পুথি পাওয়া গেছে (বিশ্বভারতী পুথিসংখ্যা১৫৩০)। যদিও যাঁদের নামে পুথিটি গাঁথা হয়েছে, সেইসব কবিদের মধ্যে প্রত্যেকে আদৌ ধর্মমঙ্গলের কবি কিনা সেবিষয়ে যথেষ্ট সন্দেহ থেকে গেছে। তাছাড়াও ধর্মদাস বণিক, দ্বিজ রাজীব, দ্বিজ ভবানন্দ, দ্বিজ ক্ষেত্রনাথ বা দ্বিজ জিতরামের মতো বেশ কিছু কবির নাম আমাদের আলোচনার বাইরে থেকে গেলো- যাঁদের লেখা কোনও না কোনও পালার খণ্ডিত পুথি উদ্ধার করা সম্ভব হয়েছে। যেমন দ্বিজ রাজীব বা দ্বিজ ভবানন্দের লেখা গোলাহাট পালার পুথি অথবা দ্বিজ ক্ষেত্রনাথের লাউসেনচুরি পালার খণ্ডাংশ অথবা দ্বিজ জিতরামের গৌড়যাত্রা পালা বর্ণনার পুথি সংগৃহীত হয়েছে।

প্রসঙ্গত ডঃ আহমদ শরীফের পর্যবেক্ষণটি উল্লেখ্য- অধিকাংশ ধর্মমঙ্গলকারদের নামের সঙ্গেই 'রাম'-শব্দটি যুক্ত হওয়ার প্রবণতা দেখা যায়, এটি হয়তো ধর্মপূজার আদি প্রবর্তক ও প্রচারক রামাই পণ্ডিতের নামের প্রভাবজ[৭]। মোটামুটিভাবে ধর্মমঙ্গল কাব্যধারার কবিদের সংক্ষিপ্ত পরিচয় আলোচনার পর দেখা যাচ্ছে, কাব্যগুলির উৎপত্তি ও প্রসারলাভের অঞ্চলগুলি রাঢ়বঙ্গের বিশেষ কিছু জেলাতেই সীমাবদ্ধ থেকে গেছে। কবিদের নিবাস, গায়েন বা লিপিকর সংক্রান্ত তথ্যগুলি খেয়াল করলেই বোঝা

যায় যে ধর্মপূজার প্রচার মালদহ, মুর্শিদাবাদ, মানভূম, ময়ূরভঞ্জ ইত্যাদি স্থানে সামান্য প্রসারলাভ করলেও সেইসব স্থানে কোনও কাব্যরচনার ধারা দেখা যায়না[৮]।

পরিশেষে বলা যায়, বিভিন্ন সময়পর্বের ভিন্নপ্রবণতার কবিদের সৃষ্টিতে ধর্মসাহিত্যের কাব্যকাহিনির কাঠামো লক্ষ করলে দেখা যাবে- প্রাচীন বাংলার নিজস্ব পুরাণকথা এবং সেইসম্পর্কিত সাহিত্যধারাগুলির মূল উৎস কোথাও যেন শ্রীধর্মঠাকুরের মাহাত্ম্যগীতের সঙ্গে একসূত্রে গাঁথা হয়ে গেছে। ধর্মরাজের কাহিনি, দেবী মনসার কাহিনি এবং মীননাথের কাহিনির ত্রিমুখী ধারা কোথাও যেন একাকার হয়ে মিশেছে শ্রীধর্মনিরঞ্জনের মঙ্গলগানে। একটি রেখচিত্রের সাহায্যে সংযোগসূত্রটি নির্দেশ করে আলোচ্য প্রসঙ্গের ইতি টানা যেতে পারে-



তথ্যসূত্র

১. দীনেশচন্দ্র সেন, বঙ্গভাষা ও সাহিত্য (প্রথম খণ্ড- ৯ম সংস্করণ), পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলকাতা, আগস্ট ১৯৮৬, পৃষ্ঠাঃ ৫৬

২. নগেন্দ্রনাথ বসু, শূন্য-পুরাণ, মুখবন্ধ, সাহিত্য পরিষৎ পত্রিকা, কলকাতা, মাঘ ১৩১৪

৩. সাহিত্য পরিষৎ পত্রিকা, ১৩৩৮, পৃষ্ঠাঃ ৬৭

৪. অক্ষয়কুমার কয়াল ও চিত্রা দেব (সম্পা.), ময়ূরভট্ট-ধর্মমঙ্গল, নিবেদন অংশ, জি. ভরদ্বাজ অ্যান্ড কোং, দুষ্প্রাপ্য গ্রন্থমালা- সিরিজ ২, কোলকাতা, প্রথম প্রকাশ ১৯৭৪

৫. সুখময় মুখোপাধ্যায়, রূপরাম চক্রবর্তী বিরচিত ধর্মমঙ্গল [অক্ষয়কুমার কয়াল সম্পা.], রূপরামের কাব্যের সাহিত্যমূল্য, ভারবি, কলকাতা, পুনর্মুদ্রণ- জানুয়ারি ২০১১

৬. শ্রীসুকুমার সেন, বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ১ম খণ্ড (অপরার্ধ), আনন্দ পাবলিশার্স প্রা. লি., কোলকাতা, ১৯৭৫, পৃষ্ঠাঃ ১৭১

৭. আহমদ শরীফ, বাঙালী ও বাঙলা সাহিত্য [প্রথম খণ্ড], নয়া উদ্যোগ, কলকাতা, প্রথম ভারতীয় সংস্করণ ২০১৪, পৃষ্ঠাঃ ৪৩৯

৮. শ্রীআশুতোষ ভট্টাচার্য, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস, এ. মুখার্জি অ্যান্ড কোং প্রা.লি. ও সপ্তর্ষি প্রকাশন উদ্যোগ, প্রথম যৌথ প্রকাশ- মে ২০১৫, পৃষ্ঠাঃ ৬২৭

চতুর্থ অধ্যায় :

প্রাপ্ত পুথির বিভিন্ন উপকথা

চতুর্থ অধ্যায়

প্রাপ্ত পুথির বিভিন্ন উপকথা

বর্তমান সম্পাদিত পুথিপাঠে আমরা বেশ কয়েকটি উপকথা তথা আখ্যানভাগের অংশ দেখতে পাবো, যেগুলির উল্লেখযোগ্য বেশ কিছু অংশ প্রাপ্ত পুথিতে পাঠান্তরসহ পৌর্বাপর্যহীনভাবে পুনরাবর্তিত হয়েছে। লক্ষ করলে বোঝা যায়, আখ্যানগুলি কিন্তু ধর্মমঙ্গল কাব্যের অন্তর্গত কাহিনি নয়। বরং শ্রীধর্মরাজের পূজার প্রচলন ও প্রচারের জন্যই ধর্মপূজাকে কেন্দ্র করে তাঁর মাহাত্ম্যজ্ঞাপক এই গল্পগুলির বয়ন। ফলে একথা বলা যেতে পারে, ধর্মমঙ্গল কাব্য তৈরির পূর্বেই এই আখ্যানগুলির জন্ম। এইরকম বিশেষ কয়েকটি আখ্যান বিষয়ে আমরা এই অধ্যায়ে আলোচনা করবো।

প্রথমেই আসি, মার্কণ্ড মুনির কুষ্ঠরোগমুক্তির কাহিনি প্রসঙ্গে। অথর্ববেদের কাহিনিতে গঙ্গাকে আমরা শান্তনঋষির (মহাভারতোক্ত শান্তনু রাজা নয়) পত্নীরূপে দেখতে পেয়েছি। গল্পটি এইরকম- দৈত্যদের বশীভূত করার জন্য স্বর্গের দেবগণ যখন দৈত্যসূয় যজ্ঞের আয়োজন করেন, তখন সেখানে রন্ধনকার্যের জন্য তাঁরা শান্তনঋষির কাছে এসে গঙ্গাকে নিয়ে যাওয়ার আবেদন জানান। ঋষির শর্ত ছিল রন্ধন সেরে দিবাভাগেই যেন প্রত্যাবর্তন করেন তাঁর স্ত্রী। কিন্তু কার্যকালে শর্তভঙ্গ হলে তিনি গঙ্গাকে পরিত্যাগ করেন। এমতাবস্থায় স্বয়ং মহাদেব গৃহহারা গঙ্গাকে আশ্রয় দিতে নিজের কুটিরে নিয়ে আসেন এবং তারপরেই তিনি গঙ্গাকে ঘরে রেখে ধর্মরাজের উপাসনা করার জন্য রওনা হন বল্লুকা নদীর তীরে। ইতিমধ্যে শুভ্র নিরঞ্জন শ্রীধর্ম দেবাদিদেবের আরাধনায় তুষ্ট হয়ে আবির্ভূত হন তাঁর কুটিরের সামনে। কণ্ঠস্বর শুনে গৃহান্তরাল থেকে উঁকি দিয়ে গঙ্গা তাঁকে সাক্ষাৎ করেছিলেন বলে গঙ্গার মস্তকদেশ পরিণত হয়েছিল শ্বেতবর্ণে। সেই থেকে গঙ্গার অন্যনাম হয় ধবলমুখী। কথিত আছে, শুভ্র নিরঞ্জন আদিদেবের চাক্ষুষ সংযোগে যিনিই আসতেন, তিনিই নাকি হয়ে যেতেন শ্বেতবর্ণধারী। আলোচ্য কাহিনিভাগে ধর্মরাজের সঙ্গে সাক্ষাতের পর মার্কণ্ড মুনির ধবলমুখধারণ আমাদের ধবলমুখী গঙ্গার কথাই মনে করিয়ে দেয়।

আমাদের প্রাপ্ত পুথিটিতে আখ্যানটি এইরকম, নানান দ্রব্য-উপচার, ধুপ-দীপ-বাদ্যের অশেষ আয়োজন সহযোগে ধর্মরাজের উদ্দেশে একাগ্রচিত্তে রামপণ্ডিতকে যজ্ঞোপাসনা করতে দেখে ঋষি মার্কণ্ড

কপিলমুনিকে উপহাস করে বলেছিলেন এসব মহাযজ্ঞের আয়োজন ভণ্ড, মিথ্যা; রামের অবতাররূপে লোকের জাতিনাশ করার কৌশল ছাড়া আর কিছুই নয়। এমন সময় স্বর্গপথে বিমানে চেপে যাচ্ছিলেন স্বয়ং ধর্মরাজ। মার্কণ্ডের নিন্দাবানী কর্ণগোচর হতেই ক্রোধে ক্ষুব্ধ হলেন প্রভু। তাঁর ভয়ঙ্কর অভিশাপে তৎক্ষণাৎ কেঁপে উঠলো মার্কণ্ডমুনির দেহ, ধর্মরাজের কোপদৃষ্টিতে তাঁর মুখমণ্ডল হয়ে গেলো শঙ্খবরণ অর্থাৎ সাদা। বক্ষদেশে, গলায়, কালকূটী মহাকুষ্ঠ ছোবল মারলো ঋষিকে [দ্রষ্টব্যঃ চিত্র-২]। গলন্ত কুষ্ঠ ক্রমে শরীরের দুই পাশ থেকে জর্জরিত করে ফেললো তাঁর সারা দেহকে। কপিল মুনি তাঁকে দোষারোপ করে বললেন, দেবাদিদেব ধর্মরাজের নিন্দা তিনি কেন করলেন? সেই পাপেই এই পরিণতি হলো বুঝি মার্কণ্ডের। সকল দেবের দেবাধিপতি তিনি, সমস্ত জগত তাঁর সেবা করে ধন্য হয়- তাঁর চরণে আশ্রয় নিলে তবেই বুঝি মার্কণ্ডের এই ভয়ানক পাপের প্রায়শ্চিত্ত সম্ভব। মার্কণ্ড বললেন তাঁর জর্জরিত দেহে বিন্দুমাত্র শক্তি নেই পথ চলার, কপিল যেন তাঁকে শীঘ্র ধর্মরাজের শরণে নিয়ে যেতে সাহায্য করেন। অবশেষে প্রভুর চরণাশ্রয়ে তাঁকে নিয়ে গেলেন কপিল, প্রভুর চরণবন্দনা করে কৃপাপ্রার্থনা করলেন মার্কণ্ড। শুধু তাই নয়, শ্রীধর্মঠাকুরের পূজাপ্রচারের দায়িত্ব নিয়ে নিজের পাপস্খালন করতে চাইলেন তিনি। আরও বললেন, সত্য-ত্রেতা-দ্বাপর-কলি চারযুগ ধরে মদ-মাংস-সুরাদি বিস্তর উপচারে পিষ্টক-পরমান্ন-ক্ষীরসহ বারমতির আয়োজন করে গৃহভরণ করাবেন তিনি শ্রীধর্মের উদ্দেশে। তাঁর প্রার্থনায় মৃদু হাসলেন রামপণ্ডিত; ধর্মরাজকে তিনি শান্ত হওয়ার অনুরোধ জানাতে সন্তুষ্ট হলেন শ্রীধর্মরাজও। তিনি বললেন, এহেন নিন্দা যদি পুনর্বার ভুলক্রমেও করেন মার্কণ্ড, দ্বিতীয়বার আর তিনি সে অপরাধ ক্ষমা করবেন না; অধিকতর কঠিন বীভৎস মহাব্যাধিতে জর্জরিত হয়ে গলে-পচে, পোকায় খেয়ে মার্কণ্ডের নিদারুণ জীবনাবসান ঘটবে, একথা যেন তিনি বিস্মৃত না হন। একথা বলে ঋষির অঙ্গে হস্তস্পর্শ রেখে তাঁর ব্যাধির নিরাময় ঘটালেন স্বয়ং নিরঞ্জন। শ্রীধর্মের কৃপায় সর্বাঙ্গসুন্দর দেহ পেলেন মার্কণ্ড, ঊর্ধ্ববাহু তুলে আপনিই নেচে উঠলেন সানন্দে। অবশেষে প্রতিশ্রুতিমতো শুভক্ষণে ঢাক-ঢোল-বাদ্য সহযোগে গৃহভরণ অনুষ্ঠান শুরু করলেন মার্কণ্ড; তপস্বী-পণ্ডিতদের আমন্ত্রণ করে ভোজন করালেন তিনি। ভক্তবৃন্দের উচ্ছিষ্ট ভক্ষণ করলেন এবং সর্বাঙ্গে মাখলেন ঋষি তপোধন। এখানেই মার্কণ্ড-পুরাণকথার পরিসমাপ্তি। সম্পাদিত পুথির(বিশ্ব. ১২৯) ৪৮ থেকে ৫৩ সংখ্যক পত্রে এ কাহিনির সম্পূর্ণ বর্ণনা মিলবে।

ময়নাগড় সোসাইটির পণ্ডিত শ্রীযুক্ত রাখালচন্দ্র কাব্যতীর্থ মহাশয়ের সংগৃহীত তথ্য থেকে এবিষয়ের ছিন্নসূত্রটি জানা যায় প্রায় অনুরূপ সাদৃশ্যেই-

"ওঁ ষোল সহস্র গতি লয়ে শ্রীরামাই পণ্ডিত ধর্মপূজা করিবারে যান। সেই পথ দিয়া ঋষি মুনি মার্কণ্ড যান, ধুপে ধূলায় ধর্মঘর দেখিবারে পান। কহেন মার্কণ্ড মুনি, শুন হে কপিল মুনি, কিসের শুনি জয় জয়কার। বলে মিথ্যাই আলম চাঁদা, মিথ্যাই বাজনা বাজে, মিথ্যাই ধম্ম উজল। ধর্মরাজ যজ্ঞ নিন্দা করে মুনি মার্কণ্ড যান জর বলি বোধ হয় ঋষি মুনির গায়। অষ্টকূট চেলি শূল ব্যাধি মুনি মার্কণ্ড স্থান। আদ্যের ধবল দিল মুনির মুখেতে জাঁতিয়ে। রামাই পণ্ডিত বলে মধুর পুষ্কর্ণি দিয়ে পিষ্টের জাঙ্গাল। মধু মাংসে এ ঘর ভরিবে একাকার। গতি ভকতের উচ্ছিষ্ট মুনি কুড়ায়ে খাবে। তবে তো মার্কণ্ড মুনি অমর পদ পাবে।।"[১]

প্রসঙ্গত উল্লেখ্য, পূজ্যপাদ মহামহোপাধ্যায় শাস্ত্রীমহাশয় তাঁর নিবন্ধে অনবধানতাবশত উক্ত অংশের অর্থোদ্ঘাটনে কিঞ্চিৎ প্রমাদ ঘটিয়েছেন। তিনি পাঠগ্রহণ করেছেন ধর্মরাজ যজ্ঞনিন্দা করেন [প্রকৃতপাঠ হবে- ধর্মরাজের উদ্দেশে আয়োজিত যজ্ঞের নিন্দা করেন মুনি মার্কণ্ড]। ফলে সেইসূত্রে নিবন্ধে তাঁর সুবিস্তৃত ব্যাখ্যাতেও থেকে গেছে ভ্রমের রেশ। আমাদের সম্পাদিত পাঠের আখ্যানেও তার সমর্থন মেলে। শাস্ত্রীমহাশয়ের পাঠপ্রমাদটি নিম্নরূপ-

"তবেই তো দেখা যাইতেছে, ধর্মঠাকুর যজ্ঞনিন্দা করেন। এইকথা বলিয়াছিল বলিয়া মার্কণ্ডমুনির কুষ্ঠ হইল। ধর্মঠাকুরের নাম আদ্য, তিনি শূন্য হইতে সৃষ্টি করেন।... তবে এই ঘোর শূন্যবাদী যজ্ঞনিন্দাকারী 'ললিত অবতার' কে?

...এসকল ব্যাপারই লুপ্ত বৌদ্ধধর্মের কথা মনে করিয়া দেয়। তারপর ধর্মঠাকুরের সিংহলে খ্যাতি বড় অধিক; তিনি যজ্ঞ নিন্দা করেন; এ দুইটী কথাতেও তাঁহাকে বৌদ্ধদিগের ত্রিরত্নের অন্যতম রত্ন বলিয়া মনে হয়।"[২]

ধর্মরাজের কৃপায় কুষ্ঠরোগ নিরাময় প্রসঙ্গে যেকথা না বললেই নয়- তা হলো সংস্কৃত সাহিত্যে সুপরিচিত 'সূর্যশতক'-এর রচয়িতা ময়ূরভট্টের কথা। হ্যাঁ, যিনি ধর্মমঙ্গলকথার আদিকবি বলে পরিচিত, সেই ময়ূরভট্ট। হাকন্দপুরাণে ইনিই প্রথম কাব্যনায়ক লাউসেনকে দিয়ে আত্মমুণ্ডচ্ছেদ করিয়ে সূর্যদেবতা

অর্থাৎ ধর্মঠাকুরকে প্রসন্ন করার আখ্যান রচনা করেছিলেন; পশ্চিমে-উদয় পালা বা জাগরণ পালা হিসেবে যার খ্যাতি। কিংবদন্তী অনুযায়ী জানা যায়, সূর্যশতক রচনা করে তিনি নাকি কুষ্ঠরোগ থেকে মুক্তি পেয়েছিলেন। বৈদ্যনাথ পায়গুণ্ডে বালমভট্টের সূর্যশতকটীকায়[৩] এই কাহিনিটি এরকম- রাজা হর্ষবর্ধনের আমন্ত্রণে ময়ূরভট্ট তাঁর রাজধানীতে পৌঁছলে স্বতন্ত্রভবনে তাঁর বসবাসের ব্যবস্থা করা হয়। সকালবেলা স্নানান্তে পার্শ্ববর্তী প্রাসাদের সোপানে সদ্য সুপ্তোত্থিতা এক সুন্দরী নারীমূর্তি দেখে ময়ূরভট্টের কবিত্ব জন্মায় এবং তিনি সেই নারীকে নিয়ে অষ্টক রচনা করে ফেলেন। পরে তিনি জানতে পারেন সেই ভবন তাঁর নিজের জামাতা কবি বাণভট্টের এবং কাব্যে উদ্দিষ্ট ওই সুন্দরী রমণী আর কেউ নন- স্বয়ং তাঁরই কন্যা! অজান্তে স্বীয় কন্যাকে ভিন্নদৃষ্টিতে দেখায় এবং অনুচিত ভাষণের পাপকর্মের জন্য তাঁর দেহে কুষ্ঠরোগ বাসা বাঁধলো। তিনি স্থির করলেন, সূর্যোপাসনায় দেহান্ত প্রায়শ্চিত্ত করবেন। রাত্রিশেষে শিষ্যকে নিয়ে গোপনে নগরের বাইরে শিপ্রানদীর তীরে এক বটগাছের নীচে অগ্নিকুণ্ড জ্বেলে সূর্যবন্দনা করেছিলেন তিনি। সেখানেই নাকি তিনি সূর্যশতক মুখে মুখে রচনা করেছিলেন এবং শিষ্যটি শ্লোকগুলি লিপিবদ্ধ করেছিল। শেষ শ্লোক রচনার পরই সূর্যদেব স্বয়ং আবির্ভূত হয়ে তাঁর রোগ নিরাময় করেছিলেন। এছাড়া অভিশাপগ্রস্ত কৃষ্ণপুত্র শাম্বের কুষ্ঠরোগমুক্তির ক্ষেত্রে সূর্যের তপস্যার কথা তো আমরা সবাই জানি। এভাবেই যুগে যুগে সূর্যোপাসনা তথা ধর্মপূজার সঙ্গে কুষ্ঠব্যাধি নিরাময়ের লোকবিশ্বাসটি পরম্পরায় প্রবাহিত হয়েছে।

এবারে আসি রাজা হরিশ্চন্দ্র ও মদনার আখ্যানে। সম্পাদিত পুথিপাঠে এই সুপরিচিত প্রাচীনতম ধর্মমাহাত্ম্যজ্ঞাপক কাহিনিটিও একবার আবর্তিত হয়েছে; ইতিহাসকে আশ্রয় করে কবিকল্পনায় এর পরিবেশন হয়েছে সাহিত্যিক। গল্পটি এইরকম, অপুত্রক রাজা হরিশ্চন্দ্র ধর্মপূজা করে পুত্রসন্তানের বর পেলো এই শর্তে যে ছেলের নাম রাখতে হবে লুহিচন্দ্র বা লুইচন্দ্র এবং তাকে বলি দিতে হবে শ্রীধর্মের চরণে। হরিশ্চন্দ্র ধর্মরাজের এই কঠিন শর্তে সম্মত হলে জন্ম হয় লুইচন্দ্রের। একদিন বালক লুই ধর্মের বাহন উল্লুককে অজান্তে আঘাত করলে সে শ্রীধর্মের শরণাপন্ন হয়। প্রভু তখন সন্ন্যাসীর ছদ্মবেশে হরিশ্চন্দ্রের কাছে গেলেন পরীক্ষা নিতে এবং পুত্রের মাংস রান্না করার আদেশ দিলেন একাদশীর পারণের জন্য। রাজা ও রানি শোকাকুল হয়ে প্রাণাধিক প্রিয় রাজপুত্রকে আগলে রাখলেন এবং কটুবাক্যে অপমান করলেন সন্ন্যাসীকে। সন্ন্যাসী তখন পূর্বশর্তের কথা তাঁদের মনে করিয়ে দিলেন।

এমতাবস্থায় সর্বসমক্ষে লুইচন্দ্র আত্মবলিদানে প্রস্তুত সেকথা জানান। প্রতিশ্রুতিমতো হরিশ্চন্দ্র ও মদনা পুত্রকে বলি দিয়ে তার মাংস রান্না করে সন্ন্যাসীকে নিবেদন করলে প্রভু স্বমূর্তিধারণ করলেন এবং তাঁদের ভক্তিতে তুষ্ট হয়ে লুইচন্দ্রকে পুনর্জীবন দান করলেন। অধ্যায় শেষে সংযোজিত ৩নম্বর চিত্রে এই অংশের বর্ণনা রয়েছে।

উক্ত কাহিনির সঙ্গে মহাভারতের শিবি রাজার পুত্র বলিদানের উপাখ্যানের আশ্চর্য মিল লক্ষ করা যায়। বৌদ্ধ জাতকের কাহিনিতে এই শিবি রাজার দানশীলতার বিভিন্ন কাহিনি রয়েছে, যেগুলি থেকে হয়তো শিবিরাজ সম্পর্কে মহাভারতোক্ত এমন কাহিনির কল্পনা। মঙ্গলকাব্যের ইতিহাসকারের এই মতটি আমরা পূর্বেই আলোচনা করেছিলাম যে লাউসেনের কাহিনি ধর্মসাহিত্যে প্রবেশ করার পূর্বেই রাজা হরিশ্চন্দ্রের কাহিনির উদ্ভব। ডঃ ইন্দুভূষণ মণ্ডল বাংলা মঙ্গলকাব্যের অন্তর্গত কাহিনিগুলির লৌকিক উপাদান আলোচনা সূত্রে আলোচ্য কাহিনিটি সবিস্তারে আলোচনা করে দেখিয়েছেন-

"অতএব সঙ্গতভাবেই বলা যায়, ধর্মমঙ্গল কাব্যের হরিশ্চন্দ্র পালার উৎসভূমি পুরাণ বা মহাভারত নয়; লৌকিক জাতক উপাখ্যানই এর উৎসকেন্দ্র এবং জাতকের শিবিরাজাই এই কাব্যের হরিশ্চন্দ্র।"[৪]

এরপর আমরা চলে আসবো আমাদের পুথিপাঠের সবচেয়ে বিস্তৃত এবং গুরুত্বপূর্ণ উপাখ্যানটিতে। সম্পাদিত পাঠের আদ্যন্তে এ কাহিনির বিভিন্ন অংশ একাধিকবার পৌর্বাপর্যহীনভাবে ঘুরে ফিরে সংযোজিত হতে দেখা গেছে। শ্রীনিরঞ্জনের উষ্মা এবং তৎসংলগ্ন একটি আকর্ষক কাহিনি- জাজপুরের অত্যাচারী ধর্মরক্ষক ব্রাহ্মণশ্রেষ্ঠ পাসানসিংহ বা পাসাসিংহের আখ্যান।

নিরঞ্জনের উষ্মা-র আখ্যানটি শূন্যপুরাণ পাঠের শেষাংশ হিসেবে আমাদের সকলেরই জানা; এই আখ্যানটির প্রেক্ষিত ছিল- জাজপুরের ষোলশত ঘর বেদব্যবসায়ী দুর্জন ব্রাহ্মণ্য সম্প্রদায়ের অত্যাচারের চিত্র। বলপূর্বক অতিরিক্ত দক্ষিণা আদায় করতেন এঁরা, যার ঘরে পেতেন না- অভিশাপ দিয়ে ঘরবাড়ি জ্বালিয়ে দিতেন ধর্মরক্ষার নামে। বৌদ্ধ সদ্ধর্মীরা তাঁদের নির্যাতনে আতঙ্কে জর্জরিত হয়ে কোণঠাসা হয়ে যাচ্ছিলেন দিনে দিনে। এইভাবে বেদোচ্চারণ করতে করতে চূড়ান্ত শাসন-শোষণ আর ক্ষয়ক্ষতি চালাতে থাকেন দ্বিজগণ। ধর্মের নামে এই ক্রমবর্ধিত অধর্মাচরণ দেখে ক্রুদ্ধ হয়ে তার প্রতিকার করার জন্য

বৈকুণ্ঠে প্রভু নিরঞ্জন স্বয়ং খোদারূপ ধারণ করলেন। মাথায় কালো টুপি আর হাতে ত্রিকচ কামান নিয়ে যবন-অবতারবেশে মর্ত্যে আগমন করলেন তিনি। বাকি দেবদেবীরাও তাঁর অনুগমন করার জন্য ছদ্মবেশ ধারণ করলেন স্বেচ্ছায়- ব্রহ্মা হলেন মুসলমান ধর্মপ্রবর্তকরূপী মহামদ, বিষ্ণু হলেন খোদার দূত পয়গম্বর, মহেশ্বর হলেন বাবা আদমরূপী। গণেশ হলেন গাজী বা যোদ্ধা, কার্তিক ছদ্মবেশ নিলেন ধর্মবিচারক কাজীর আর সাধু মুনিরা হয়ে গেলেন মুসলমান ফকির বেশধারী। শেখ-রূপ নিলেন নারদ, দেবরাজ ইন্দ্র হলেন পণ্ডিত মৌলানা আর চন্দ্রসূর্যাদি দেবেরা পদাতিক বেশে বাজনা বাজাতে বাজাতে মর্ত্যে অবরোহণ করলেন। শুধু দেবতারাই নন, দেবি চণ্ডীকেও আমরা হায়াবিবিরূপে এবং পদ্মাবতীকে নূরবিবিরূপে জাজপুরে প্রবেশ করতে দেখি। এভাবেই কৌশলে হিন্দু পৌরাণিক দেবদেবীরা অত্যাচারী ব্রাহ্মণদের উচিতশিক্ষা দিয়ে ধর্মনাশ করার কঠিন পণ নিয়ে মুসলমান দেবদেবীর বেশে পরিত্রাণ করতে এলেন বৌদ্ধ-সদ্ধর্মীদের। এখানে লক্ষণীয়, হিন্দু দেবদেবীরা সম্মিলিতভাবে জাজপুরের হিন্দু ব্রাহ্মণদের শায়েস্তা করার জন্য নিজেরাই হিন্দুধর্মের নিশান যাবতীয় মন্দির অট্টালিকা ভেঙে গুঁড়িয়ে দিয়ে মুসলিমবেশে ভয়ংকর ধ্বংসতাণ্ডব চালিয়েছিলেন। ভণ্ড দ্বিজকুল তখন পালানোর পথ খুঁজে পাননি। ধর্মের নামে অহংকার করা জাতিকে এভাবেই করুণ ধর্মসঙ্কটে ফেলেছিলেন ক্ষুব্ধ প্রভু শ্রীনিরঞ্জন, যেখানে পৈতে বাঁচিয়ে ব্রাহ্মণত্ব রক্ষা করাটাই হয়ে পড়েছিল দুষ্কর। এরূপ বর্ণনা দিয়েই শ্রীরামাইয়ের লেখনীতে সুপরিচিত নিরঞ্জনের উষ্মা অংশের পরিসমাপ্তি।

গবেষণাকর্মে সম্পাদিত পুথিটিতে সংযুক্ত হয়েছে এর পরবর্তী আর একটি নতুন আখ্যান, আমাদের মতে যেটি প্রভু নিরঞ্জনের উষ্মা-প্রকাশের অন্তিম পর্যায় হিসেবে গুরুত্বের দাবিদার। এই অংশে বর্ণিত হয়েছে- জাজপুরের অত্যাচারী ব্রাহ্মণকুলের অধিপতি, সর্বাপেক্ষা ক্ষমতাশালী পাসানসিংহ বা পাসাসিংহকে কৌশলে গোমাংসভক্ষণ করিয়ে প্রভু নিরঞ্জনের মুসলমান ধর্মান্তরিত করানোর আখ্যান।

সাহিত্যের প্রথিতযশা ইতিহাসকারেরা অনেকেই হিন্দু-বৌদ্ধ দ্বান্দ্বিকতার যুগ হিসেবে এর প্রেক্ষাপটকে বিচার করেছেন। ফলত, বৌদ্ধধর্মের ক্রমক্ষয়িষ্ণুতার যুগে ব্রাহ্মণ্য সংস্কৃতির প্রবল প্রতিপত্তি এবং অত্যাচারিত সদ্ধর্মীদের মুসলিমপ্রীতির স্মারক হিসেবেই সাহিত্যের ইতিহাসের পাতায় এর অবস্থান আমরা লক্ষ করেছি। মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী, প্রাচ্যবিদ্যামহার্ণব নগেন্দ্রনাথ বসু বা পণ্ডিত দীনেশচন্দ্র সেন এর কারণ হিসেবে খ্রিষ্টীয় ১০ম-১২দশ শতকের রাজনৈতিক ইতিহাস অনুসন্ধান করে হয়তো প্রমাণ করবেন তৎকালীন বাংলার নানানপ্রান্তে এমন কিছু রাজবংশের(সেন, বর্মণ, চন্দ্র, দেব বা খড়গ) আগমনের ইতিবৃত্ত, যাঁরা ছিলেন মূলত ব্রাহ্মণ্য সংস্কৃতির পৃষ্ঠপোষক অর্থাৎ আঞ্চলিকভাবে বাংলার সমাজে অর্থ ও ধর্মানুশাসক পুরোহিত হিসেবে ব্রাহ্মণ্য সম্প্রদায়ের অভ্যুত্থানই মূলত এর জন্য দায়ী।

প্রসঙ্গত যেকথা না বললেই নয়- ১৮৯৬সালে দীনেশচন্দ্র সেনের 'বঙ্গভাষা ও সাহিত্য'-এর প্রথম সংস্করণকালে চর্যাপদ আবিষ্কৃত না হলেও, শাস্ত্রীমশাইয়ের চর্যা আবিষ্কার-প্রকাশ এমনকি তা নিয়ে তুমুল সাহিত্যিক বিতর্ক ঘটে যাওয়ার পরেও আচার্য সেন তাঁর জীবৎকালে এই গ্রন্থের পরবর্তী সংস্করণগুলিতে চর্যাপদকে স্বীকৃতি দেন নি; 'হিন্দু ও বৌদ্ধযুগ' অধ্যায়ে চর্যা-বিষয়ে আদ্যন্ত থেকেছেন নিশ্চুপ! ৮০০-১২০০খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কালের প্রেক্ষিতে ক্রমানুসারে শূন্য-পুরাণ, মানিকচাঁদের গান, নাথগীতিকা, কথাসাহিত্য এবং ডাক ও খনার বচনের আলোচনাক্রমে তিনি দেখিয়েছেন বঙ্গদেশে বৌদ্ধধর্মের প্রভাব প্রসঙ্গটি। যাই হোক, এই অধ্যায়েই আচার্য সেনের আলোচনায় 'নিরঞ্জনের রুষ্মা' শব্দবন্ধের ব্যবহার আমরা দেখতে পাই; এ সম্পর্কে তাঁর স্পষ্ট মত-

"শূন্য-পুরাণে একান্নটি অধ্যায় আছে, তন্মধ্যে পাঁচটি সৃষ্টি-পত্তন সম্বন্ধে। এই সৃষ্টি-পত্তন সম্বন্ধে রামাই পণ্ডিতের মত অনেকটা মহাযান সম্প্রদায়ী বৌদ্ধগণের পথাবলম্বী।...'নিরঞ্জনের রুষ্মা' শীর্ষক অধ্যায়টি পরবর্তী যোজনা।...কোন ঐতিহাসিক মুসলমান উপদ্রবকে লক্ষ্য করিয়া এই কবিতা রচিত হইয়াছে তাহা বলা যায় না; কিন্তু ব্রাহ্মণগণকৃত অত্যাচারের প্রতিশোধ মনে করিয়া সদ্ধর্ম্মীরা (বৌদ্ধগণ) যে হিন্দু দেবমন্দির প্রভৃতির উপর উৎপাত দর্শনে হৃষ্ট হইয়াছিলেন, তাহা স্পষ্টই বোঝা যাইতেছে।"[১]

শুধু এপার বাংলা নয়, পূর্ববঙ্গীয় বাংলা সাহিত্যের ইতিহাসকার শ্রদ্ধেয় আহমদ শরীফ মহাশয়ও তাঁর গ্রন্থে 'বড় জালালী ও ছোট জালালী' কলিমাকে প্রসারমান প্রবল ব্রাহ্মণ্য সমাজের প্রতি নিপীড়িত বিলুপ্তপ্রায় বৌদ্ধ সম্প্রদায়ের ঘৃণা-ক্ষোভ ও তীব্র বিদ্বেষের নজির হিসেবে বিবেচনা করেছেন-

"বিপন্ন অস্তিত্ব বৌদ্ধেরা তাই তুর্কীবিজয়কে ধর্মের তথা তথাগতের আশীর্বাদরূপে জেনে হিন্দুর পরাজয়ে ও দুর্দশায় উল্লাস বোধ করে এবং পরোক্ষে প্রতিশোধবাঞ্ছা চরিতার্থ করে।"[২]

'বাংলা সাহিত্য-কোষ'-প্রণেতা শ্রদ্ধেয় ওয়াকিল আহমেদ-এর দৃষ্টিভঙ্গিতেও "নিরঞ্জনের রুষ্মা" হলো অত্যাচারী ব্রাহ্মণদের হাত থেকে বাঁচার জন্য মুসলিম শাসকদের ছত্রছায়ায় বৌদ্ধ সদ্ধর্মীদের আশ্রয় নেওয়ার ঐতিহাসিক দলিল। সেন আমলের এই নির্যাতিত নিপীড়িত বৌদ্ধ-সম্প্রদায় তুর্কির বিজয় ও ব্রাহ্মণ্য শক্তির পরাজয় দেখে নিরাপদ দূরত্বে দাঁড়িয়ে অক্ষম প্রতিহিংসাপরায়ণের মতো নিশ্চিন্ত ও

উল্লসিত হয়েছিল; মুসলিম-প্রীতিবশতই আরাধ্য দেবতা বর্ণহীন নিরঞ্জন-ধর্মকে তারা ইসলামের আলোয় একেশ্বরবাদের আদর্শে পুজো করেছে। পরবর্তীকালে দলিত ও অবহেলিত এই বৌদ্ধরাই অধিক হারে ইসলামধর্ম গ্রহণ করেছিল, সমাজ পরিবর্তনের সেই ইঙ্গিতটি আমরা ‘নিরঞ্জনের উষ্মা’য় দেখতে পাই। হিন্দুদের পৌরাণিক চরিত্রের বিপরীতে মুসলমান পৌরাণিক-ঐতিহাসিক যেসমস্ত চরিত্রকে প্রতিস্থাপিত করেছেন রামাই, সাহিত্য-কোষকার তা সযত্নে তুলে এনে দেখিয়েছেন[৩]-

হিন্দু দেবদেবী	**মুসলিম চরিত্র**
ধর্ম	খোদা(<খুদা, ফা.)
ব্রহ্মা	মহামদ(হজরত মহম্মদ স.)
বিষ্ণু	পেকাম্বর(<পয়গম্বর,আ.)
শূলপাণি(শিব)	আদম(আদি পিতা)
গণেশ	কাজী(বিচারক)
কার্তিক	গাজী(মুসলিম ধর্মযোদ্ধা)
মুনি(সাধক ঋষি)	ফকির(ধার্মিক পুরুষ)
নারদ(শিবের অনুচর)	শেক(<শায়খ,আ.; শাস্ত্রজ্ঞানী)
পুরন্দর(ইন্দ্র)	মলনা(<মওলানা,আ.)
চণ্ডিকা	হায়াবিবি(আদি মাতা)
পদ্মা(মনসা)	বিবি নূর(কাল্পনিক মুসলিম নারী)

অন্যদিকে, বাংলা সাহিত্যের ইতিহাসকার ডঃ সুকুমার সেন নিশ্চিতভাবে বলবেন যে **১৪দশ** শতাব্দীর মধ্যভাগে দিল্লীর বাদশাহ ফিরোজ শাহ্ তুঘলক বাংলা ও উড়িষ্যায় যে বিদ্যুৎগতি অভিযান চালিয়েছিলেন, তারই স্মৃতি এই ‘জালালি কলিমা’; ধর্মপূজার বিধিবিধান সম্পর্কে তাঁর মতামত অবশ্য কিছুটা অন্যরকম-

“শিক্ষিত-সমাজে ধর্ম-ঠাকুরের পরিচয় প্রথম প্রকাশ করেন হরপ্রসাদ শাস্ত্রী। ইনি ধর্ম-ঠাকুরের পূজায় বাঙ্গালা দেশে বৌদ্ধধর্মের শেষ পরিণতি অনুমান করিয়াছিলেন। কিন্তু সে অনুমান এখন আর সমর্থন করা যায় না। ধর্ম-ঠাকুরের পূজায় হিন্দু বৌদ্ধ মুসলমান সর্ব ধর্মেরই অনুষ্ঠান অল্পবিস্তর নেওয়া হইয়াছে।”[৪]

আর হিন্দু-বৌদ্ধ দ্বান্দ্বিকতার যুগবিভাজন-কল্পনাকে সম্পূর্ণ অসার প্রমাণ করে আরও কিছুটা সরে গিয়ে শ্রদ্ধেয় শশিভূষণ দাশগুপ্ত এ প্রসঙ্গে বলবেন- বৌদ্ধধর্মের লুপ্তাবশেষ, হিন্দু লৌকিক চিন্তাধারা, স্থানীয় অনার্য কিছু অনুষ্ঠানরীতি ও ঐসলামিক বিশ্বাসের সমন্বয়েই লৌকিক 'ধর্ম'-সম্প্রদায়ের জন্ম। এই ধর্ম-উপাসকদের প্রধান আরাধ্য এক এবং অদ্বিতীয় শ্রীধর্মরাজ-

"আসলে সেটা বৌদ্ধধর্মও নয়, প্রচ্ছন্ন হিন্দুধর্মও নয়-সেটি বাঙলা সমাজের শোষণশক্তির ফলে রূপান্তরিত একটি মিশ্র-রঙ এবং মিশ্র-প্রকৃতির নূতন ধর্ম। জনগণের টানা-হেঁচড়ায় পড়ে বুদ্ধদেব কখনও শিবঠাকুরের পিছনে গিয়ে লুকিয়েছেন- কখনও পশ্চিমবঙ্গের লৌকিক দেবতা ধর্মঠাকুরের সঙ্গে গলাগলি করে একেবারে একদেহ-একাত্মা হয়ে উঠতে চেয়েছেন; আবার কখনও সেই ধর্মঠাকুরের সঙ্গে শিবঠাকুর একসঙ্গে মিশে গেছেন।"[৫]

কিন্তু আমরা বলতে চাই এরূপ বিবিধ আঙ্গিক থেকে বিষয়টি ব্যাখ্যার দৃষ্টিকোণ হলো বিচ্ছিন্ন, আংশিক। কারণ ধর্মপূজার বিধিবিধান-সংক্রান্ত রামাই পণ্ডিতের ভণিতাযুক্ত পুথিটিতে(বিশ্ব. ১২৯নম্বর) বর্তমান গবেষণাকর্মের সম্পাদনা-সূত্রে 'নিরঞ্জনের উষ্মা'র পূর্বে ও পরে এমন কিছু গল্প আমরা পাচ্ছি, যেখানে দেখা যাচ্ছে ধর্মপূজকদের বিশ্বাসমতে বিশ্বব্যাপী ধর্মরাজের সামগ্রিক সৃষ্টিপ্রক্রিয়ার বর্ণনা প্রসঙ্গেই নানান মনুষ্যজাতির জন্ম হয়েছে; সেই সৃজনক্রিয়াতেই কালচক্রে মুসলমান জাতির জন্ম দিচ্ছেন পরমেশ্বর নিরঞ্জন তথা খোদারূপী ধর্মরাজ। বলা বাহুল্য, হিন্দুসমাজের এই বিশেষ অংশ তথা ধর্মসাধকদের চিন্তাভাবনা এইবিষয়ে ইসলামিক-দৃষ্টিভঙ্গির চেয়ে সম্পূর্ণই স্বতন্ত্র। হিন্দুসমাজের এই একাংশের দৃষ্টিভঙ্গিতে বিষয়টির ব্যাখ্যা দাঁড়ায় এইরকম যে, ধর্মপূজকদের আরাধ্যদেবতাই আসলে অন্যরূপে মুসলমানদের খোদা; সুতরাং অন্যান্য সমস্ত মনুষ্যজাতির মতো মুসলমানরাও শ্রীধর্মরাজের সৃষ্টিপত্তনের ফলে জন্ম নেওয়া এক জাতিবিশেষ। ধর্মপণ্ডিত রামাই এই অংশে যে কাজী, গাজী, খোদা, পেকাম্বর, বাবা আদম, ফকির বা নূরবিবির মতো পৌরাণিক তথা ঐতিহাসিক চরিত্রদের প্রতিস্থাপিত করছেন কার্তিক, গণেশ, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর বা চণ্ডী-মনসার মতো হিন্দু দেবদেবীদের স্থানে- তা আদতে হিন্দু পৌরাণিক প্যাটার্ন। নিজ ধর্মের দেবদেবীর আদলে এইসব ছড়িয়ে থাকা বিভিন্ন টুকরো ধর্মবিশ্বাসকে অন্তর্ভুক্তির প্রবণতা হিন্দুপুরাণ-কাঠামোর অন্যতম বৈশিষ্ট্য। ধর্মসাধকদের এই

ঐকতানিক সমন্বয়ী দৃষ্টিভঙ্গিতে সকল ধর্মের দেবদেবীরা এসে পড়েছেন এক ছত্রছায়ায়; আরাধ্য খোদা, ঈশ্বর ও ধর্মঠাকুর একীভূত হয়ে সৃষ্টি করছেন এই বিশ্বসংসার। সেই প্রসঙ্গেই 'নিরঞ্জনের উষ্মা'র পাঠগত অবতারণা।

ধর্মঠাকুরের এই বিশ্বসৃষ্টির কাহিনি-টি রামাই বর্ণনা করছেন এইভাবে- সৃষ্টির আদিতে ধর্মঠাকুর ছিলেন অব্যক্ত নিরাকার নিরঞ্জনরূপে। বিশ্বসৃষ্টির প্রথম আবেগের ফলে সেই শূন্যমূর্তি দ্বিধা হলেন নীল ও অনিল সত্তায়; উভয়ের সম্মিলনে অনাদ্যস্বরূপ ধর্ম সাকাররূপে আবির্ভূত হলেন। মহাশূন্যের মধ্যে নিজেকে একাকী দেখে তিনি দুঃখিত হন এবং তখন তাঁর জৃম্ভণ বা হাই থেকে জন্ম হয় উলূকপক্ষীর। তার পিঠে চড়ে তিনি বিশ্বভ্রমণ করতে লাগলেন। বাহন উলূক ক্লান্ত ও তৃষ্ণার্ত হয়ে জল চাইলে ধর্মরাজ তাকে যে মুখামৃত দিলেন, তার এককণা বাইরে পড়তেই ব্রহ্মাণ্ড হলো জলমগ্ন। আর ধর্মরাজের একবিন্দু অঙ্গমল সেই জলে ফেলতেই সৃষ্টি হলো মেদিনীর। এভাবেই বিশ্বচরাচর তথা ত্রিভুবনের সৃষ্টি। তখন ধর্মরাজের কোনও প্রতিশরীর না থাকায় সঙ্গিনীর চিন্তা করলেন তিনি- সেই ইচ্ছাশক্তিবলেই আদ্যাদেবী কেতকার জন্ম হলো। উলূকের ঘটকালিতে তাঁদের বিয়ে হলো। প্রজাসৃষ্টির মানসে ধর্মরাজ বল্লুকানদীর তীরে গেলেন তপস্যা করতে আর আদ্যাশক্তির গর্ভসঞ্চার হলে যথাকালে জন্ম নিলেন ব্রহ্মা, বিষ্ণু ও শিব। অধ্যায় শেষে সংযোজিত ৫নম্বর চিত্রটিতে সৃষ্টিপত্তন আখ্যানের এই অংশটি পরিস্ফুট। ত্রিদেব জন্ম নেওয়ার পর বল্লুকার তীরে তপস্যায় বসলেন। গলিত ভাসমান শবরূপে ধর্ম এলেন তাঁর পুত্রদের পরীক্ষা নিতে। ব্রহ্মা ও বিষ্ণু দুর্গন্ধযুক্ত শবদেহকে দ্রুত দূরে ভাসিয়ে দিলেও মহেশ্বর ঠিকই বুঝেছিলেন এ পরমপিতা নিরঞ্জনের ছলনা। তিনি সাদরে সেই শবদেহকে মাথায় তুলে নৃত্য করেছিলেন। এরপরেই তুষ্ট ধর্মরাজ তাঁদের জ্ঞানচক্ষু উন্মোচন করে জগতের সৃষ্টি-পালন-সংহারের ভার দিলেন। অযোনিসম্ভবা আদ্যাশক্তিকে নখচিহ্ন দিয়ে ভগবিদীর্ণ করে প্রকৃতিস্বরূপা সৃষ্টির আধার করে তুলেছিলেন নিরঞ্জন। সেই আদ্যাশক্তিই কয়েকবার ইচ্ছামৃত্যু নিয়ে পরবর্তীকালে শিবপত্নী সতীরূপে আবির্ভূতা হন এবং রামাই-এর বর্ণনায় শিব ও সতীর মিলনের ফলেই হয়েছিল জগত-সংসারের সৃষ্টি। মাণিক গাঙ্গুলির সৃষ্টিপত্তন মোটামুটি শূন্যপুরাণের মতোই। নাথসাহিত্য অথবা জগজ্জীবন ঘোষালের মনসামঙ্গলের আদিকথায় বর্ণিত সৃষ্টিপ্রক্রিয়ার সঙ্গেও এই বর্ণনার বেশ কিছু মৌলিক সাদৃশ্য রয়েছে।

প্রাপ্তপুথিতে ঠিক এরপরের অংশেই রয়েছে আর একটি গল্প- জাজপুরের অত্যাচারী ব্রাহ্মণ ধর্মরক্ষক পাসাসিংহ বা পাসানসিংহের গল্প। ধর্মঠাকুর সেখানে উপস্থিত হয়ে বলপূর্বক পাশাখেলায় পরাস্ত করে পাসানসিংহকে শায়েস্তা করছেন। ধর্মপূজাবিধিবিধানের বর্তমান সম্পাদিত পাঠে স্পষ্ট উল্লেখ রয়েছে, বৌদ্ধ-সদ্ধর্মীদের ওপর ব্রাহ্মণদের অতিরিক্ত দক্ষিণা-আদায়, জোরাজুরি ও অত্যাচার ক্রমশ বাড়তে থাকলে ক্রুদ্ধ হয়ে বৈকুণ্ঠে নিরঞ্জন খোদা-রূপ ধারণ করেন এবং 'যবন-অবতার'রূপে জাজপুরে উপস্থিত হন। তারপর পাসানসিংহকে পাশার চালে হারিয়ে অত্যাচারী ব্রাহ্মণকুলের মাথা মুড়িয়ে, টুপি পরিয়ে, কোরানপাঠ করিয়ে এমনকি গোমাংসভক্ষণ করিয়ে কৌশলে ধর্মান্তরিত করছেন ধর্মঠাকুর এই অংশে। শুধু তাই নয়, দ্বিজকুলের জাতিনাশ করার পর বাহন উল্লুকের অনুরোধে সবশেষে প্রভু সমস্ত মৃত গাভীদের অস্থিটুকরো একত্রিত করে মৃতসঞ্জীবনী মন্ত্রোচ্চারে তাদের পুনর্জীবন দান করেছেন।

এখন লোকসংস্কৃতির কিছু টুকরো উপাদান আলোচনাসূত্রে আমরা সামগ্রিক দৃষ্টিভঙ্গিতে নতুনরূপে বুঝে নিতে চাইবো এই পাঠান্তরকে, যেখানে শূন্যপুরাণের সৃষ্টিবর্ণনের সর্বশেষ সংযোজন হিসেবে বিবেচিত হবে 'নিরঞ্জনের উষ্মা'-

প্রথমেই আসি, রাঢ়বাংলার আঞ্চলিক ইতিহাস-সন্ধানী অন্যতম গবেষক ও ক্ষেত্রসমীক্ষক মাণিকলাল সিংহের বাঁকুড়া জেলা থেকে সংগৃহীত 'রাঢ়ের জাতি ও কৃষ্টি' বিষয়ক একটি ছড়ায়। ছড়াটি এইরকম- 'বামনা যবনা ডোমনা / তিনের পুরুত আপনা আপনা।'[৬]...এর পিছনের গল্পে আছে তিন ঋষির গো-মেধযজ্ঞের প্রসঙ্গ; তাঁরা সম্মিলিতভাবে গরুকে খণ্ড খণ্ড করে কেটে যজ্ঞ করতেন এবং যজ্ঞশেষে মৃত গরুটিকে মন্ত্রবলে পুনর্জীবনদান করতেন। একসময় এঁদের মধ্যে জ্যেষ্ঠ ঋষি গোমাংসের প্রতি লোভাসক্ত হয়ে একদিন সকলের অলক্ষ্যে একখণ্ড হাড় ও মাংস চুরি করে শালপাতায় মুড়ে সেটি পুকুরের পাঁকে পুঁতে রেখেছিলেন। ফলে যজ্ঞশেষে যখন গরুটির প্রাণদান করা হলো, তখন দেখা গেলো গরুটি খুঁড়িয়ে হাঁটছে এবং তার জঙ্ঘা বা ঊরুর কিছুটা মাংস নেই। এদিকে ধ্যানযোগে কনিষ্ঠ ঋষি জানতে পারলেন সত্যঘটনাটি। পুষ্করিণীর পাঁকে ডোবানো শালপাতার মোড়ক খুলতেই দেখা গেলো গরুর হাড়টি রসুন এবং মাংসখণ্ডটি পেঁয়াজে পরিণত হয়েছে। জ্যেষ্ঠ ঋষিকে তিনি অভিশাপ দিলেন- 'তুমি যবন হও'। এরপর তাঁদের মধ্যে শুরু হয় তুমুল দ্বন্দ্ব-কলহ; ক্রোধের মুহূর্তে কনিষ্ঠ ঋষি অগ্রজের

পৈতে টেনে ছিঁড়ে দিতেই তাঁর ক্রোধাগ্নিতে হলেন অভিশপ্ত- 'তুমি নীচজাতির মানুষদের যজাইয়া জীবিকা অর্জন করবে'। স্বয়ং ধর্মরাজ এলেন তাঁদের বিবাদ থামাতে। তিন ঋষিকে পৃথক ধর্মের পুরোহিত করে দিলেন তিনিই। দশ দণ্ডী পৈতে দিলেন মেজ ঋষিকে, যিনি হলেন হিন্দুসমাজের ব্রাহ্মণ পুরোহিত। এগারো দণ্ডী পৈতে দিলেন কনিষ্ঠ ঋষিকে, যিনি বিশেষভাবে তাম্রধারণ করবেন একমাত্র রাঢ়ের ধর্মঠাকুরের পূজাধিকারী ডোম-পুরোহিত হিসেবে (ধর্মঠাকুরের পুজো কোনও ব্রাহ্মণ করতে পারবেন না)। আর অভিশপ্ত সেই জ্যেষ্ঠ ঋষি গোমাংসভক্ষণের লোভের কারণে হলেন যবন। ব্রাহ্মণ, ডোম ও চণ্ডাল এই তিন দলভুক্তির মাধ্যমে উক্ত জাতিবিষয়ক ছড়াটিতে এভাবেই গোমাংসভক্ষণ-এর কারণে যবন-পুরোহিতে পরিণত হওয়ার গল্পটি বর্ণিত হয়েছে।

এখন 'নিরঞ্জনের উষ্মা' সংলগ্ন গল্পটিতে আমরা দেখবো, জাজপুরের নিপীড়ক ব্রাহ্মণ পাসানসিংহকে পাশা খেলার পূর্বে ছদ্মবেশী ধর্মরাজের শর্ত মেনে তাঁর গোয়ালের দশটি সুলক্ষণযুক্ত উন্নতমানের গাভি বাজি রাখতে হয়েছিল। আর কৌশলে তাঁকে পরাস্ত করার পর সেই দশটি গাভির রান্না করা মাংসই পাসানসিংহ ও তাঁর অনুগত ব্রাহ্মণ সম্প্রদায়কে খেতে বাধ্য করেছিলেন ধর্মরাজ। এভাবে গোমাংসভক্ষণের ফলে ধর্মান্তর এবং মুসলমান জাতিতে পরিণতির কাহিনি রামাই-এর রচনাতেও ধরা পড়েছে। এমনকি হিন্দু-পুরাণের গোমেধযজ্ঞের মতো, জবাই করা গাভিগুলির অস্থির টুকরো একত্রিত করে মন্ত্রবলে তাদের পুনর্জীবনদানের প্রসঙ্গটিও কাহিনির শেষাংশে খুবই তাৎপর্যপূর্ণ হয়ে দাঁড়িয়েছে [দ্রষ্টব্যঃ চিত্র-৬]। এ উপাখ্যানে দেখা যাচ্ছে, স্বয়ং ধর্মঠাকুরের ছলনায় পড়েই তাঁর ইচ্ছেতে সংসারে সাত-আট প্রজাতির মুসলমান সম্প্রদায় ও অন্যান্য বিচিত্র ধর্মসম্প্রদায়ের জন্ম হচ্ছে।

প্রশ্ন জাগে- 'নিরঞ্জনের উষ্মা'র পূর্ব ও পরবর্তী সপ্রসঙ্গ গল্পপাঠের পর এখনও কি আমরা একে বলবো, এ কাব্যাংশ নিছক মুসলমানদের বন্ধু ভাবার গল্প? অথবা, ধর্মঠাকুরের আশ্রয়ে গিয়ে অত্যাচারিত বৌদ্ধ-সদ্ধর্মীদের মুসলমান ধর্মগ্রহণের কাহিনি? কখনোই না, এটি আদতে বিশ্বসৃষ্টিপ্রক্রিয়ার সামগ্রিক বর্ণনা, নানান মনুষ্যজাতির জন্মবৃত্তান্ত।

দ্বিতীয়ত আমরা উল্লেখ করবো, রাঢ়বাংলার মেদিনীপুর জেলার ঠেকুয়াচকের পটশিল্পী অজিত চিত্রকরের তৈরি একটি পটের গান-

হাবিল পড়িল শাস্ত্র কাবিল কোরান।

তাহা হতে সৃষ্টি হল হিন্দু-মুসলমান।।[৭]

গানটির ব্যাখ্যায় যে গল্পটি আমরা পাই- হাবিল ও কাবিল দুই ভাই। কোনও কারণবশত তাদের মধ্যে তীব্র সংঘর্ষ হলে হাতাহাতিতে ছোটোভাই কাবিলের মৃত্যু ঘটে। তখন তার দেহসৎকার নিয়ে চিন্তায় পড়ে হাবিল, কারণ পৃথিবীতে তখনও শবদেহ সৎকারের কোনও উপায় বলা ছিল না। এমন সময় একজোড়া সংঘর্ষরত কাক তার চোখে পড়লো। তাদের মধ্যে মারামারিতে একটি কাকের মৃত্যু হলে অন্য কাকটি তার ঠোঁটে করে মাটিতে গর্ত খুঁড়ে সেই গর্তে মরা কাকটিকে শুইয়ে মাটি চাপা দিলো। সেই দেখে হাবিলও একই পদ্ধতি অনুসরণ করে মাটি খুঁড়ে মৃত কাবিলকে কবর দিলো। দুই ভাইয়ের দুই পুত্র সেখানে উপস্থিত হলে পরমপিতা তাদের একজনকে দিলেন পুরাণ, অন্যজনকে কোরান- সেই থেকেই একজন পেলো দাহ করার অধিকার, অন্যজন কবর। আলোচ্য গানে অজিত পটুয়া বলছেন, পুরাণ-কথা নিয়ে পটের গান বাঁধি আমরা ঠিকই, কিন্তু আমরা আদতে কোরানধর্মী মানুষ অর্থাৎ ওই বড়ো ভাইয়ের বংশধর। এভাবেই পটুয়া সমাজে এইসব প্রচলিত কাহিনির মধ্যে দিয়ে চলে তাদের সামাজিক অবস্থানকে যুক্তিসিদ্ধ করে নেওয়ার প্রয়াস।

সম্পাদনাসূত্রে প্রাপ্তপুথিটিতেও 'নিরঞ্জনের উষ্মা' সংলগ্ন কাব্যাংশে আমরা একটি চাবি-পয়ারকে বারবার আবর্তিত হতে দেখবো- যেখানে ধর্মরাজ 'হিন্দুকে পুরাণ দিল, যবনে কোরান'। অধ্যায়ান্তে সংযোজিত ৭সংখ্যক চিত্রে এই মনুষ্যজাতি সৃষ্টি এবং হিন্দুকে পুরাণ ও যবনকে কোরান দানের প্রসঙ্গটি লক্ষণীয়। রামাইপণ্ডিতের এই রচনার উৎস কোনও নির্দিষ্ট ধর্মবিশ্বাসজাত চিন্তাভাবনা তো নয়ই, বরং বলা ভালো বিভিন্ন ধর্মীয় উপকথায় ছড়িয়ে ছিটিয়ে রয়েছে এই একই কাহিনির সূত্র। একদিকে হাদিসে এই কাহিনির সমর্থন যেমন মিলবে, তেমনই আরও প্রাচীনকালের দিকে চোখ রাখলে আদিপুস্তক বাইবেলের ওল্ড টেস্টামেন্টে আদম-ইভের সন্তান হ্যাভেল ও কাইনের গল্প প্রসঙ্গেও এমন কাহিনির

অনুষঙ্গ খুঁজে পাওয়া যাবে। এমনকি হাদিস অনুসরণে বাংলাদেশে রচিত বেশ কিছু লোকনাট্যেও হাবিল-কাবিলের পালা হিসেবে গল্পটিকে ছড়িয়ে পড়তে দেখা গিয়েছে, যেখানে হিন্দুর পুরাণপ্রাপ্তি ও মুসলমানের কোরানপ্রাপ্তির কাহিনি বর্ণিত।

সুতরাং একথা জোর দিয়েই বলা যায় যে, রীতিমতো ইসলামিক সংস্কৃতি বাংলায় ছড়িয়ে পড়ার পর ধর্মমঙ্গলের কাহিনির সূত্রে রামাই-এর এই কাহিনির জন্ম। তা যদি হয়, তবে তো একে কিছুতেই আচার্য সেনের যুক্তিমতো হিন্দু-বৌদ্ধ দ্বন্দ্ব এবং তার ফলে সদ্ধর্মীদের মুসলিম-প্রীতির ঐতিহাসিক আখ্যান হিসেবে চিহ্নিত করা চলে না। 'নিরঞ্জনের উষ্মা' প্রকৃতপক্ষে বিশ্বসংসারের সৃজনক্রিয়ায় মুসলমানদেরও মনুষ্যজাতিহিসেবে অন্তর্ভুক্তির একটি প্রয়াস হিসেবে বিচার্য, যেখানে পক্ষান্তরে ধর্মসাধকদের সৃষ্ট বিবৃতি অনুসারে আরাধ্য খোদা, ঈশ্বর ও ধর্মঠাকুরকে একীভূত করে দেখানোর প্রবণতাই শেষপর্যন্ত প্রতিষ্ঠিত হয়েছে। নিঃসন্দেহে সংস্কৃতিগত ঐক্যে অন্তর্ভুক্তির প্রবণতা থেকেই এমন চিন্তাধারার জন্ম। তাঁদের সঙ্গে মুসলমানদের পরিচয় ছিল না এমনটা তো নয়ই, বরং জাতিভেদে খাদ্যগ্রহণের ট্যাবু সম্পর্কে সম্যক জ্ঞান ছিল বলেই সনাতন হিন্দুধর্মের গোমেধ-যজ্ঞ ও গরুটির পুনর্জীবনদান প্রসঙ্গটিও তাঁরা জানতেন। সেইসূত্রেই গোঁড়া ব্রাহ্মণ পাসানসিংহকে শায়েস্তা করার জন্য বলপূর্বক গোমাংস খাইয়ে, মস্তকমুণ্ডন করিয়ে, কলেমা পড়িয়ে, সুন্নৎ করানোর মতো গল্পের জন্ম। অধার্মিক দুর্জন ব্রাহ্মণ্যগোষ্ঠীকে গোমাংসভক্ষণ করিয়ে জোর করে তাদের মুসলমান ধর্মে পরিবর্তন যেমন ঘটিয়েছেন তিনি, তেমনই অন্যদিকে আবার পরিশেষে হিন্দু শাস্ত্রবিধির গোমেধযজ্ঞের আদলে নিরীহ গাভিগুলির অস্থিসমূহ একত্রিত করে অঙ্গসন্ধিস্থাপন ও মন্ত্রবলে তাদের দেহে পুনরায় প্রাণসঞ্চার ঘটিয়েছেন জগৎপতি। ফলে, অভিনিবেশপূর্বক পাঠ করলে বোঝা যায় এহেন ঐকতানিক চিন্তাভাবনা আদতে ধর্মপূজকদের একান্তই নিজস্ব ধর্মবিশ্বাস- যা মুসলমানদের সঙ্গে দীর্ঘদিন একত্রে মিলেমিশে থাকার ফলাফল ও অভিজ্ঞতাকে বিনিময় করতে চাইছে।

পরিশেষে বলা যায়, রামাই পণ্ডিতের 'নিরঞ্জনের উষ্মা' কাব্যাংশের যে ব্যাখ্যা প্রথাগতভাবে চলে এসেছে, তার পুনর্বিবেচনার আশু প্রয়োজন। লক্ষণীয়, এ কাব্যের বাকি অংশে কোথাও কিন্তু খোদার নামোচ্চারণ পর্যন্ত নেই, ধর্মপূজা-সংক্রান্ত আচরণীয় নানান বিধিবিধানই সেখানের মূল আলোচ্য।

কাব্যদেহে আধা-সংস্কৃত, আধা-বাংলায় ধর্মপূজার্চনার নিয়মাবলীই মূলত বর্ণিত হয়েছে। আচার্য দীনেশচন্দ্র সেন-সহ বাংলা সাহিত্যের সকল স্বনামধন্য ঐতিহাসিকরাই তাঁদের রচনায় 'নিরঞ্জনের উষ্মা' বলতে পূর্বোক্ত ওই বিশেষ মধ্যবর্তী পাঠ্যাংশটিই রামাই পণ্ডিতের ভণিতাসহ উল্লেখ ও প্রকাশ করেছেন, কিন্তু সপ্রসঙ্গ এর পূর্বের ও পরের গল্প দুটি হয়তো খেয়াল করেননি। এ রচনার একটি শুরুও আছে, শেষও আছে; যা বিচ্ছিন্নভাবে পাঠ করা হয়তো যুক্তিযুক্ত নয়। ফলত, পূর্বাপর কাহিনিসূত্র বিচার করে বলা যায় 'নিরঞ্জনের উষ্মা' কাব্যাংশটি মুসলমানদের প্রতি বন্ধুতা বা বৈরিতার আখ্যানমাত্র নয়; অত্যাচারিত বৌদ্ধসম্প্রদায়ের সঙ্গে ধর্মের ধ্বজাধারী হিন্দু-ব্রাহ্মণ্য সম্প্রদায়ের সংঘর্ষ এবং তার পরিণতিতে মুসলমান-প্রীতি... এমন সিদ্ধান্তও নিছক বিচ্ছিন্ন কল্পনাজাত মান্যায়ন। আবার একে সমগ্র সদ্ধর্মী সম্প্রদায়ের জীবনভাবনার পরিচয়বাহীও বলে দেওয়া চলেনা। বর্ণহিন্দু সমাজের উচ্চ ও নিম্নবর্গীয় গোষ্ঠীর সাম্প্রদায়িক ভেদযুদ্ধ ও তার ফলাফল এতে আছে একথা সত্য, কিন্তু সেটাই এই অংশের মূল আলোচ্য বিষয় এমন চিন্তাধারা খণ্ডিত। ধর্মপূজকদের বিশ্বাসদৃষ্টিতে, বিশ্বব্যাপী ধর্মরাজের সমগ্র সৃজনপ্রক্রিয়ার অন্তর্গত একটা খণ্ড বা সৃষ্টির অংশ মুসলমানরা; তাই ধর্মরাজকর্তৃক সমগ্র বিশ্বসৃষ্টিক্রিয়ায় মনুষ্যজাতি হিসেবে মুসলমানদেরও অন্তর্ভুক্তির একটা প্রচেষ্টা বরং এখানে খুঁজে পাই আমরা। বিচ্ছিন্নভাবে কেবলমাত্র জাতিগত শত্রুতার দৃষ্টিকোণ থেকে নিরঞ্জন-ধর্মরাজের উষ্মার প্রকাশকে চিহ্নিত না করাই শ্রেয়।



চিত্র- ৫



চিত্র- ৬

চিত্র- ৭

তথ্যসূত্র

১. দীনেশচন্দ্র সেন, বঙ্গভাষা ও সাহিত্য (প্রথম খণ্ড-৯ম সংস্করণ), পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলকাতা, আগস্ট ১৯৮৬, পৃষ্ঠাঃ ৫৪-৫৭

২. আহমদ শরীফ, বাঙালী ও বাঙলা সাহিত্য [প্রথম খণ্ড], নয়া উদ্যোগ, কলকাতা, প্রথম ভারতীয় সংস্করণ ২০১৪, পৃষ্ঠাঃ ৪৩০

৩. ওয়াকিল আহমদ, বাংলা সাহিত্য কোষ (প্রাচীন ও মধ্যযুগ), আহমদ পাবলিশিং হাউস, ঢাকা, ফেব্রুয়ারি ২০১৫, পৃষ্ঠাঃ ১৯৯

৪. শ্রীসুকুমার সেন, বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (২য় খণ্ড- সপ্তদশ থেকে অষ্টাদশ শতাব্দী), ধর্ম-ঠাকুর-কথা, আনন্দ পাবলিশার্স প্রা. লি, কলকাতা, প্রথম প্রকাশ ১৯৪০, পৃষ্ঠাঃ ১১০

৫. শ্রীশশিভূষণ দাশগুপ্ত, বাঙলা সাহিত্যের পটভূমিরূপে কয়েকটি ধর্মসাধনা, বাঙলা-সাহিত্যে গুহ্যসাধনার ধারা, গোপীমোহন সিংহরায় অনূদিত, ভারবি, কলকাতা, অক্টোবর ১৯৯৬, পৃষ্ঠাঃ ১৫২

৬. অচিন্ত্য বিশ্বাস, লোকসংস্কৃতিবিদ্যা, অঞ্জলি পাবলিশার্স, কলকাতা, আগস্ট ২০০৬, পৃষ্ঠাঃ ২১৭

৭. সুমনা দত্ত চট্টোপাধ্যায়, পূর্ব ভারতের পটচিত্র, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, সেপ্টেম্বর ২০১০, পৃষ্ঠাঃ ৯

সপ্তম অধ্যায় :

গবেষণার মূল নির্যাস

সপ্তম অধ্যায়

গবেষণার মূল নির্যাস

মধ্যযুগীয় বাংলার মঙ্গলকাব্যকথায় নারী-পৌরোহিত্যের প্রচলন ছিল যথেষ্ট। কাহিনি পরম্পরায় লক্ষ করলে দেখা যাবে, বিশেষত বাংলার লোকায়ত নারীদেবতারা প্রথমে পূজিত হয়েছেন নারীসমাজের কাছেই। পরে তাঁদের পূজা প্রচারিত হয়েছে কাব্যের পুরুষ নায়কের হাত ধরে। দেবী মঙ্গলচণ্ডীর ক্ষেত্রে খুল্লনা বা মনসার কাহিনিতে চাঁদপত্নী সনকার কথা এই সূত্রে আমাদের মনে পড়ে।

নারী-পৌরোহিত্যের বাস্তব ভিত্তি ছিল মূলত নারীপ্রধান সমাজে। নারী পুরোহিতেরা অঞ্চলবিশেষে অত্যন্ত প্রভাবশালী ছিলেন; পৃথিবীর নানান দেশে তাঁদের প্রবল প্রতিপত্তিও ছিল। এমনকি সেইসমস্ত অঞ্চলে পুরুষ পুরোহিতদের ওই দেবীমন্দিরে প্রবেশাধিকারটুকুও ছিলনা। আসটার্ট, সেবিলি বা আত্তিস প্রভৃতি দেবীর মন্দিরে যেমন পুরুষ প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ছিল; পুরুষের প্রবেশাধিকারের অন্যতম আবশ্যিক শর্ত ছিল স্বেচ্ছায় পুংলিঙ্গ কর্তন। নপুংসক হওয়ার পর দেবীর পূজাস্থলের সীমানায় তাঁরা যেতে পারতেন। সে প্রসঙ্গে আমরা যাব না।

আমাদের বক্তব্যবিষয় হল- ধর্মমঙ্গল কাব্যে একজন নারী পুরোহিতের কথা জানা যায়, যিনি পুরুষদেবতা শ্রীধর্মরাজের পূজার বিশেষ রীতি-পদ্ধতি ও প্রচার-প্রবর্তনে সক্রিয় ভূমিকা নিয়েছেন। এঁকে বলা হয় **সামুলা**। ধর্মপূজার যাবতীয় মন্ত্র-পদ্ধতি থাকে এঁদের নখদর্পণে। রাঢ়বঙ্গেও ধর্মঠাকুরের সমবেত পূজকগোষ্ঠীর মধ্যে একজন সামুলার উপস্থিতি তাই আবশ্যিক। রঞ্জাবতীর শালেভর পালায় স্পষ্ট উল্লিখিত আছে সামুলাই ধর্মপূজার ইতিহাস জানেন-'সামুলা বলিল ইতিহাস'। শুধু তাইই নয়, পূজার পদ্ধতি, স্থান নির্বাচন, উপকরণ নির্দেশ, মন্ত্রোচ্চার ইত্যাদি আনুষঙ্গিক বিষয়েও সামুলার ভূমিকা এবং অধিকার সর্বাধিক। সামুলা ধর্মের ইতিহাস মুখস্থ উচ্চারণ করার পরেই পূজক পণ্ডিতরা তার পুথিগত প্রমাণ হাজির করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, পণ্ডিত বলতে এখানে অন্যতম ধর্মপূজাধিকারী প্রধাণত নিম্নবর্গীয় সম্প্রদায়ভুক্ত তাম্রদীক্ষিত ডোমপণ্ডিতদের ইঙ্গিত করা হয়েছে-

সামুলা এতেক যদি বলিল রঞ্জায়।
পুথি দেখি পণ্ডিত প্রমাণ দিল যায়।।

ধর্মঠাকুরের পূজায় সামুলার সক্রিয় ভূমিকা ও নেতৃত্বের বর্ণনা প্রসঙ্গটি শালেভর পালার আদ্যন্তে পরিস্ফুট করেছেন কবি-

শিঙ্গা কাড়া ঢাক ঢোল ঘোর বাদ্যময়।

রঞ্জাবতী সেবেন সামুলা দেন জয়।।

রঞ্জাবতীর পুত্রাকাঙ্ক্ষার ব্রতে যেমন সামুলার ভূমিকা দেখা গেছে, তেমনই পরবর্তীকালে লাউসেনের দুষ্কর ব্রত উদযাপনেও পশ্চিমে উদয়পালায় হাকন্দের মাঠে নবখণ্ড সাধনার সময়ও সামুলার উপস্থিতি পুনর্বার লক্ষ করা যায়। দুই হাঁটু, দুই কনুই, দুই বাহু, দুই ঊরু ও গলা- শরীরের এই ৯টি সংযোগস্থলে অস্ত্রাঘাত-এর এই কঠিন সাধনায় সামুলার ভূমিকা ও নির্দেশনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। লাউসেন যখন প্রশ্ন করেছেন, 'কি বিধানে পূজিলে উদয় বড় পাই', সামুলাই পথনির্দেশ করে তাকে জানিয়েছেন- 'কমল সহস্রদলে পূজ ধর্মরাজে'। বলা বাহুল্য, এই কমল হল শরীরসর্বস্ব। তাই তাঁর বিধান- 'মাথা কেটে পূজ ধর্ম ভকতবৎসল'। এরপর নিরঞ্জনের পূজার যাবতীয় নিয়মনীতি পালনের সঙ্গে সঙ্গে দেখা যায় সামুলার নির্দেশেই হরিহর বায়েন ধুমূল [সময়ানুগ ঢাকে কাঠি মারা] সম্পন্ন করছেন।

সুতরাং একথা নিঃসন্দেহে বলা যায়, রঞ্জাবতী এবং লাউসেন- পরপর দুই প্রজন্মের নারী ও পুরুষের ধর্মোপাসনায় দুইপ্রকার কঠিন ব্রত সম্পাদনেই নারী পুরোহিত হিসেবে সামুলার নির্দেশনাই মান্যতা পেয়েছে কাব্যে। বাংলার লৌকিক দেবদেবীর পূজানুষ্ঠানের পরিচালনায় নারী পুরোহিতদের ভূমিকা বিষয়ে অবগত হলাম আমরা। এই বাস্তবতার উৎস অবশ্য সুদূর অতীতের নারীপ্রধান সমাজব্যবস্থায় নিহিত। অধ্যাপক ডঃ অচিন্ত্য বিশ্বাসের অনুসন্ধানটি এ বিষয়ে বিশেষভাবে স্মরণীয়। তিনি দেখিয়েছেন, কীভাবে প্রায় প্রতিটি মঙ্গলকাব্যে ও ব্রতকথায় সাধারণ ভাবসূত্র হিসেবে লক্ষ করা যায়- প্রত্যেক দেবীই ঘটনাচক্রে তাঁর ভক্তের কাছে সাক্ষাৎ আবির্ভূতা হয়েছেন এবং তাঁর ছদ্মবেশ বৃদ্ধা জরতীর। মনসামঙ্গল, লক্ষ্মীর ব্রতকথা, অন্নদামঙ্গল সবক্ষেত্রেই দেবীরা পূজা পাওয়ার জন্য বৃদ্ধাবেশে যত্রতত্র পৌঁছে গেছেন; কাউকে অভিশাপ দিয়েছেন, অথবা কৌশলে ছলনাও করেছেন-

"বৃদ্ধারা দেব-দেবীর পৌরোহিত্যের প্রকৃত অধিকারিণী, এরকম একটি লোকবিশ্বাস সমাজে চালু না থাকলে এই বিস্তৃত ভাবসূত্রের ব্যাখ্যা হয় না।"[১]

সমাজে পুরুষ-প্রাধান্য সূচিত হলে ক্রমশই পৌরোহিত্যের ভূমিকা থেকেও নারীকে পিছিয়ে আসতে হয়েছে। এ ঘটনা নিশ্চয়ই একদিনে বা এক প্রজন্মেই পরিবর্তিত হয়নি। পাশাপাশি দুইটি ধরণ অথবা সমান্তরাল পৌরোহিত্য ব্যবস্থাও নিশ্চিতভাবে কিছুদিন চালু ছিল। বিবাহ, পূজাপদ্ধতি, উৎসব-অনুষ্ঠান, লোকাচার, নানান সংস্কার ইত্যাদি সবকিছুর মধ্যেই তৎকালীন সমাজজীবনে এয়োস্ত্রীদের মাঙ্গলিক আচার, নারী সম্প্রদায়ের প্রত্যক্ষ ভূমিকা ও নেতৃত্বের প্রবণতা পুরুষের পাশাপাশি সমানভাবে বহমান থেকে গেছে। আদিম লোকাচার, ধর্মবিশ্বাস, জীবনবোধ থেকে তার প্রমাণ মেলে।

এ বিষয়ে আমাদের আগ্রহের দিকটি স্পষ্ট করা যাক। আমরা দেখলাম, ধর্মরাজের পূজানুষ্ঠানে পূজাসংক্রান্ত যাবতীয় নিয়মনীতি ও মন্ত্রাদি সামুলার কণ্ঠস্থ থাকে, তাঁর নির্দেশ ও পরিচালনাতেই একাজ সুসম্পন্ন হয়। তাঁকে যথাযথ অনুসরণের জন্য পূজকগোষ্ঠীর অন্যান্য পণ্ডিতদের কাছে থাকে ধর্মপূজাবিধিবিধানের প্রায় অনুরূপ পুথির লিপি। বর্তমান সম্পাদিত পুথিটি [বিশ্ব.১২৯ সংখ্যক] এরকমই কোনও বিধিবিধানসংক্রান্ত পুথির অনুলিপি বলে আমাদের বিশ্বাস। সম্ভবত সেইকারণেই হরিশচন্দ্র-মদনার কথা, মার্কণ্ডমুনির কুষ্ঠরোগমুক্তি বা পাসানসিংহের আখ্যান বর্ণনায় একাধিকবার কোনও কোনও অংশের পুনরাবর্তন বা ভিন্ন পাঠান্তর পুথিতে লক্ষ করা গেছে।

সম্ভবত পূজাপদ্ধতির পাশাপাশি আখ্যানভাগের সমবেত পাঠ বা পরিবেশনের রীতি প্রচলিত ছিল। তাই অনুরূপ পুথির কয়েকটি লিপিকৃত অংশ পূজকগোষ্ঠীর প্রায় প্রত্যেকের কাছেই থাকত। তাঁরা উচ্চারণ করতেন সম্মিলিতভাবে নিজেদের মতো করে। এভাবেই সম্ভবত পূজার রীতিনীতির পাশাপাশি চলত উক্ত আখ্যানগুলির জমজমাট উপস্থাপন। সম্পাদিত পুথিটির পরিচয় দিতে গিয়ে দ্বিতীয় অধ্যায়েই আমরা বলেছিলাম যে প্রাপ্ত পুথিটি কোনও সুসংবদ্ধ রচনা নয়, বরং শ্রীরামাই পণ্ডিতের ভণিতায় আদ্যন্ত একাধিক অনুলিপিকারের হস্তলিখিত একটি গুচ্ছবদ্ধ রচনাবিশেষ। পুথিটির বিভিন্ন অংশ তাই আনুমানিক পাঁচ-দশ বছরের কম-বেশি সময়ান্তরে লিখিত বলে আমাদের মনে হয়েছে। পুথির

শেষপত্রের পুষ্পিকায় (৭৮ক পত্রে) উক্ত সময়কালটি আমরা সচিত্র দেখেছিলাম ১১৫১সন অর্থাৎ ১১৫১+৫৯৪= ১৭৪৫ খ্রিষ্টাব্দ। কিন্তু সম্পাদিত পাঠে জাজপুর অংশের আখ্যানভাগের পরিশেষে (৬৬ক পত্রে) রচনার সময়কাল উল্লিখিত রয়েছে এই বলে- ১১৬০সন, চৈত্র মাস, শুক্রবার জাজপুর পুস্তকলিখা সমাপ্ত অর্থাৎ ১১৬০+৫৯৪= ১৭৫৪ খ্রিষ্টাব্দ। অধ্যায় পরিশেষে এই ভিন্ন রচনাকালটির উল্লেখসহ জাজপুর-উপাখ্যানের শেষাংশটি ৮সংখ্যক চিত্র হিসেবে তুলে ধরা হলো।

সুতরাং, বলা যায়-ধর্মরাজের মহিমাজ্ঞাপক নানান উপাখ্যান ও ধর্মপূজার রীতি-নীতি, মন্ত্র-আচার সম্বলিত আধা-বাংলা, আধা-সংস্কৃত ভাষায় রচিত এ পুথিখানি অষ্টাদশ শতকের মধ্যবর্তীকালীন সময়পর্বের টুকরো টুকরো রচনার সংকলনবিশেষ। উপাখ্যানগুলির বিশেষত্ব এখানেই যে, আখ্যানগুলি কিন্তু ধর্মমঙ্গল কাব্যের অন্তর্গত কাহিনি নয়। বরং শ্রীধর্মরাজের পূজার প্রচলন ও প্রচারের জন্যই ধর্মপূজাকে কেন্দ্র করে তাঁর মাহাত্ম্যজ্ঞাপক এই গল্পগুলির বয়ন। ফলে একথা বলা যেতে পারে, ধর্মমঙ্গল কাব্য তৈরির পূর্বেই এই আখ্যানগুলির জন্ম।

রাঢ়বাংলার এই সবচেয়ে লোকপ্রিয় মঙ্গলদেবতাটির আসন চিরকালই মাটির কাছাকাছি। আখ্যানগুলির বয়নেও সেই ছাপ সুস্পষ্ট। ধর্মরাজ কখনও অতিবৃষ্টি ও অনাবৃষ্টির নিয়ামক অথবা শস্যের দেবতা। তাঁর পূজার বিধিবিধানে সেই মহিমাই পরিস্ফুট হয়েছে ধান্যের জন্ম আখ্যানে। নিঃসন্তান দম্পতিরা সন্তানকামনা জানিয়ে অটল বিশ্বাসে যেমন শ্রীধর্মের শরণাগত হয়, এখানেও রাজা হরিশ্চন্দ্র ও রানি মদনার সন্তানহীনতার যন্ত্রণায় যেন সেই কাতর আর্তিই আভাসিত। তাই শ্রীধর্মের কৃপায় তাঁরা অচিরেই লাভ করেছেন লুইচন্দ্রের মতো গুণবান সুপুত্র; ভক্তের মনস্কামনা পূরণের আখ্যান তাই পূজাপাঠের মন্ত্রাবলীর সঙ্গে সগৌরবে স্থান পেয়েছে। আবার কৃতকর্মের পাপের জন্য শ্রীধর্ম কুষ্ঠরোগের অভিশাপ দেন বলে জনপ্রচার; তাঁর সন্তুষ্টিতেই ঘটতে পারে ভক্তের পাপক্ষয়। আমাদের সম্পাদিত পাঠেও ঋষি মার্কণ্ড ধর্মপূজার নিন্দাজনিত পাপে প্রভুর কোপদৃষ্টিতে পড়েছেন। তাঁর সে পাপস্খালন হয়েছে চার যুগব্যাপী গৃহভরণসহ সাড়ম্বরে বারমতির পূজাপার্বণের প্রতিশ্রুতিদানে। তিনি পুনরায় রোগমুক্ত সর্বাঙ্গসুন্দর দেহলাভ করেছেন। অন্যদিকে আবার, জাজপুরবাসীকে কঠিন ধর্মসঙ্কট থেকে রক্ষা করার জন্য পাসানসিংহের আখ্যানভাগে তিনি নিজে যবন-বেশে মর্ত্যে অবতীর্ণ হয়েছেন। হিন্দুধর্মের

নামে ব্রাহ্মণদের ঘৃণ্য অধর্মাচরণ দেখে ক্ষুব্ধ হয়ে তিনি তাদের উচিতশিক্ষা দিতে তাদের পৌরোহিত্যের স্মারক যাবতীয় হিন্দুমন্দির-বিগ্রহ সব ধূলিস্যাৎ করে দিয়েছেন। শুধু তাই নয়, কৌশলে পাশাখেলায় দ্বিজশ্রেষ্ঠ পাসানসিংহকে পরাস্ত করে তার গোয়ালের গাভিই জবাই করিয়ে গোমাংস খেতে বাধ্য করেছেন পৈতেধারী দুর্জন দ্বিজকুলকে। মাথা মুড়িয়ে, কলেমা পড়িয়ে, সুন্নৎ করে তাদের ভণ্ডামির শাস্তিস্বরূপ জাতিনাশ করে ছেড়েছেন। অন্যদিকে নিরীহ মৃত গাভিগুলিকে ফিরিয়ে দিয়েছেন পুনর্জীবন।

সামগ্রিক আলোচনায়, নানান কৌণিক দৃষ্টিকোণ থেকে আলোকপাত করে একথা পরিশেষে বলা যায় যে, রামাই পণ্ডিতের এই রচনা নিছক নীরস কঠিন রীতি-নিয়মের 'পণ্ডিত-পদ্ধতি' নয়, এই কাব্য-বৃক্ষের শিকড় রাঢ়বাংলা তথা পশ্চিমবঙ্গের দেশ-কালের মাটির গভীরে সম্প্রসারিত। সম্পাদিত পাঠের পরতে পরতে তাই লুকিয়ে রয়েছে ঐতিহাসিকতা, সাংস্কৃতিক সংযুক্তি, সাহিত্যিক যৌক্তিকতা ও ভাষাতাত্ত্বিক আলাপচারিতা। সুতরাং রামাই পণ্ডিতের এই সৃষ্টি যে তৎকালীন সমাজ-পরিবেশ-ভাষাব্যবহার-সংস্কৃতি ও ধর্মবিশ্বাস সম্পর্কে জ্ঞানলাভের একটি নির্ভরযোগ্য আকরগ্রন্থ সেকথা বলার অপেক্ষা রাখে না।

চিত্র- ৮

তথ্যসূত্র

১. অচিন্ত্য বিশ্বাস, লোকসংস্কৃতিবিদ্যা, নারী পৌরোহিত্য : বাংলার মধ্যযুগের মঙ্গল কাব্যকথা, অঞ্জলি পাবলিশার্স, কলকাতা, আগস্ট ২০০৬, পৃষ্ঠাঃ ১২৫

অষ্টম অধ্যায় :

অপরিচিত শব্দ ও তার অর্থসূচি

অষ্টম অধ্যায়

অপরিচিত শব্দ ও তার অর্থসূচি

আকুড়ি- (সং)আকর্ষণী> (প্রা)আকড্ঢণী> (বা)আকড়ি। বাংলা শব্দে অ-কার স্থানে উ-কার প্রবণতার জন্য আকুড়ি। আঁকড়ে ধরা অর্থে ব্যবহৃত হয়েছে।

আদম্ফ- আরবি শব্দ। অর্থ আদি মানব(Adam)= আদম।

আহ্মারে- (সং)অস্মদ্ শব্দের বৈদিক রূপ অস্মে(আমরা)> (প্রা)অম্ হে; (সং)অস্মাভিঃ> (প্রা)অম্ হহি; (সং)অস্মদ্> (পালি)অম্ হি। প্রাচীন বাংলায় আহ্মে, অহ্মে, আহ্মি, আহ্মা। পালি-প্রাকৃতে সম্প্রদানকারকে ষষ্ঠী বিভক্তি হয়। পরে অপভ্রংশে সম্প্রদান ও কর্মকারকের ভেদ দূর হয়ে যায়। ষষ্ঠীর -কের, -এর থেকে সঞ্জাত -রে বিভক্তি বাংলা সম্প্রদান ও কর্মকারকে যুক্ত হয়।

ইজার- ফারসি শব্দ। অর্থ পাজামা।

ইথে- (সং)ইথম্> এতে(ক্রিয়া বিশেষণ)। অর্থ এই থেকে।

ইমান- (আরবি)ঈমান> ইমান(বিশেষ্য)। সম্মান বা বিশ্বাস অর্থে।

উর- (সং)উতর> উ(ত লোপ)র> উর। অর্থ অবরোহণ বা অবতীর্ণ।

ঋস্যানি- অর্থ ঋষি-পত্নী। পত্নী অর্থে স্ত্রীলিঙ্গ প্রত্যয় আনি।

ওদন- (সং)উন্দ্+অন্= ওদন। এর অর্থ অন্ন।

ওর- (সং)অরার> (হিন্দি)ওর> ওর। অর্থ পরিসীমা বা সীমান্ত।

কনক পৈতে- (সং)পবিত্রা> পইতা> পৈতা। বাংলার এ-কার প্রবণতার জন্য পৈতে। সত্য যুগে সুবর্ণ নির্মিত পৈতের কথা বলা হয়েছে।

কাজি- আরবি শব্দ কাজী। অর্থ বিচারক বা বিচারপতি।

কাফের- (আরবি)কাফির> কাফের(বিশেষ্য)। অর্থ বিধর্মী বা নাস্তিক।

কালকূট বিষ- কাল(যম)+কূট(নষ্ট,রাশি)। সর্বশরীরে বিসর্পিত হয় যা, তা হল বিষ। এমন তীক্ষ্ণবিষ যা যমকেও নষ্ট করে অর্থাৎ যা যমসদৃশ প্রাণান্তক।

কেউদ- (সং)কাকেন্দু> (হিন্দি)কেঁদু> কেঁদ। অর্থ কেন্দুগাছ। চিরহরিৎ বৃক্ষবিশেষ। বিজ্ঞানসম্মত নাম- Diospyros tomentosa.

কোঙর- (সং)কুমার> ম-এর স্থানে প্রাকৃতে বঁ, কখনো কখনো ম-জাত বঁ লোপ পায়, কুঅঁর> কুঙর> কোঙর।

খোদা- ফারসি শব্দ। পরমেশ্বর অর্থে ব্যবহৃত হয়েছে। (সং)স্বধা(আত্মপ্রতিষ্ঠ)> (আবেস্তা)হবদা> (পহ্লবী)খবদা> (ফারসি)খদা (খুদ্+আ, খোদ্+আ= স্বপ্রতিষ্ঠ)।

খোনকার- (ফারসি)খন্দকার> খন(ন্দ)গার> খোনকার। এর অর্থ সামাজিক মর্যাদা সম্পন্ন মানুষ।

খোরাসান- ফারসি শব্দ। পারস্যের অন্তর্গত স্থানবিশেষ, সেখানকার মানুষ খোরাসানি।

গনেশাদি পঞ্চদেবতাঃ পাদ্যাদিভিঃ পূজদয়ে- গণেশ, সূর্য, দুর্গা, শিব ও বিষ্ণু এই পঞ্চদেবতাকে পাদ্য-অর্ঘ্য-গন্ধ-ধূপ-দীপ-নৈবেদ্য ইত্যাদি দিয়ে পুজো করবে।

গাজনে- উৎসবে। (সং)গর্জন> গাজন= কোলাহল। (সং)গা(পৃথিবী)+জন(জন্ম)= পৃথিবী সৃষ্টির উৎসব।

গাজন দুআরে- উত্তর দ্বারে।

গাজী- আরবি শব্দ। অর্থ ধর্মযোদ্ধা।

গৃহভরণ- মানতের পূজা শোধ বা ঘরভরা।

ঘটদাসী- কর্মিণী> কামিন্যা> আমিনী অর্থাৎ পরিচারিকা।

ছার- (সং)ক্ষার> ছার। ছাই বা ভস্ম। চর্যাপদে এর ব্যবহার রয়েছে।

জবন- (সং)যুবন্> (আবেস্তা)যন্> (ফারসি) জোয়ান, (সং)যুন, যবন।

জানে- জ্ঞানে অর্থে। (সং)জ্ঞা ধাতুর স্থানে প্রাকৃতে জাণ হয়। (সং) জানাতি।

জালের- আরবি শব্দ জাল। ভুলভ্রান্তি, অপরাধ অর্থে।

জুগপতি- যুগপতি বা যোগপতি। প্রাকৃত উচ্চারণে উ-কার স্থানে ও-কার এবং ও-কার স্থানে উ-কার হয়। মহারাষ্ট্রী প্রাকৃতে আদ্য য স্থানে জ হয়।

তরাতুরি- তদ্ভব শব্দ। তাড়াতাড়ি বা ত্বরাত্বরিত অর্থে।

তেঞি- ব্রজবুলি শব্দ। অর্থ সেইজন্যই।

ত্রিকচ কামান- ফারসি শব্দ তীরকশ= ধনু অর্থাৎ জ্যা থেকে তীর বা বাণ নিক্ষিপ্ত হয়। তীরকশ> ত্রিকচ। আবার ফারসি শব্দ কামান= ধনু।

ত্রিদশ- ত্রি দশা যার। ঈশ্বর বা ত্রিভুবনপতি।

দখিন্যা- দক্ষিণা অর্থে।

দেয়াসি- (সং)দেবদাসী> দেবাংশি> দেয়াসি। অর্থ যাজনিক।

দেউল- (সং)দেবকুল> (প্রাকৃত)দেউল> দেউল। মন্দির অর্থে।

দেহারা- (সং)দেবগৃহ> (প্রাকৃত) দেবঘর> দেওঘর> দেহর> দেহারা।

নিছিয়া- (সং)নির্মঞ্ছন> (প্রা)নেঞোছন> নিছিয়া। মোছা বা পরিষ্কার করা অর্থে।

পঞ্চবেদ- শূন্যপুরাণ বা ধর্মপূজা বিধানকে পঞ্চম বেদ মনে করা হয়।

পত্তন- সূত্রপাত বা আরম্ভ অর্থে। (সং)পত্তন= নগর।

পাখড়- (সং)প্রগ্রহ> (প্রাকৃত) পগগহ > পাকড়। পাকড়াও অর্থে প্রযুক্ত।

পাছু- (সং)পক্ষ, পশ্চ> (প্রাকৃত)পচ্ছ> পাছ, পাছু, পাছা, পিছু, পিছন।

পুরবাদি- পূর্ব প্রভৃতি দিক্। বেদি= বৈদিক বা বেদবিদ্।

পেকাম্বর- ক] ফারসি শব্দ পয়গম্বর(ঈশ্বরের বার্তাবহ)।

খ] (সং)প্রতিগম> (প্রাচীন পারসিক)পতিগম> (পহ্লবী)পৎগাঁম্, পেতাঁম্, পেঘাঁম্> (ফারসি)পয়ঘাম্+বর্= পয়গম্বর। (সং)প্রতিগম অর্থে বার্তা এবং (সং)বৃ ধাতু অর্থে বহন করা অর্থাৎ ঈশ্বরের বাণী যিনি বহন করে আনেন।

ফকির- আরবি শব্দ। নিঃস্ব বা সন্ন্যাসী অর্থে।

বল্লুকা- (সং)বল্ল ধাতু সঞ্চালন অর্থে, বল্লুকা= স্রোতস্বিনী।

বারমতি- ধর্মপূজা পদ্ধতির এক নাম বারমতি। বারো দিনে সমাপ্ত হবে ধর্মপূজা, সেই অর্থে বারমতি। আবার ধর্মপূজার জন্য প্রয়োজন বারো রকমের ফুল। বারো সংখ্যক বহু দ্রব্যে ধর্মের পূজা হয়- যেমন বারো ফুল, বারো ছাগ, বারো পাট, বারো দূর্বা, বারো গুবাক, বারো তণ্ডুল ইত্যাদির উল্লেখ ধর্মপূজা বিধানের গৃহভরণ অনুষ্ঠানে পাওয়া যায়। বারো আমিনি এবং বারো ভক্ত্যার ধর্মপূজা মাণিক গাঙ্গুলির রচনায় দেখা যায়। চার পণ্ডিত, চার কোটাল ও চার ঘটদাসী কে নিয়ে বারো জনে বারমতির পূজা সম্পন্ন করে। আবার ধর্মপূজার গাজনে যে গান হয়, তাতে ধর্ম ঠাকুরকেই স্থানে স্থানে ব্রহ্মতি বা ব্রহ্মাত্ম বলা হয়। অতএব বারমতি শব্দটি ব্রহ্মাত্ম শব্দেরই অপভ্রংশ। ধর্ম এব ব্রহ্ম ইতি= ব্রহ্মেতি= ধর্মের ব্রহ্মত্ব অর্থাৎ ধর্মই ব্রহ্ম। ব্রহ্মত্ব, ব্রহ্মাত্ম, ব্রহ্মেতি> ব্রহ্মতি> বাম্মতি> বারমতি। ধর্মের পূজা সম্মিলিতভাবে বারো-ইয়ারি পূজা। আবার ধর্মপূজার দ্বাদশবিধ নিয়ম হলো- ১] টীকাপাবন ২] পুষ্পপাবন ৩] অর্ঘ্যপাবন ৪] পঞ্চদেবতা পূজা ৫] স্নান ৬] মনুই ৭] সন্ধ্যা ৮] চনাপাবন ৯] নিয়মভাঙা ১০] ধর্মপূজা ১১] গামার কাটা এবং ১২] তাম্রধারণ।

বিবি নূর- হজরত মহম্মদের কন্যা ফাতেমা বিবি কে ফাতেমা জেহরা অর্থাৎ আলোক কন্যা বা Lady of light বলা হয়। নূর= আলোক। সুতরাং বিবি নূর= ফাতেমা বিবি।

ভেক- (সং)ভৈক্ষ্য> ভেক। ছদ্মবেশ অর্থে।

মলনা- (আরবি)মৌলানা> মলনা। অর্থ মহাপণ্ডিত বা প্রভু।

মহাঁমদ- আরবি শব্দ মহম্মদ= সবিশেষ প্রশংসিত, মুসলিমধর্ম প্রবর্তক।

মোল্লা- (আরবি)মল্লা> (তুর্কি)মোল্লা। মুসলমান পণ্ডিত বা পুরোহিত অর্থে।

যুতে- (সং)যুক্ত> যুতা> যুক্ত করে অর্থাৎ মালা।

শমন- ১] শমি+অন্। অর্থ শান্তীকরণ বা নিবর্তন।

২] ইং Summons. অর্থ আদালতে হাজির হওয়ার হুকুমনামা।

৩] শম+ণিচ্+অন্। অর্থ যমরাজ।

শমিবৃক্ষ- সংস্কৃত শব্দ। এর অর্থ শাঁইগাছ। বিজ্ঞানসম্মত নাম- Mimosa Suma.

সভে- (সং)সর্ব> (প্রাকৃত)সব্ব> (বাংলা)সব, সভ। সভ+এ= সভে। অথবা সব+হে= সভে। সকলে অর্থে।

সুন- (সং)শ্রু ধাতুর স্থানে প্রাকৃতে সুণ হয়। (সং)শৃণোতি উৎসজাত।

সুনহ- (সং)শৃণুথ> (প্রা)সুণহ> সুনহ। শোনো অর্থে।

সুন্নৎ- আরবি শব্দ। মুসলিম ও ইহুদি পুরুষদের ধর্মীয় সংস্কারবিশেষ।

সেক- ফারসি শব্দ শেখ অর্থে সম্মানিত ব্যক্তি।

স্বরূপ নারান- যিনি স্বয়ং নারায়ণ। স্বরূপ= সুন্দর, সদৃশ বা স্বয়ং।

হায়া বিবি- আদি মানবী(Eve)= হাওা।

হাজাম- (আরবি)হজজাম> হাজ্জাম> হাজাম। মুসলিম নাপিত বা ক্ষৌরকার, যিনি সুন্নৎ করেন।

চিত্রসূচি-

চিত্র সংখ্যা	পুথির পত্র সংখ্যা	বিষয়	পৃষ্ঠাঙ্ক
চিত্র- ১	বিশ্ব. ১২৯ সংখ্যক পুথি : ফোলিও ৭৮ক	কালজ্ঞাপক পুষ্পিকা	২৪
চিত্র- ২	বিশ্ব. ১২৯ সংখ্যক পুথি : ফোলিও ৪৮	ঋষি মার্কণ্ডের কুষ্ঠরোগমুক্তি	৫৫
চিত্র- ৩	বিশ্ব. ১২৯ সংখ্যক পুথি : ফোলিও ৬৩	রাজা হরিশ্চন্দ্রের উপাখ্যান	৫৬
চিত্র- ৪	বিশ্ব. ১২৯ সংখ্যক পুথি : ফোলিও ১ক	পাসানসিংহের সঙ্গে পাশা খেলায় ধর্মঠাকুরের জয়লাভ	৫৭
চিত্র- ৫	বিশ্ব. ১২৯ সংখ্যক পুথি : ফোলিও ৭২ক	সৃষ্টিপত্তন আখ্যান	২৩৩
চিত্র- ৬	বিশ্ব. ১২৯ সংখ্যক পুথি : ফোলিও ৪৩ক	শ্রীধর্মরাজের কৃপায় মৃত গাভিদের পুনর্জীবন লাভ	২৩৪
চিত্র- ৭	বিশ্ব. ১২৯ সংখ্যক পুথি : ফোলিও ৩৭	হিন্দু-মুসলমান জাতি সৃজন এবং হিন্দুকে পুরাণ ও যবনকে কোরান দান	২৩৫
চিত্র- ৮	বিশ্ব. ১২৯ সংখ্যক পুথি : ফোলিও ৬৬ক	জাজপুর আখ্যানের সমাপ্তিতে ভিন্ন রচনাকালের উল্লেখ	২৪২

আকরপঞ্জি-

সহায়ক গ্রন্থ [বাংলা]:

আহমদ, ওয়াকিল. *বাংলা সাহিত্য কোষ*(প্রাচীন ও মধ্যযুগ). আহমদ পাবলিশিং হাউস. ঢাকা. ফেব্রুয়ারি ২০১৫.

উল্লাহ্, রফিক. *হাদিস শরীফ.* হরফ প্রকাশনী. কোলকাতা. প্রথম প্রকাশ ফেব্রুয়ারি ১৯৭৯.

কয়াল, অক্ষয়কুমার(সম্পা.). *ধর্মমঙ্গল- রূপরাম চক্রবর্তী বিরচিত.* ভারবি. কোলকাতা. প্রথম প্রকাশ জুলাই ১৯৮৬.

কুণ্ডু, শ্রীসন্তোষ কুমার. *বাঙালী হিন্দু জাতি পরিচয়.* প্রেসিডেন্সী লাইব্রেরী. কলকাতা. প্রথম প্রকাশ আগস্ট ২০০৮.

ঘোষ, বিনয়. *পশ্চিমবঙ্গের সংস্কৃতি.* পুস্তক প্রকাশ. কোলকাতা. প্রথম প্রকাশ জানুয়ারি ১৯৫৭.

চট্টোপাধ্যায়, ভক্তিমাধব(সম্পা.). *শূন্যপুরাণ.* ফার্মা কে. এল. এম. কলকাতা. ১৯৭৭.

দত্ত, অক্ষয়কুমার. *ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়.* কলকাতা. ১ম ভাগ ১৮৭০.

দত্ত, অক্ষয়কুমার. *ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়.* কলকাতা. ২য় ভাগ ১৮৮৩.

দত্ত চট্টোপাধ্যায়, সুমনা. *পূর্ব ভারতের পটচিত্র.* লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র. সেপ্টেম্বর ২০১০.

দাশগুপ্ত, শ্রীশশিভূষণ. *বাঙলা সাহিত্যের পটভূমিরূপে কয়েকটি ধর্মসাধনা. বাঙলা-সাহিত্যে গুহ্যসাধনার ধারা.* গোপীমোহন সিংহরায় অনূদিত. ভারবি. কলকাতা. প্রথম প্রকাশ অক্টোবর ১৯৯৬.

বন্দ্যোপাধ্যায়, অসিতকুমার. *বাংলা সাহিত্যের ইতিবৃত্ত.* তৃতীয় খণ্ড:প্রথম পর্ব. মডার্ন বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড. তৃতীয় সংস্করণ. ১৯৯৩.

বন্দ্যোপাধ্যায়, অসিতকুমার. *বাংলা সাহিত্যের ইতিবৃত্ত.* তৃতীয় খণ্ড:দ্বিতীয় পর্ব. মডার্ন বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড. ২০১৩-২০১৪.

বন্দ্যোপাধ্যায়, শ্রীঅসিতকুমার. *ময়ূরভট্ট-ধর্মমঙ্গল*(ভূমিকা). অক্ষয়কুমার কয়াল ও চিত্রা দেব(সম্পা.). দুষ্প্রাপ্য গ্রন্থমালা(সিরিজঃ২). জি. ভরদ্বাজ অ্যান্ড কোং. কলিকাতা. প্রথম প্রকাশ ১৩৮১.

বন্দ্যোপাধ্যায়, চারুচন্দ্র(সম্পা.). *শূন্য-পুরাণ-শ্রীযুত রামাই পণ্ডিত বিরচিত.* বসুমতী প্রাচীন সাহিত্য প্রচার. কলকাতা. প্রথম প্রকাশ ১৩১৪বঙ্গাব্দ.

বন্দ্যোপাধ্যায়, রুমা. *মঙ্গলকাব্যে নিম্নবর্গের অবস্থান.* বঙ্গীয় সাহিত্য সংসদ. কলকাতা. প্রথম প্রকাশ ২০০৯.

বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত ননীগোপাল(সম্পা.). *ধর্মপূজা-বিধান:শ্রীরামাই পণ্ডিত বিরচিত.* সাহিত্য পরিষৎ গ্রন্থাবলী(সংখ্যা-৫৬). বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ. কলিকাতা, ১৩২৩.

বসু, গোপেন্দ্রকৃষ্ণ. *বাংলার লৌকিক দেবতা.* দে'জ পাবলিশিং. কলকাতা. ১৯৮৭.

বিশ্বাস, অচিন্ত্য. *লোকসংস্কৃতিবিদ্যা.* অঞ্জলি পাবলিশার্স. কলকাতা. আগস্ট ২০০৬.

বিশ্বাস, অচিন্ত্য(সম্পা.). *জগজ্জীবন ঘোষালের মনসামঙ্গল.* রত্নাবলী, কলকাতা. প্রথম প্রকাশ ফেব্রুয়ারি ২০১০.

ভট্টাচার্য, আনন্দ(সম্পা.). *শূন্যপুরাণ:শ্রীযুত রামাই পণ্ডিত বিরচিত.* কে পি বাগচী অ্যান্ড কোম্পানী. কলকাতা. প্রথম প্রকাশ ২০১৭.

ভট্টাচার্য, শ্রীআশুতোষ. *বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস.* এ. মুখার্জী অ্যান্ড কোং প্রা. লি. সপ্তর্ষি প্রকাশন. প্রথম যৌথ প্রকাশ মে ২০১৫.

মজুমদার, ভবেশ. *রাঢ়ের ধর্মঠাকুর ও ঘনরামের ধর্মমঙ্গল.* বঙ্গীয় সাহিত্য সংসদ. কলকাতা. প্রথম প্রকাশ ২০২০.

মণ্ডল, ইন্দুভূষণ. *বাংলা মঙ্গলকাব্যে লৌকিক উপাদান.* সাহিত্যলোক. কলকাতা. প্রথম প্রকাশ অক্টোবর ১৯৯৯.

মহাপাত্র, পীযূষকান্তি(সম্পা.). *ঘনরাম চক্রবর্তী বিরচিত শ্রীধর্মমঙ্গল.* কলিকাতা বিশ্ববিদ্যালয়. ১৯৬২.

মিত্র, অমলেন্দু. *রাঢ়ের সংস্কৃতি ও ধর্মঠাকুর.* সুবর্ণরেখা. ১৪০৭.

মুখোপাধ্যায়, অনিমা. *সপ্তদশ শতাব্দে রাঢ়-দেশের সমাজ ও সাহিত্য-সমীক্ষা.* বিশ্বভারতী. ১৯৭৪.

মুখোপাধ্যায়, প্রভাতকুমার. *বাংলায় ধর্মসাহিত্য(লৌকিক).* ডি. এম লাইব্রেরি. প্রথম প্রকাশ ১৩৮৮.

মুরশিদ, গোলাম. *হাজার বছরের বাঙালি সংস্কৃতি.* অবসর প্রকাশনা. ঢাকা. প্রথম প্রকাশ জানুয়ারি ২০০৬.

রায়, নীহাররঞ্জন. *বাঙ্গালীর ইতিহাস:আদি পর্ব.* পশ্চিমবঙ্গ নিরক্ষরতা দূরীকরণ সমিতি. কলকাতা. মাঘ ১৩৫৬.

শরীফ, আহমদ. *বাঙালী ও বাঙলা সাহিত্য*[প্রথম খণ্ড]. নয়া উদ্যোগ. কলকাতা. প্রথম ভারতীয় সংস্করণ ২০১৪.

সাহা, প্রভাতকুমার. *মধ্যযুগের ইতিহাসের সন্ধানে.* পুস্তক বিপণি. কলকাতা. প্রথম প্রকাশ ১৯৯৮.

সিংহ, মাণিকলাল. *রাঢ়ের জাতি ও কৃষ্টি(১).* বাঁকুড়া. প্রদীপকুমার সিংহ প্রকাশিত. প্রথম সংস্করণ ১৯৮২.

সেন, ক্ষিতিমোহন. *ভারতীয় মধ্যযুগে সাধনার ধারা.* বঙ্গীয় কলাকেন্দ্র. কলকাতা. প্রথম সংস্করণ ২০১০.

সেন, দীনেশচন্দ্র. *বঙ্গভাষা ও সাহিত্য*(প্রথম খণ্ড-৯ম সংস্করণ). অসিতকুমার বন্দ্যোপাধ্যায় সম্পাদিত. পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ. কলকাতা. আগস্ট ১৯৮৬.

সেন, সুকুমার. *বাঙ্গালা সাহিত্যের ইতিহাস*(২য় খণ্ড-সপ্তদশ থেকে অষ্টাদশ শতাব্দী). আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড. কলকাতা. প্রথম প্রকাশ ১৯৪০.

হালদার, গোপাল. *বাঙলা সাহিত্যের রূপরেখা*(১ম খণ্ড). অরুণা প্রকাশনী. কলকাতা. ১৪০৪.

<u>সহায়ক গ্রন্থ [ইংরেজি]:</u>

Das Gupta, Shashibhusan. *Obscure Religious Cults.* Firma KLM Private Limited. Calcutta. Reprint-1976.

Olivelle, Patrick(ED.). *DHARMA:Studies in its Semantic, Cultural and Religious History.* Motilal Banarsidass Publishers Private Limited. Delhi. First Enlarged Indian Edition-2009.

Sarkar, Jadunath. *The History of Bengal(Vol-I).* B.R.Publishing Corporation. New Delhi. 2003.

Sircar, D.C. *Studies in the Religious life of Ancient and Medieval India.* Motilal Banarasidas Pvt. Ltd. New Delhi. 2010.

Ward, W. *A View of the History, Literature and Religion of Hindoos(Vol-II).* 2nd Edition. 1815.

অভিধান ও কোষগ্রন্থঃ

বন্দ্যোপাধ্যায়, হরিচরণ. *বঙ্গীয় শব্দকোষ(১).* সাহিত্য অকাদেমি. নতুন দিল্লি. অষ্টম মুদ্রণ. ২০১১.

বন্দ্যোপাধ্যায়, হরিচরণ. *বঙ্গীয় শব্দকোষ(২).* সাহিত্য অকাদেমি. নতুন দিল্লি. অষ্টম মুদ্রণ. ২০১১.

বিশ্বাস, শৈলেন্দ্র. *সংসদ বাংলা অভিধান(সুভাষ ভট্টাচার্য সম্পা.).* সাহিত্য সংসদ. কলকাতা. পঞ্চম সংস্করণ. ২০০৪.

মুখোপাধ্যায়, অশোক. *সংসদ সমার্থ শব্দকোষ.* সাহিত্য সংসদ. কলকাতা. তৃতীয় সংস্করণ. ২০১৮.

সেন, সুকুমার. *ব্যুৎপত্তি-সিদ্ধার্থ(বাংলা কোষ).* পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি. কলকাতা. ২০০৩.

হক, কাজী রফিকুল. *বাংলা ভাষায় আরবী ফারসী তুর্কী হিন্দী উর্দু শব্দের অভিধান.* বাংলা একাডেমী. ঢাকা. বাংলাদেশ. ২০০৭.

Banerjee, Gobindalal & Jitendra Banerjee. *Dictionary of Foreign Words in Bengali.* Calcutta University. 1968.

Chatterjee, Suniti kumar. *The origin & development of Bengali Language.* Rupa. Calcutta. 1986.

সাময়িক পত্র-পত্রিকা:

গুপ্ত, অম্বিকাচরণ. 'সহদেব চক্রবর্তীর ধর্মমঙ্গল'. সাহিত্য-পরিষৎ পত্রিকা (খণ্ড ১৩, অংশ ১). ১৩০৪.

বন্দ্যোপাধ্যায়, ননীগোপাল. 'ধর্মপূজা বিধি'. সাহিত্য-পরিষৎ পত্রিকা (খণ্ড ২১, অংশ ৩). ১৩২১.

বসু, নগেন্দ্রনাথ. 'শূন্যপুরাণ সম্বন্ধে মন্তব্য'. সাহিত্য-পরিষৎ পত্রিকা (খণ্ড ১৬, সংখ্যা ৪). ১৩১৬.

বসু, নগেন্দ্রনাথ. 'শূন্য-পুরাণ- মুখবন্ধ'. সাহিত্য-পরিষৎ পত্রিকা. কলকাতা. মাঘ ১৩১৪.

ভট্টাচার্য, তারকেশ্বর. 'প্রাচীন পুঁথির বিবরণ'. সাহিত্য-পরিষৎ পত্রিকা (অষ্টম বর্ষ, প্রথম সংখ্যা). ১৩০৮ বঙ্গাব্দ.

রায় বিদ্যানিধি, যোগেশচন্দ্র. 'শূন্যপুরাণ-১'. সাহিত্য-পরিষৎ পত্রিকা (খণ্ড ১৬, সংখ্যা ৪). ১৩১৬.

রায় বিদ্যানিধি, যোগেশচন্দ্র. 'ধর্মের গান কত কালের'. প্রবাসী. ভাদ্র ১৩৩৪.

রায় বিদ্যানিধি, যোগেশচন্দ্র. 'শূন্য-পুরাণ-২ (সংস্করণ-১). সাহিত্য-পরিষৎ পত্রিকা (৩৮ বর্ষ, ২য় সংখ্যা). ১৩৩৮.

শাস্ত্রী, হরপ্রসাদ. 'রমাই পণ্ডিতের ধর্মমঙ্গল'. সাহিত্য-পরিষৎ পত্রিকা (১ম সংখ্যা). ১৩০৪.

শাস্ত্রী, হরপ্রসাদ. 'বৌদ্ধধর্ম এখনও আছে'. নারায়ণ পত্রিকা. মাঘ ১৩২২.

সান্যাল, হিতেশরঞ্জন. 'রাঢ়ের ইতিহাস প্রসঙ্গে কয়েকটি কথা'. অনুষ্টুপ. ১৩৯৬.

সিদ্ধান্তভূষণ(বিদ্যাভূষণ), সতীশচন্দ্র. 'শূন্য-পুরাণ'. সাহিত্য পত্রিকা. ১৩২১.

সেন, দীনেশচন্দ্র. 'ধর্মমঙ্গল'. সাহিত্য-পরিষৎ পত্রিকা (খণ্ড ১৩, অংশ ১). ১৩১৩.

Sastri, Haraprasad. 'Discovery of the remnants of Buddhism in Bengal'. Proceedings of the Asiatic Society of Bengal. Kolkata. December 1894.

Sircar, Jawhar. 'The Construction of the Hindu Identity in Medieval Western Bengal? The Role of Popular Cults'. Occasional Paper. Institute of Development Studies. Kolkata. July 2005.